# 8i. Tarun Kanti Chosh:

আপ-ট্ৰ-ডেট।

# 8j. Benoy Krishna Chowdhury:

ঐ এরিয়া-তে কোন ল্যান্ড এ্যাকোয়ার করবার কনটেমণ্টেশন আছে কি?

8j. Tarun Kanti Chosh: I will read out a statement for the benefit of the honourable member that no land for the purpose of development of Durgapur has either been acquired or proposed to be acquired. But you know that we are going to set up a coke-oven plant in Durgapur area and that is why we shall require some land for that purpose.

# 8j. Benoy Krishna Chowdhury:

এই কোক ওভেন স্ল্যান্টএর পরিকল্পনা, এটা কি স্টেট গভর্নমেন্টএর, না সেন্ট্রাল গভর্নমেন্টএর?

- 81. Tarun Kanti Chosh: State Government.
- Si. Ganesh Chosh:

তা যদি হয় তাহ'লে তার জন্য কত জমি নেওয়া হবে এবং কত কৃষক উচ্ছেদ হবে?

### Si. Tarun Kanti Chosh:

জমি এখনও নেওয়া হয় নাই এবং কত কি হবে তা এখন বলা যায় না।

## Sj. Biren Banerjee:

একথা কি সত্য, সেখানে নোটিস জাতীয় কিছু দেওয়া হচ্ছে?

# 8j. Tarun Kanti Chosh:

কোন নোটিস দেওয়া হয় নাই, তবে একটা নোটিফিকেশন পার্বালশ করা হয়েছিল কোন কোন জায়গার জন্য। এখনও কোন ল্যান্ড নেওয়া হয় নাই।

### 8j. Biren Banerjee:

ঐ যে নোটিফিকেশন ইস, করা হয়েছিল, সেটা কত পরিমাণ জমির উপর?

### The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

তা সেকশন ৪-এ করা হয়েছে, অনেকের জানা আছে।

### Sj. Biren Banerjee:

কি পরিমাণ জমির উপর করা হয়েছে?

### 81. Tarun Kanti Chosh:

তা জানা নাই।

### Appointment of agents for supply of fertilizers

- 93. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—
  - (ক) এবছর সার সরবরাহের জন। পশ্চিমবঙ্গে কাহাকে নিয়ত্ত্ত করা হইয়াছে:
  - ইহা কি সত্য যে, এই বছর সার সরবরাহের বাবস্থা না থাকায় মফঃস্বলের বহু
     অঞ্চলে সার সরবরাহ হয় নাই;
  - (গ) এই বছর জলাই মাস পর্যকত কাঁথি মহকুমায় কি কি সার কি পরিমাণ সরবরাহ হইয়াছে; এবং
  - (ঘ) ১৯৫৪-৫৫ সালের জলাই মাস পর্যন্ত কাঁথি মহকুমায় কি কি সার কি পরিমাণ সরবরাহ হইয়াছিল?

# Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) (১) মেসার্স জার্ডিন হেন্ডারসন লিঃ. (২) মেসার্স শ ওয়ালেশ এন্ড কোঃ লিঃ. (৩) মেসার্স শিউবক্ষ সত্যনারায়ণ. (৪) মেসার্স বর্ধমান ডিম্ট্রিক্ট কো-অপারেটিভ মালটিপারপার সোসাইটি লিঃ. (৫) মেসার্স হ্রুগলী এগ্রিকালচার্যাল এসোসিয়েশন. (৬) মেসার্স ইউনাইটেভ্ সালারার্স।

#### (খ) না।

#### জ্বলাই মাস পর্যশত কাঁথি মহকুমার নিন্দালিখিত পরিমাণ সার পৌ ছিয়াছে :--

11 12 10 2			মণ।
অ্যমোনিয়াম সালফেট		•••	<b>२,</b> ১७०
মিশ্র সার			5,000
(ঘ) অ্যামোনিয়াম সালফেট	•••		१२४
স্কুপার ফসফেট	***		৩৬৭
মিশ্র সার			<b>२,</b> २89
2 to 2 50 n m T			

[3.40—3.50 p.m.]

### Si. Natendra Nath Das:

হাননীয় মন্ত্রীমহাশয় এই যে (ক) প্রশেনর উত্তরে বলেছেন, ৬টা ক্রোম্পানিকে সার সরবরাহ এজেন্সি দেওয়া হয়েছে, এটা কি পশ্চিমবাংলা **এলাকাকে ভাগ ক'রে করা হয়েছে, না ৬ জনকে** সব জায়গার এজেন্সি দেওয়া হয়েছে?

### The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

৬ জন সব জায়গাতেই করতে পারে; তার মধ্যে কোন কোন কোম্পানি বলেছে, আমরা খালি এক 👉 লোকালাইজড পেলসএ করব। যেমন বর্ধমানের যারা তারা বাংলাদেশের অন্য জায়গায় যায় না।

### 3]. Natendra Nath Das:

এই যে (গ) ও (ঘ) প্রশেনর উত্তর দিতে যে ফিগার দিয়েছেন, ১৯৫৪-৫৫ সালে মিশ্রসারের আর ১৯৫৫-৫৬ সালের, এই মিশ্রসারের পরিমাণ এত কম হল কেন তার কারণ বলতে পারেন?

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ফিগারগর্মাল আগস্ট মাস পর্যব্ত দেওয়া হয়েছে; তারপরে <mark>আরও পেণীছেচে।</mark>

### 3j. Balailal Das Mahapatra:

আর্পান যে ৬টা করেছেন তাঁদের এই বছর করেছেন?

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

হা, এই বছর।

### Sj. Balailal Das Mahapatra:

সাবের মধ্যে ভেজাল দেওয়া হয়েছে এরকম সংবাদ পেয়েছেন কি?

## The Hon'ble Dr. Raffuddin Ahmed:

ना।

### SJ. Balaila! Das Mahapatra:

এর পূর্বে যখন তালুকদার কোম্পানি ছিলেন—

### Mr. Speaker:

এখানে প্রশ্নের ভিতর কোথাও তাল্মকদার কোম্পানির নাম নাই, সে প্রশ্ন কেন?

### Sj. Balailal Das Mahapatra:

এই যে ৬টা কোম্পানিকে এ বছর নিষ্কু করা হয়েছে—এর পূর্বে কোন্ কোম্পানিকে দিয়েছেন।

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

নোটিস চাই : তার মধ্যে তাল কদার একজন ছিলেন, তারপরে বলতে পারি না।

### Sj. Balailai Das Mahapatra:

সারে ভেজাল থাকে কি না তা পরীক্ষা করা হয়?

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

আমাদের ডিপার্টমেন্টএ সমস্ত জায়গা থেকে স্যাম্পল নিয়ে টেস্ট ক'রে তবে ছাড়া হয়।

### Sj. Balailal Das Mahapatra:

আপনার কাছে কি অভিযোগ এসেছে যে, সারের মধ্যে ভেজাল দেওয়া হয়?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এ বছর আসে নি।

# 8j. Biren Banerjee:

এই যে সার সাম্পাই কোম্পানি ম্থির করা হয়, এ কি লোয়েস্ট টেন্ডার থেকে হয় ?

# The Hon'ble Dr. Raffuddin Ahmed:

হাঁ, লোয়েস্ট টেন্ডারএর উপর থেকেই হয়।

## Si. Biren Baneriee:

এ বছর তাল্যুকদার কোম্পানি দর্থাস্ত করেছিলেন কি?

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এ বছর করেন নি।

### Si. Biren Baneriee:

रमरे जान, कमात रकाम्भानित रवनाममात **এ** हे खे जत्नत मर्सा आरह कि ना वलरू भारतन कि ?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

না তা বলতে পারি না।

### Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি যে, তালকেদার কোম্পানি পূর্ব বংসরের সরকারের অনেক টাকা মেরেছে তার জন্য দেওয়া হয় নি।

### Mr. Speaker:

না, এ প্রশ্ন এ্যালাউ করা যায় না।

### S1. Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, ধঞে সারের জন্য জনসাধারণের পক্ষ থেকে দাবি এসেছে, কিন্ত তা সাপ্লাই করতে পারছেন না?

#### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

थए वीक श्रीक्रमवारनाय यरथणे श्रीत्रमार एउसा श्रीक वर वर वर कान थवर शाह नि যেখানে ধণ্ডে বীজ পায় নি।

### 81. Nalini Kanta Haldar:

একথা কি সত্য যে, বহু, জায়গায় চাষ শেষ হবার পর সার গিয়ে পেণছেছে?

### The Hon'ble Dr. Raffuddin Ahmed:

এটা সত্য নয়; তবে দু'-এক জায়গায় সার কিছু পরে গিয়েছিল আমাদের ট্রান্সপোর্ট এর অভাবে।

### Sj. Balailal Das Mahapatra:

भारतत कता रय **भग रम**छत्रा दश रमणे मार्जि फिरके पिरा आपात कता दत्त, धकथा कारतन कि?

Mr. Speaker:

আপনার প্রশ্নে সার্টিফিকেটএর কথা নাই। সার্টিফিকেট—এটা এগ্রিকালচারাল দুপার্টমেন্টএর নয়।

# Si. Sasabindu Bera:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, এখান থেকে সার সরবরাহ করার পূর্বে পরীক্ষা করা য়। এর পরে ডিলারএর কাছে পৌছাতে রেলে বা অনারকমে বহ্দেরে ভেজাল করা হয়; দ সম্বন্ধে কি চেক করার কিছ্ ব্যবস্থা আছে?

# Mr. Speaker:

এটা হাইপর্থেটিক্যাল—আপনি ধরে নিচ্ছেন—

Sj. Sasabindu Bera: How?

# Mr. Speaker:

আপুনি বলছেন ভেজাল করে, তাহ'লে তা জানেন। তা না হ'লে হাইপ্রথেটিক্যাল হয়ে গেল।

# The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমাদের এথান থেকে টেস্ট ক'রে পাঠানো হয়। তারপরে রাস্তায় যেতে বা অনা কোন জায়গায় যদি হয় তা বলতে পারি না, কেন না সর্বাচই যে ভাল লোক আছে তা নয়; দ্'-এক ছন হয়ও এরকম ক'রে থাকে, তবে থবর পেলে আমরা অন্সন্ধান করব।

Mr. Speaker: Questions over.

# Notice of adjournment motion

- Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg leave to move the following motion for adjournment of the House to discuss a matter of urgent public importance...
  - Mr. Speaker: What is your subject?
- Sj. Jnanendra Kumar Chaudhury: Famine condition prevailing in various unions of Dantan police-station (district Midnapore) ....
- Dr. Atindra Nath Bose: Sir, you did not announce that the questions were over.
  - Mr. Speaker: I did Perhaps you did not hear.
- Sj. Jnanendra Kumar Chaudhury: In Dantan there were deaths of three persons due to starvation. There was very scanty crop in 1361 B.S. and very insufficient rains this year. Famine conditions are prevailing in unions 1, 2, 5, 6, 15 of Dantan police-station. Sindhubala Jana (23) of village Kusturia (union No. 2) died of starvation on 26th Sraban 1362 B.S. Chandra Santhal of village Nagpara (union No. 6) and Bhuiya Kole of Sirin village (union No. 6) died recently of starvation.
- Mr. Speaker: I refused my consent to it because it was a continuous action, and there is no urgency.

We shall now take up the Sales Tax (Amendment) Bill.

### **COVERNMENT BILL**

The Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I beg to move that the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Bill, 1955, as settled in the Assembly be passed.

# Sjkta. Manikuntala Sen:

দ্পীকারমহাশয়, প্রত্যেক সেসনএই আমাদের একটা আশঞ্চা হয় এবার জনতাকে পীড়ন করবার জন্য ডাঃ বিধানচন্দ্র রায় কোন নৃত্যন পশ্ধতি আবিজ্কার করবেন! সেদিক থেকে এবারকার সেসন স্মরণীয় হয়ে থাকবে। ইতিমধ্যে দৃ্' কোটি দশ লক্ষ টাকা জনগণকে শোষণ করবার জন্য ব্যবস্থা করেছেন চায়ের উপর ও ফলের উপর টাায় বসিয়ে; আরও প্রায় ১৬ লক্ষ টাকা তোলবার বন্দোবস্ত হচ্ছে চিনির উপর টাায় বসিয়ে। এই টাায় বসিয়ে; জনতাকে শোষণ করবার যে বন্দোবস্ত করলেন তার জন্যই এই সেসনটা স্মরণীয় থাকবে। সংগ সংগে আন্দে পাশের আবহাওয়ার চেহারাটাও তুলে ধরা দরকার। কারণ দৃ্টাের সংগে সংখ্যা আছে। এবং সেটা হচ্ছে সংগে সংগে প্র্লিসের ব্যবস্থা বেশি কড়াকড়ি ক'রে তোলা। সিকিউরিটি এ্যায়এর মেয়াদ বাড়িয়েছেন, তা ছাড়া স্পেশাল পর্লিস এাায় পাশ ক'রে এমন কি মীরাদিকে পর্যন্ত প্র্লিস বানিয়ে ছেড়েছেন। এইরকম ক'রে যথন তখন যাকে তাকে খ্রিশ প্র্লিস করবার ক্ষমতা নিয়ে যে লোককে পীড়ন করবার ব্যবস্থা করছেন সেইটের প্রতিও আপনার দৃ্ছি আকর্ষণ করিছি। কারণ, একদিক থেকে মানুষকে যদি শোষণ করা হয় তাহ'লে সে শোষণের প্রতিবাদ উঠবে, এটা ধ'রে নেওয়া যায়; তারজনাই নিপীড়নের বন্দোবস্ততাও পাশাপাশি ক'রে রাখছেন, বাতে শোষণের পথ অব্যাহত থাকে।

এখন এই চিনির সংকটে আমরা একট্ব বিশেষভাবেই উদ্বেগ বোধ করছি। চিনির দাম এখনি তের আনা। দোকানদাররা বলছে টাক্স বসালে চোন্দ আনা ত হবেই তার চেয়ে আরও বেশিও হতে পারে। এবং হওয়াই সম্ভব। বলা হচ্ছে যে, এগাট দি সোর্স টাক্স বসাবেন। হয়ত সের প্রতি তিন পয়সা বসাবেন, কিন্তু দোকানের খবর ইতিমধ্যেই চিনি চোন্দ আনা হয়েছে অর্থাৎ তিন পয়সা টাক্সের সংগ্য আরও এক পয়সা বেশি বেড়েছে।

[3-50—4 p.m.]

সন্তরাং চিনির দাম চোদ্দ আনারও বেশি হ'তে পারে এইরকম আশৃৎকা রয়েছে। মুখ্যমন্দ্রী গতকাল বলেছিলেন যে, চিনির টাক্স নিয়ে ভাবনা নেই, কারণ এটা ত সাধারণ লোকে বাবহার করে না, সাধারণ লোক বাবহার করে গ্রুড়। মিঠাইওয়ালারাই বেশির ভাগ চিনি বাবহার করে, তাই তাদেরই টাক্সটা দিতে হবে। মিঠাইয়ের উপর টাক্সত বসানোই আছে। আবাব যদি চিনির উপর বসানো হয় তাহ'লে সেটিও আবার পরোক্ষভাবে জনসাধারণের উপরেই আসবে। কিন্তু সেকথা না হয় বাদ দিছি। কিন্তু আমি বলতে চাই যে, চিনি শুধু মিঠাইওয়ালারাই বাবহার করে না, সাধারণে ঘরেও চিনি বাবহার করে। যারা চিনি বাবহার করে তাদের মধ্যে একটা বড় অংশ নিন্দ মধ্যবিত্ত, মধ্যবিত্ত এইসব লোক আছেন। ডান্তার হিসাবে মুখ্যমন্দ্রী নিজেও জানেন যে, শিশ্র খাদোর জনা চিনির প্রয়োজন এবং রোগাঁর জনাও চিনিটার বিশেষ প্রয়োজন রয়েছে। শিশ্ব এবং রোগাঁদের জন্য যে জিনিস অনিবার্যভাবে দরকার হয় সেই জিনিসের উপর ট্যাক্সটা ইচ্ছা করলেই তিনি বাদ দিতে পারেন। এমন কিছ্ব বেশি টাকা এ থেকে আসবে না। মাত্র দশ লক্ষ টাকা উনি সংগ্রহ করতে পারবেন। এই টাকা চিনির উপর ট্যাক্স বিসয়ে না নিলেই কি তাঁর আর চলছিল না? এমন কি অবস্থা পশ্চিমবাংলায় হয়েছে যার কেন। উনি সামান্য চিনির উপরও ট্যাক্স ধার্য করছেন? এটা উনি আর একবার ভেবে দেখনে।

তারপর উনি বলছেন যে, টাাক্স এটি দি সোর্স করা হয়েছে। স্তুরাং অত ভাববার দরকার কি, সাধারণ মান্ধকে ত আর বহন করতে হবে না। আগেই বলেছি, আজকেই দোকানদারেরা বললো চিনির দাম তের আনা থেকে চোম্দ আনা বাড়বে। কাজেই চিনির উপর টাাক্স করলে চায়ের দামই বেড়ে যাবে। কাজেই তিনি যা বলেন সেটা ওঁর স্বিধার জনাই বলেন। তিনিও জানেন যে, সেই টাাক্স জনতাকেই বহন করতে হবে। ছেলেমান্ধদের মত আমাদের ভুল বোঝাবার চেণ্টা উনি যেন না করেন। কারণ যেভাবে টাক্স করা হচ্ছে তাতে গরীব মান্ধদেরই সেই টাক্স বহন করতে হবে। জনতাকে ভাঁওতা দেবার চেণ্টা না করাই ভাল। জনতা এত ছেলেমান্য নয় যে উনি তাদের ভুল বোঝাবেন। উনি বললেন যে, বিরোধী পক্ষ থেকেই এটাট দি সোর্স টাক্স করার জন্য বলা হয়, আর এখন যখন সেটা করা হচ্ছে তারাই আবার বিরোধিতা করছে। এটি দি সোর্স করছেন ভাল কথা, কিম্ত জনতাকে কি প্রোটেকশন দিক্ষেন? উনি

কি বলবেন যে বাজারে কেউ বার আনার বেশি চিনি বিক্তি করতে পারবে না, তা তিনি বলবেন না। চোম্প আনা, সাড়ে চোম্প আনা কিম্বা তার চেয়েও চিনির দাম বেশি হ'তে পারে। সেটা কম্ম করার জন্য সেখানে কোন প্রোটেকশন নেই। কাজেই এ্যাট দি সোর্সা করার যে স্ফল সেটা জনতা তো পাবে না। আর একবার উনি এই বিষয়টা ভেবে দেখবার চেণ্টা কর্ন এবং এটা তুলে নেবার চেণ্টা কর্ন। আর তা না হ'লে উনি বল্ন যে গরীব মান্যদের মারা ছাড়া আর অনা কোন পথ ওঁরা দেখছেন না।

মান ষের সামান্য একটা পানীয় চা: চিনির দাম বাড়ার জন্য সে চায়ের দামটাও আরও বাডবে। ফলের ট্যাক্স করেছেন, চায়ের উপর ট্যাক্স করেছেন এখন চিনির দামটাও বাডাচ্ছেন। গরীব মান্যদের উপর টাক্সের বোঝা আরও বাড়াচ্ছেন এবং সাধারণ মান্য, গরীব মান্টের কাছ থেকে টাকা এইভাবেই সংগ্রহ করা হচ্ছে। উনি হয়ত বলবেন ডেভেলপমেন্টএর জন্য যদি টাকা তলতে হয় তাহ'লে ট্যাক্স বসিয়েই তা নিতে হবে। আমরা বরাবরই এবং আগেও অলটার-নেটিভ পথের কথা বলেছি। উনি বলেন গঠনমূলক, কনম্ট্রাকটিভ ক্রিটিসিজম যদি করা হয় তাহ লে নিশ্চয় উনি খাশি হবেন। আমরা জানি না, কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম আরু কাকে বলে। আমরা নিশ্চয় দেখাতে পারি, এই দশ লক্ষা টাকা তোলধার জনা চিনির উপর টার্ক্স বাডাবার দবকার হয় না। আমরা দেখিয়ে দিতে পারি টাকা কোথায় আছে এবং বহুপ্রেই এই আইন-সভাতেই তা দেখিয়েও দিয়েছি। সেটা যদি কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম না হয়, আমরা জানি না কনম্টাক্তিভ ক্রিটিসিজম আর কাকে বলে। উনি খোলাখালিই বলান যে, গরীবদের মেরেই এটা ওঁকে করতে হবে, অনা কারও গায়ে হাত দিতে পারবেন না। সোজাসাজি বললে আমরা ব্রুত পাবি উনি যেন ধাম্পা দিতে চেণ্টা না করেন। আজ দেখিয়ে দিতে চাই, স্পীকারমহাশয়, টাকা কোথায় আছে। দশ লক্ষ্ণ টাক মাত্র উনি চিনির উপর থেকে তুলতে পারবেন। যাত্রা টাক্স ফাঁকি দেয় সেই সমসত ফাঁকি বন্ধ করতে পারলে উনি তা থেকে ১০ থেকে ১৬ লক্ষ্ণ টাকা পর্যন্ত পেতে পারেন। আবও বলা যায়, যেখানে টাকার কনসেনট্রেশন হচ্ছে সেখান থেকেও সংগ্রহ করতে পারেন। সেখানে কনসেনট্রেশন যে হয়েছে সেকথা অস্কীকার করবার উপায় নেই। টাব্রেশন এনকোয়ারি কমিটির রিপোর্ট'এই তা পাওয়া যায়। যদিও ট্যাক্সেশন এনকোয়ারি কমিটির যে রিপোর্ট তার আমরা নিশ্চয় বিরোধিতা করি, তার সঞ্গে একমত নই, কিন্তু সেই ট্যাক্সেশন এনকোয়ারি কমিটিও একটা কথা বলেছেন—"দি রিচ হ্যাজ বিকাম রিচার এয়া-ড দি প্রয়োব হ্যাজ বিকাম প্রয়োরার" একথা টাাক্সেশন এনকোয়ারি কমিটিকেও বলতে হয়েছে। স,তরাং টাকার কনসেনট্রেশন অত্যন্ত সত্য ঘটনা এবং সেই সত্যটাকে আমি ফ্যাক্ট্রস দিয়েই দেখাচ্ছি। ১৯৫০-৫১ সালে যারা ইনকাম ট্যাক্স দিত-পাঁচ হাজার টাকার ইনকাম গ্রুপ যাবা-ইনকাম ট্যাক্স দিও, তাদের সংখ্যা ২ লক্ষ ৩৬ হাজার ৮ শোছিল। ১৯৫৩-৫৪ সালে তার সংখ্যা কমে গিয়ে হল ১ লক্ষ ৫৭ হাজার ৬১৯ এবং তাদের মোট বাংসারক আয় ৬৩ কোটি ১৮ লক্ষ টাকা। দেখন কনসেনট্রেশন কিভাবে হচ্ছে। ১ লক্ষ এবং তার উপর যাদের ইনকাম তাদের মধ্যে যারা টাক্স দের তাদের সংখ্যা ১৯৫০-৫১ সালে ৪ হাজার ২ শো. ১৯৫৩-৫৪ সালে সেই সংখ্যা বেড়ে ৪,৯৫৫ হয়েছে এবং মাত্র এই ক'তি লোকের আয় হচ্ছে বাংসরিক ২৬৭ কোটি ৫৮ লক্ষ টাকা। স্তরাং দেখুন ট্যাঞ্জেশন এনকোয়ারি কমিটি যে কথা বলেছেন-দি রিচ হ্যাঞ্জ বিকাম রিচাব এয়াও দি প্রোর হ্যাজ বিকাম প্রয়োরার এটা সতা। ইনকাম টাক্স যেথানে জমা পড়ে সেথানকার হিসাব করে দেখনে, সেখান থেকে ব্যাপারটা আরও পরিজ্কার হয়ে যাচ্ছে যে, জাতীয় আয়ের যা হার তা এক নিক থেকে ক্রমশঃ চলৈ যাচ্ছে আর একদিকে সেটা ক্রমশঃ পাহাড় হচ্ছে। এই হিসাবে যদি ভাতীয় আয় বাড়ে তাহ'লে তা থেকে ঠিকভাবে জাতীয় আয়ের রূপ বোঝা যায় না। সন্ততঃ সাধারণ মান্যের আয় বাড়ে নি. এইট্কু স্বীকার করা উচিত। সঙ্গে সঙ্গে একটা কংক্রিট উদাহরণ দেওয়া যায়। যেমন গত চার বছরে একমাত্র ইঞ্জিনিয়ারিং শিলেপর ইন্ডাম্ট্রিয়ালিস্টদের গত চার বছরের প্রফিট হয়েছে ১৪ কোটি টাকা। টাকার জন্য মুখামন্ত্রী সেখানে হাত দিতে পারেন না? এই সমস্ত জায়গায় যে বিরাট কনসেনট্রেশন হচ্ছে তা থেকে টাকা সংগ্রহ কেন করেন না? প্রফিট সিলিং করলে সেখান থেকে নিশ্চয়ই টাকা আদায় হতে পারে। চিনির উপর টাক্স বসিয়ে নিচ্ছেন মাত্র ১০ লক্ষ্ণ টাকা। এই টাকা যাদের ঘর থেকে নিচ্ছেন তাদের মেরেই নিচ্ছেন। অথচ এর চেয়ে

তের বেশি টাকা উনি পেতে পারেন প্রফিটএর উপর সিলিং ক'রে. একসেস প্রফিট যারা করে তাদের উপর টাাক্স বিসরে, টাাক্স যা ফাঁকি দেয় তা বন্ধ করলে পরে। স্ত্তরাং কেবল গরীবের উপর টাাক্স বসানোর পথেই টাকা পাওয়া যায় একথা যেন তিনি না বলেন। অলটারনিটিভ পথ নিশ্চয়ই আছে, দে পথ আমরা বহুবার দেখিয়েছি কিন্তু তাতে ডাঃ রায়ের অস্বিধা হয়, ওঁর সেকথা পছন্দ হয় না এবং উত্তর দেবার সময় তার ধারপাশ দিয়েও উনি যান না। বির্ম্প পক্ষ থেকে অনেক কথাই বলা হয় কিন্তু অস্বিধা ব্রুলে তিনি তার জ্বাবও দেন না। আমরা প্রশন করবো এই যে টাাক্সেশন, যাদের উপর বসানো হচ্ছে স্বিদিক থেকে, নীতির দিক থেকে, অর্থ নীতির দিক থেকে, তাদের রক্ষা করার দায়িয় ওঁদের 'রয়েছে কি না। তিনি জ্বাব দিন আমাদের কাছে কি কারণে গরীবের উপর টাাক্স বসাচ্ছেন। সামান্য চিনির উপর উনি টাাক্স করছেন কিন্তু একসেস প্রফিট ছেড়ে দিছেন। সেখান থেকে ডেভেলপমেন্টএর জন্য টাকা তিনি নিতে পারছেন না কেন? আমাদের তরফ থেকে আমরা বলেছিলাম—মেডিসিনএর উপর থেকে ট্যাক্স ছেড়েদিন, টেকন্ট ব্রুকএর উপর ট্যাক্স ছেড়ে দিন। প্রত্যেকবার বাজেটএর সময় তিনি বলেন, ভেবে দেখবা, কিন্তু তা আজও হ'ল না। ওঁর কথায় বিশ্বাস কি? তিনি এখনও ভেবে দেখছেন, এদিকে গরীব বাপেরা ট্যাক্স দিয়ে যাছেন।

ঔষধের উপর, কোন বইয়ের উপর সেলস্ ট্যাক্স থাকাটা যে অন্চিত এতে ভাববার কি আছে? তিনি সোনার উপর ট্যাক্স বসাচ্ছেন। গ্রঁরা বলছেন. এতে দেশের গরীব মান্য, সাধারণ মান্যের উপর চাপ পড়বে না। কিন্তু একটা জিনিস লক্ষ্য করা উচিত ছিল, সেটা মধ্যবিও গৃহস্থের কথা। এ'রা কেউ বিলাতের দেশের লোক নন, বাংলাদেশেরই মান্য, বাংলাদেশের সমাজবাবস্থা এ'দের জানার কথা। আপনারা জানেন, মধ্যবিত্ত গরীব বাপের মেয়ে বিয়ে দিতে কিছু সোনা দিতে হয়। তাদের যে সোনা কিনতে হবে তাতে আগে যে দাম ছিল ভরি প্রতি তার চেয়ে ৩৮০ বেশি দিতে হবে। কাজেই সেই গ্রীবই উৎপীড়িত হবে। সেজন্য মুখামন্টাকে সমরণ করিয়ে দিই হয়ত ভোটএর জোরে এই বিল পাস করিয়ে নেবেন, কিন্তু তাঁকে শেষবারের মত সমরণ করিয়ে দিই যে শৃভবৃশ্ধি উদয় হওয়াতে তিনি দেশলাই প্রভৃতির উপর ট্যাক্স ছেড়ে দিয়েছেন সেই শৃভবৃশ্ধির থেকে তিনি চিনির উপরও কর বসানোর চেটা ছেড়ে দিন। যা করতে চাচ্ছেন তাতে গ্রঁর এমন কিছু আয় হবে না কিন্তু সাধারণ মান্য, গরীব মান্য উৎপীড়িত হবে। সেজন্য এই শেষ মৃহ্তেও এটা ছেড়ে দিন। একদিকে ট্যাক্স চালানো এবং অন্য দিকে প্রিসী পীড়নের ব্যবস্থা—এই দুই দণ্ড নিয়ে আর বেশিদ্ব যেন অগ্রসর না হন।

[4-4-10 p.m.]

# 8J. Haripada Chatterjee:

সভাপালমহাশয়, আমাদের প্রধানমন্ত্রী মহাশয় কি ক'রে সেলস ট্যাক্স বেশি পাবেন তা ভাল ক'রে আলোচনা করতে বলেছেন। এখানে তাঁকে ট্যাক্সএর খবর দিতে পারলে ভাল ক'রে প্রেক্তার দেবেন বলেছেন। আমি সেই কাজই করছি। কিন্তু উনি যা করছেন তাতে কিছ্ই লাভ হবে না বরং দরিদ্র লোকদের উৎপীড়ন বাড়বে। এটা তিনি সজ্ঞানে করছেন কি অজ্ঞানে করছেন জানি না, কিন্তু উনি যা করছেন তাতে এটাই ব্রুবছি যে, তিনি দরিদ্রদের বিরুম্ধাচরণ করছেন এবং বড় লোকদের পক্ষে কাজ করছেন। আমি এখানে তাই দেখাবো, আমার যদি ভূল হয় তিনি যেন সংশোধন ক'রে দেন। আমি প্রথমেই সেই সোনার উপর ব্লিয়ন এ্যান্ড দেপসিএর উপর যে ট্যাক্স সেম্বর্গেধ বলবো—সেখানে দেখা যাবে কি হচ্ছে? তার ফল কি হবে? যদি ১০০ টাকার সোনা কেউ কেনে তাহ'লে ৪॥১০ তাকে বেশি দিতে হবে (শ্রীকালী মুখার্জিঃ কোথায় পেলেন, এটা বিলএর মধ্যে নাই।)। টাকায় তিন পয়সা হ'লে ১০০ টাকায় ৪॥১০ আনাই হয়: যে কোন তৃতীয় শ্রেণীর ছাত্র এটা অৎক ক'রে বের ক'রে দিতে পারে। আছ্য়ে, অন্য প্রদেশে সোনার উপর কি টাক্স আছে সেটা ভাল ক'রে দেখা যাক। অদেশ্র হয়েছে ওয়ান-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট অর্থাৎ ১০০ টাকায় চার আনা। উড়িয়ায় কোন ট্যাক্স নেই. আসামেও কোন ট্যাক্স নেই। বিহারে টাকায় এক পয়সা অর্থাৎ ১০০ টাকায় ১॥০০। ব্যান্বেতে দেখতে গ্রাক্স-ফোর্থ অফ ওয়ান-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট সেলস ট্যাক্সএর, জেনারেল ট্যাক্সএর ওয়ান-ফোর্থ অফ

ক্ষান পারসেন্ট অর্থাৎ ১০০ টাকায় মোট আট আনা। বোন্বেতে দই, রকমই আছে অর্থাৎ रमन्त्र ग्रां**स** ७ शातरुक ग्रांस। मानारक मान्गि-शरतन्ते रमन्त्र ग्रांस वार्ष, किन्यु रमकमन ৫(আই ডি) রেড উইথ সেকশন ৩ সোনার উপর সিঞ্চল পরেন্ট ট্যাক্স ওয়ান-ফোর্থ অফ ওয়ান পারসেন্ট অফ দি টার্ন ওভার এয়াট দ্যাট পরেন্ট অর্থাৎ ১০০ টাকায় মোট চার আনা। मुख्दाः इत्व कि वेष्टलाकता स्माना जना असम ध्याक जानत्व. जास्तर कान जमाविधा इत्व না কারণ তারা উড়িষা। ও আসাম কিংবা মাদ্রাজ বা বোম্বাই থেকে সোনা কিনে নিয়ে অসবে। কিন্তু মুন্স্কিল হবে এখানকার জনসাধারণ সকলের—দরিদ্র বাংগালী, মধ্যবিত্ত বাংগালী এদের। তাদের একটা গহনা গড়াতে গেলেই এটা লাগবে। তাদের ১০০ টাকার সোনা কিনতে গেলেই ৪॥४० আনা দিতে হবে। কন্যাদায় যে কি দায় প্রধানমন্ত্রীর তা জানা নেই, কারণ তাঁর ও বালাই নেই। 'হাসা। মধ্যবিত্ত দরিদ্র বাজ্গালী এমন কেউ নেই যাকে মেয়ের বিয়ে দেবার সময় এক-আধখান গহনা না গড়াতে হয়। তাদের মেরে কটা টাকাই বা পাবেন। বহু দরিদ্র লোক বাংলাদেশে গহনা গাঁডয়ে রুজি করে, মাঝের থেকে তাদের বেকার করবেন। যত আক্রোশ প্রধানমূলীর দরিদ বাজালীর উপর! তাঁকে সংঘ্রন্তি দিচ্ছি-এসব না করে সেলস টাাব্র ফাঁকি দেবার যেসব লুপ্রোল আছে সেগুলিকে বন্ধ করুন। এই ছিদ্র বন্ধ করতে পারলেই সেলস টাাক্সএর আদায় বহু গুণ বেড়ে যাবে। বড় বড় অবাঙ্গালী ব্যবসাদাররা কিভাবে সেলস ট্যাক্স ফার্কি দিচ্ছে তার কথা বহুবার এখানে বলেছি। অসাধ্ কর্মচারীরা তাদের এই কার্যে সাহায্য কবছেন। যেসব ধনী ব্যবসাদারর। এখানে লক্ষ লক্ষ টাকার ফলস ডিক্রারেশন ফর্ম দিয়ে ট্যান্ত্র ফুর্টিক দিচ্ছে তাদের সঙ্গে যোগ রয়েছে কার? এই সমস্ত কর্মচারীর। আমি দুটো ঘটনার কথা বর্লাছ। জেনেশনে এই সমসত কর্মচারীকে মাফ ক'রে দেওয়া হচ্ছে। এই সমসত কর্মাচাবীর যোগসাজনে ফলস ডিক্লারেশন ফর্ম বিক্রি হচ্ছে। এইখানেও বাংগালী অবাংগালীর পার্থক্য করা হচ্চে। অবাজ্যালী ধনী বাবসাদারদের ফাঁকি দেওয়ার কাজে সাহায্য করা হয়, আর নির্দোষ্য বাজ্গালী বাবসাদারদেব অযথা হয়রানী করা হয়। সম্প্রতি একটা কেস হয়েছে। এড়েণ্ট দেটার্সা লিঃ-এর মালিক একজন বাঙ্গালী-মিঃ মুখার্জি-তাকে ৪০,৪৯০৮০ ট্যাক্স ধবেছেন, কাবণ তার কাছ থেকে ডিক্রারেশন ফর্ম দিয়ে রেজিস্টার্ড ডিলাররা মাল নিয়ে গিয়েছে, এখন দেখা যাছে এইসব ডিলারদের অস্তিত্ব নেই। এখানে নাম করে দিতে পারি অবাণ্গালীরাই এইভাবে নিয়ে গিয়েছে। বাস্লেও প্রভৃতি তারা গভর্নমেন্টএর ডিক্লারেশন ফর্ম, অফিসিয়াল সিল কমিশনার্স সিগনেচার প্রভৃতি দিয়ে তারপর মাল নিয়ে গেছে। অথচ এখন তারা হাওয়া হযে গেছে, অর্থাৎ ভাবা গণেশ উল্টেছেন। অপরাধ করেছেন কে? যারা জেনইন ডিক্রারেশন কর্ম দিয়ে মাল নিয়ে গেল গভর্নমেন্টএর ডিক্লারেশন কর্ম তাদের দায়ী না ক'রে এখন এই वाश्वाली मार्वानमातरक मार्यी कता २ एक रकन? आश्वनातार यामत्र छिक्रारतभन कर्मा मिरसएकन তাদের দায়ী ক'রে তাদের কাছ থেকেই ট্যাক্স আদায় করনে। তা না ক'রে সেখানে সেই বাঙ্গালী ভদুলোক যার এজেন্ট স্টোর্স লিঃ, তাকে দায়ী করছেন এই ৪০,৪৯০৮ আনার জন্য। অন্য ক্ষেত্রে দেখন, কোশোরাম কটন মিলস, ওরিয়েন্টাল পেপার মিলস এদের বেলায় কি হয়েছে। এন সি. বায় এদের কাছ থেকে কোটি টাকার সেলস ট্যাক্স আদায় করে দিতে পারতেন, কিন্তু তা ত তাঁকে কবতে দেওয়া হ'লই না উপরন্ত এই অপরাধে তাঁর চাকরি গেল। ইনকাম ট্যাক্স এনকোয়ারি কমিটিএব কাছে যা প্রকাশ পেয়েছে তাতে দেখা গেছে এন, সি, রায় যে সেলস ট্যাক্স ধরেছিলেন তা ঠিক্মতই ধরেছিলেন। সাপ্রেশন অফ সেলস ব্যাপারেই যে পরিমাণ করা হয়েছে তাতে একটা ওরিয়েন্টাল পেপার মিলসএর ব্যাপারেই দেখতে পাচ্ছি যে, ২৭ লক্ষ টাকা ফাঁকি দিয়েছেন। বিড়লা ব্রাদার্স-এর কেশোরাম কটন মিলস ডিক্লারেশন ফর্ম দেখিয়ে এই লক্ষ লক্ষ টাকা ফর্টিক দিয়েছেন। যেসব রেজিস্টার্ড ডিলার্স এর কাছে এ'রা মাল বিক্রি দেখিয়েছেন তাদের খোঁজই পাওয়া গেল না। কিন্তু বড়ই আশ্চর্যের বিষয় এজনা কেশোরাম কটন মিলসএর কিছু হ'ল না। অর্থাৎ রাহ্মণ মাক্ডসা মারলে ধোকড় হয়, কিন্তু নাপিত মারলেই সাত মণ রসগোল্লা ধাওয়াতে হয় [হাস্য]। এখানেও যে সেই অবস্থা হচ্ছে। এখানেও বাণগালী অবাণগালীতে সেইরকম পার্থকা করা হচ্ছে। আগে সরকারি ডিক্লারেশন ফর্ম ছিল না, তথন ব্যবসাদাররা নজেরাই ডিক্লারেশন ফর্ম তৈরি কারে দিতেন। কেশোরাম কটন মিলস সে ভূয়ো ডিক্লারেশন মর্ম নিজেরাই তৈরি করে দেন নি তার প্রমাণ কি? অথচ কেশোরাম কটন মিলসএর এজন্য কছ্ই হ'ল না। যে সং কর্মচার্রা এ নিয়ে ঘাটাঘাটি করতে গেলেন তাঁর চাকুরি গেল। আর

এক্রেন্সি স্প্রেস লিঃ আপনাদের ইস্কৃড জেন্ইন ডিক্লারেশন ফর্ম দেখাছে, সেই ফর্ম দেবার দায়িত্ব আপনাদের। আপনারা যদি বাজে লোককে ফর্ম দেন আর সে যদি সেই ফর্ম ব্যবহার ক'রে মাল কিনে হাওয়া হয় তাহ'লে এজেন্সি স্টোস লিঃ-এর কেন অপরাধ হবে? বাঙ্গালী ব'লে বুঝি? আপনাদের কর্মচারীরা ঘ্স নিয়ে বাজে লোককে ডিক্লারেশন ফর্ম বিক্রি করছে তা ধরবার আপনাদের ক্ষমতা নেই, পীড়ন করছেন কেবল সং ব্যবসায়ীদের। আপনাদের অসাধ্ব কর্মচারীরা কি করছে শ্নন্ন।

[4-10-4-20 p.m.]

আমি বর্লাছ, কারো নাম করবো না, নাম এখানে আমার কাছে আছে। আমার বস্তুব্য কোন ব্যক্তি নিয়ে নয়। আমি প্রধানমন্ত্রীকে সাহায্য করতে চাই, কিন্তু তিনি এখন ফাইলএ মন দিয়েছেন তাতে কিছু নেই। আমার কথায় মন দিলে বেশি কাজ হবে। ওঁর বিডন স্ট্রিটএর कर्माार्भशाल छे। क अफिमात फिक्रारतमन कर्म विकि करत्र एक रत्मभिन्मविनि निर्ध वर्ला । বিক্রি করেছে, ধরা পড়েছে, হাতেপায়ে ধরেছে। তাকে বর্ধমান ট্রান্সফার করা হয়েছে। কোন অসাধ্য কর্মচারী যে সেলস ট্যাক্স ফাঁকি দেবার কাজে সাহায্য করেছে এবং তার নিজের ব্যক্তিগত লাভের জন্য কাজ করছে তাকে এগজেমপ্লারি পানিসমেন্ট দেবেন না কেন? আর একজন— শিয়ালদহ কমাসি য়াল ট্যাক্স অফিসার—তিনি, তাঁরও নাম এখানে আছে, হি হ্যাজ বিন ফোস্ড ট্র রিটায়ার, কারণ ডিক্লারেশন ফর্ম বিক্তি করেছেন। আমি বলি রাড্রের কল্যাণের জন্য তিনি এইসব বন্ধ কর্ন। তিনি এদের ছেডে দেবেন আর গ্রীব বাংগালী মধ্যবিত্ত বাংগালী তাদেব গায়ে হাত দেবেন। আর একটা কথা রেলওয়ে রিসিট সম্বন্ধে। ব্যাপারটা হচ্ছে যারা এখানে সব বড় বড় ব্যাবসাদার তারা অধিকাংশই অবাঙ্গালী। তারা সেলস ট্যাক্স বাঁচানোর জনা বলবেন —আমরা এত এত এই ২।৪।১০ লক্ষ টাকা এক্সপোর্ট করে দিয়েছি, একটা ফিকটিসাস রেলওয়ে রিসিট নাম্বার দিয়ে দেবেন। আইন অনুযায়ী এক্সপোর্ট এর উপর সেলস ট্যাক্স ধরতে পারেন না, কিন্তু সতাই সেটা এক্সপোর্ট হ'ল কি না সেটার খোঁজ করা দুরকার। সেটা সতি। **ठामान राम कि ना रम**ोत र्थांक इस मृ'-এक वहत भरत। रमरे रतमथरा तिमि नाम्वात मिरा খোঁজ নিলে কেরাণীবাব, তখন বলবেন, কোথায় সেটা আছে মশাই তার পাতা নেই। বাস, সেখানেই সব শেষ হয়ে গেল। এই ব্যাপার ঘটেছে এটা আগেও জানিয়েছি। এটা বন্ধ করতে পারছেন না কেন? অন্যান্য প্রভিন্সএ যা সেলস ট্যাক্স সম্বন্ধে আইন আছে আমাদের সেই অনুযায়ী করা দরকার। অন্যান্য প্রভিন্সএ, যেমন বন্দেব, সেখানে আমাদের মত সেলস ট্যাক্সএর হিসাবপত্র, ভাউচার, রিটার্ন এগর্মল কর্নাফডেনসিয়াল। যে আইন আছে তাতে এই হিসাব অন্য প্রদেশকে দেখানোর নয়, বন্দেবতে একটা প্রভাইসো আছে। আমরা অন্য প্রদেশকে হিসাব দিতে পারি না, সেন্টাল গভর্নমেন্টএর কাছে শুধ্ আমরা দিতে পারি। আর কাউকে দিতে পারবো না। কিন্তু বন্দেব সেকশন ৪২(৩)(সি) বন্দের, ১৯৫৩-তে বলছে—

"Nothing in this section shall apply to the disclosure of any particulars referred to in sub-section (1) to any authority acting in exercise of the powers conferred on it by any law of the State imposing a tax on the sale or purchase of goods while it is necessary to disclose the same to such authority for the progress of the State law."

তার মানে আমরা যদি অর্থাৎ বাংলা যদি জানতে চায় বন্বেএর কাছে—দেখ. এই লোকটা তোমার ওখানে ৪ লক্ষ টাকার জিনিস পাঠিয়েছে বিক্রির জন্য সেটা সত্যি কি? বন্বেএর পক্ষে আমাদের তা জানাতে ল-তে বাধা নেই। অথচ আমাদের আছে। বন্বে যদি আমাদের ঐরকম জানতে চায়, তাহ'লে আমরা তাদের জানাতে পারবো না। তখন আমরাই বা কি করে আশা করি বন্বে আমাদের জানাবে? আমাদের যেমন ওরিয়েনটাল পেপার মিলস, যারা ট্যাক্স ফাঁকি দিল, সে আমাদের বলল—"আমরা উড়িয়াতে বিক্রি করি"। উড়িয়াকে বলল, "আমরা বাংলায় বিক্রি করি"। জানতে চাইল বাংলায় ওরিক্লেন্টাল পেপার মিলস কি বিক্রি করে? সেখানে আমরা বললাম, আমাদের ল-তে বাধা আছে, জানাতে পারবো না। স্তুরাং উড়িয়াকে যদি আমরা

্রিজ্ঞাসা করি তাদের ওখানে কি বিক্রি হ'ল তাই বা তারা আমাদের বলবে কেন? এখানে ওয়েস্ট বেণ্গল সেকশন ১৯-এ আছে—রিটার্নাস এটসেটরা ট্রাবি কর্নাফডেনসিয়াল। তারপর

"Nothing in this section shall apply to the disclosure for the purpose of prosecution of such acts to an officer of the Central Government as may be necessary for the purposes of enabling that Government to levy or realise any tax imposed by it."

এ ছাড়া স্চেট গভর্নমেন্টকে জানানোর কোন কথা নেই। আমরা এইভাবে বড়লোককে সাহায্য করি। বন্দেএর লোক যদি এথানে ৪ লক্ষ টাকার মাল বিক্তি করে আমরা তাদের বলবো না —এরকম সেকশন বদলানো উচিত। কেন বন্দেব জানতে চাইলে তাকে সাহায্য করবো না? এই এক্সপোর্ট ক্রজএর মধ্যে বহু লুপহোলস রয়েছে এবং এব থু দিয়ে বড় বড় অবাংগালী সেলস টাক্সে ফাঁকি দিতে পারবে। অন্য প্রদেশের সাহায্য আমাদের নিতে হবে, তাই আমাদের আইন বদলানো একান্ত দরকাব। সোর্সাএ টাক্সে ধারে বাবস্থা করা দরকার। সাবান, বনস্পতি, ও সিগারেট মাত্র তিনটি জিনিসে সোর্সাএ টাক্স ধারে এক কোটি টাকা টাক্সে বেড়েছে। কাপড়ের উপর সোর্সাএ টাক্স ধরা সন্বন্ধে উনি সেদিন যে কিসব বললেন তা আমরা ব্রুক্তে পাবলাম না। জিন বললেন কাপড়ের উপরে আমরা সোর্সাএ টাক্স ধবতাম। আমি বলেছিলাম যদি তা ধরতে পারেন অন্ততঃ ১।ও কোটি টাকা টাক্স পাবেন। উনি বললেন, আমি ধরতাম কিন্তু সেন্টাল গভর্নমেন্টকে লিখেছেন এবং কি তার জবাব ভারা দিয়েছেন স্বান্ধ টাক্স ত কাপড়ের উপর ধরাই আছে, এখন সেটা সোর্সাএ ধরবেন, এতে বাধা কি ত এসেনিস্যাল গ্রুস, ১৯৫২ এাক্টেএ কাপড়ের মধ্যে পড়েছে

hand woven handloom coarse and medium cotton cloth, fine cloth

পড়ে নি। কিন্তু কথা তা নয়। কাপডের উপর ত টাক্সে ধরাই রয়েছে, এখন সেটা তিনি সোস'এ ধব্বেন তা কেন পার্বেন না: Suggestio Falsi, suppressio veri কর্বেন না। goods declared essential for the life of the community

ব'লে পাল'মেন্ট যা ঘোষণা ক্রেছেন তার উপর ট্যাক্স ধরতে গেলে প্রেসিডেন্টএর অনুমতি নিতে হয়, যেটা আমি কনজিউমার গড়েসএর উপর ট্যাক্স ধরার সময় ঐ বিলএব থার্ড রিভিংএ বলেছিলাম। ফ্রেস এ্যান্ড ড্রায়েড ফ্রাটস এটা এর্সোন্সয়াল ক্মোডিটিজএর মধ্যে পড়েছে, ন্তন ক'রে সেখানে ট্যাক্স ধরতে গেলে প্রেসিডেন্টএর অনুমতি নিতেই হবে। একটা ছোট্র পাখী আমার কানে কানে বলেছে। উনি চেন্টাও ক্রেছিলেন কিন্তু সেখানে তাঁরা বৃদ্ধাৎগৃহ্ন্ট দেখিয়েভেন—

### The Hon'ble Dr. Bidhan Chandra Rov:

আপনার পাখী ভল বলেছে।

### 8j. Haripada Chatterjee:

আমার পাখী ভল বলে না।

# The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সেই পার্থার বর্লিতে ভুলবেন না।

### 8j. Haripada Chatterjee:

আমার পাখী ঠিকই বলেছে। ফ্রেস এটান্ড ড্রায়েড ফ্রন্ট্স এটা এসেন্সিয়াল কমোডিটিজ, তার উপর টাাক্স প্রেসিডেন্টএর অনুমতি না নিয়েই ধরলেন! এমন কি গঠনতলের ৩০৪(বি) ধারার বাধা পর্যনত মানলেন না। এখন মিডিয়াম ক্রথ অর কোর্সা ক্রথ, ফাইন ক্রথ এগ্রন্থির উপব ৬ টাাক্স ধরাই আছে, সোর্সা একই ট্রাক্স ধরতে কেন পারবেন না? আমরা বলছি, আপনি সেটা সোর্সা একরাই আছে, সোর্সাএ সেই ট্রাক্স ধরতে কেন পারবেন না? আমরা বলছি, আপনি সেটা সোর্সাএর ধর্ন। উনি দোহাই দিচ্ছেন সেন্টাল গভর্নমেন্টএর বাধার। একথা মোটেই বিশ্বাস্থোগ্য নয়। কি লেখালিখি হয়েছে তা আমাদের দেখান। কনজিউমার গ্রুডসএর উপর আইন করতে গিয়ে গঠনতন্তের ৩০৪(বি)তে প্রেসিডেন্টএর স্যাংশন আনতে গিয়ে তাড়া খেয়ে লিগ্যাল রিমেম-রান্সারএর পরামর্শমিত ৩০৪(এ) ধারায় ওটাকে ফেলে গভর্নরকে দিয়ে আইনটি বলবং ক'রে

নেবেন ভাবছেন, কিন্তু তা হবে না জানবেন, কোর্ট এ গেলেই এ আইন বাতিল হবে। ধাপা দিতে আর্পান ওস্তাদ। প্রেসিডেন্টকে এড়িয়ে গভর্নরকে দিয়ে কান্ধ সারবার তালে আছেন।

# The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এটাও কি পাখী ব'লে গিয়েছে নাক?

### Sj. Haripada Chatterjee:

হাাঁ, ব'লে গিয়েছে। ব্কস, পিরিয়ডিক্যালস, দেলট এগান্ড দেলট পেন্সিলসএর উপর আপনি সেলস ট্যাক্স ধরতে পারেন না, কিন্তু তাও ব্কসএর উপরে সেলস ট্যাক্স ধরেছেন। প্রেসিডেন্টএর সাংশন নেন নি, অথচ এগ্লি পার্লামেন্টএর ১৯৫২ এগ্রন্থ অনুযায়ী থিজ্ঞাস এসেন্সিয়াল ফর দি ক্যানিটি।

[4-20-4-30 p.m.]

আপনার যেখানে ইচ্ছা সেখানে যা খ্রিশ তাই করছেন এবং যেখানে ইচ্ছা নেই সেখানে কিছুই করছেন না। নানারকম অজ হাত দেখাচ্ছেন। মোটের উপর কথা হচ্ছে, আপনার টাক্স ফাঁকি দেবার সমস্ত লাপুরোল বন্ধ করন। আপুনি দেখান আমাদের বাংলাদেশে টার্ন ওভার হচ্ছে কিঞিৎ অধিক ৬০০ ক্রোরস, আর বন্দেবতে হচ্ছে কিণ্ডিং অধিক ৪০০ ক্রোরস এবং বন্দেব র্যাদ ১৬ কোটি টাকা সেলস ট্যাক্স আদায় করতে পারে, তাহ'লে আমরা সেই জায়গায় ২০ কোটি টাকা পেতে পারি। আপনি দয়া ক'রে গ্রীব বাজালীর উপর হাত দেবেন না। বডলোকদের ধরুন। আপনি সোনার উপর ট্যাক্স বসাতে যাচ্ছেন। কিন্তু ধর্ন, স্যাকরা সোনাব গংনা বিক্রয় করলেন। যে সেই গহনা কিনলো সে সেলস ট্যাক্স দিচ্ছে SilJo. স্যাকরা বললে আমি সেলস ট্যাক্স হিসাবে ৪॥৮০ কেটে নিচ্ছি। এইভাবে ঐ সোনার গহনার উপর প্রথম সেলস ট্যাক্সএর দর্ন কিছ্ব টাকা বাদ গেলো। তারপর সে আবার যখন অন্য কাউকে ঐ গহনা িক্রয় করবে তথ্য সে বলবে তার উপর সেলস ট্যাক্স বাদ দিতে হবে। তাহ'লে কর্নজিউমারকেই কেবল ঘা থেতে হবে। স্তরাং গরীবকে পীড়ন না ক'রে আপনাবা ট্যাক্স ফাঁকি দেবর লপ্রেলস-গ্রাল বন্ধ কর্ন। এবং তা যদি বন্ধ করতে হয় তাহ'লে কেবল অফিসার বাড়িয়ে হবে না: এই যে নতেন করে এ্যাডিশনাল কমিশনার চেয়েছেন এর কোন দরকার নেই। কংলাদেশে প্রথম যথন সেলস ট্যাক্স প্রবর্তন করা হয় তথন আমাদের অবিভক্ত বাংলায় একজন মাত্র কমিশনার ছিল এই সেলস ট্যাক্সএর জনা এবং তিনি এর সঙ্গে সঙ্গে এগ্রিকালচাবাল ইনকাম ট্যাক্স আদায়েরও কাজ করতেন, এবং তখন সেদিনের সবকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই টাাক্সএর টাকাটা দেশের গঠনমূলক কাজে বায় হবে, সেলস টাাক্সএর টাকাটা জেনারেল রেভেনিউতে যাবে না। আমি প্রোসিডিংস থেকে প'ড়ে শুনিয়ে দিতে পারতাম, কিন্তু এতে সময় যাবে। কংগ্রেস তখন কি পরিমাণে চেচামেচি করেছিল এই সেলস ট্যাক্সএর বিরুদেধ। সেদিনের সরকার যে প্রতিশ্রতি দিয়েছিলেন আজ তাও রক্ষিত হচ্ছে না। এই বাবদ আদায়ী ট্যাক্স জাতি গঠনমূলক কাজে বায় না হয়ে প্রলিসের জনাও বায় করা হচ্ছে। সেলস ট্যাক্স আদায়কারী অফিসারের সংখ্যা পূর্ব থেকে অনেক বেডেছে কিন্তু সেলস ট্যাক্স আদায় বাড়ে নি। আজ কতজন বড় অফিসার দেখা যাক। এখন আমাদের এগ্রিকালচারাল ইনকাম টাক্সিএ আছেন একজন কমিশনার, সেলস ট্যাক্সএর জন্য আলাদা কমিশনার, দু'জন স্পেশাল অফিসার; তার উপরও আবার এখন চাওয়া হচ্ছে আর একজন এাডিশনাল কমিশনার। তা ছাড়া, এখানে প্রশন করলে জবাব পাওয়া যায় না প্রশনগ্রালি ডিসএলাটড করে দেন। জিজ্ঞাসা করি, কতগুলি এর্যাপল এবা সকলে মিলে ডিসপোজড অফ করেছেন? পূর্বে কত এ্যাপীলএর भूनानि २'७? এখন এইসব বড় বড় অফিসাররা কাজ করছেন, না খালি ছড়ি ঘ্রিয়ে বেড়াচ্ছেন? আগে মাত্র একজন কমিশনার ছিলেন। তিনি কতগুলি এ্যাপীল দেখতেন, এর্গাসস্টান্ট কমিশনার কতগুলি এর্গপীল দেখত আর এখন আরও লোক বাড়ানো হয়েছে— তারা কি করছেন? এতে যদি রাট্রের ক্ষতি হয় তাহ'লে না হয় খবরটা প্রকাশ নাই করলেন। কিন্তু আর্পান এটা অনুসন্ধান ক'রে দেখুন। কেন আর্পান এ্যাডিশনাল কমিশনার বাডাবেন? थति वार्ष वीमत्क समाम हो। अ वामाय-समेरे वास्था करा। थति मार्य वाष्ट्राता करा। আমাদের কথাগুলি একট্ন শুনুন্ন। এ্যাডমিনিস্ট্রেশনএর ভিতর যে ঘুন ধরেছে সেটা বন্ধ

कदार इर्द। कर्मा होती हो जब अभार्य, जारमद भार्या भार्या कि दिस्त आन्द्रम । अकरलद भार्या সাধুতা ফিরিয়ে আনতে হবে। আপনি অবিচার করেছেন সাধ্ব অফিসারকে বিতাড়িত করে। মিঃ এন, সি, রায়কে ফিরিয়ে আন্ন, তাহ লে এাডমিনিস্ফৌশনএর টোন ফিরে যাবে। আমি वलव आश्रनाता यीम मठाई वान्छद्व स्मान हो। इस आमार कत्रुट हान, स्मीक स्मवात मा श्रद्धान বন্ধ করতে চান, তাহ'লে তাঁকে ফিরিয়ে আন্ন। আমি যতকাল এখানে থাকব, ততদিন এ कथा वनव। विन अत्र थार्फ तिष्रिः आমि अरे कथारे भ्रताय वनी ए-आर्भन अन, मि. नायरक অনায়ভাবে ডিসমিস করেছেন, তাঁকে ফিরিয়ে আন্ত্রন, আপনাদের সেলস ট্যাক্স আদায়ে যথেণ্ট সাহায়। হবে। স্বাধীন দেশের সরকার নিজেদের গরজে সাধতাকে পরেষ্কৃত করেন। তাঁরা যদি ডিফু.সকে, মরিসকে ফিরিয়ে আনতে পারেন তাহ'লে মিঃ এন, সি, রায়কে কেন ফিরিয়ে আনতে পারবেন না। মিঃ এন সি, রায়ের বিচারক যিনি কোয়াসি ক্রিমিন্যাল ব'লে বিচারের ব্যাপারে এক নতন তথ্য সূচ্টি করলেন তিনি পর্যন্ত মিঃ এন, সি, রায়কে সাধ, কর্মচারী ব'লে স্বীকার করেছেন এবং তাঁকে ডিসমিস করতে নিষেধ করেছেন। সাবধান ক'রে বলেছেন এই সাধ্য কর্মচারীকে ঐ দণ্ড দিলে অসাধ্তা প্রশ্রয় পাবে। হয়েছেও তাই। তাই বলছি আর্পান কেন তাঁকে ফিরিয়ে আনবেন না? নিজেদের গরজে তাঁকে ফিরিয়ে আননে। তাঁকে ডিসমিস না করার সে কথা আপনি ধামা চাপা দিয়ে তাঁকে অনায়ে ক'রে ডিসমিস করেছেন। না হয় আপনি তাঁকে অন্য জায়গায়ই সরিয়ে দিতেন, ডিসমিস করলেন কেন? অসাধ্ কর্মচারীর যোগসাজ্ঞসে যে ব্যক্তি রেজিম্প্রেশন ফর্ম চুরি ক'রে বিক্রয় করেছিল তাকে আপনারা ট্রান্সফার ক'বে পাঠিয়ে দিলেন বর্ধমানে; আর যে সাধ্য কর্মচারী—এন, সি, রায়, যে একযোগে এক কোটি টাকা তলে দিতে চায় তাকে ডিসমিস করেন,--এ ধর্মে সইবে না। এতে রাণ্টের অঞ্চল্য হবে। আমি কোন দলীয় মত নিয়ে নয়, খালি আমার প্রিয় রাণ্ট্রের উপ্লতি করবার জন্য এই কথা বর্লাছ। আপনি কর্মচারীদেব মধ্যে সাধ্বতা ফিরিয়ে আনুন এই জাতির সর্বাদেশর ঘা সারান। আমি রাডে্টের কল্যাণের দিকে চেয়েই বলছি, আপনি মিঃ এন, সি, রায়কে ফিরিয়ে আনুন ট্যাক্স এয়াট দি সোস কর্ন এবং যেখানে যত লুপহোল আছে বণ্ধ কর্ন। তাহ লে ।।। ব্যক্তিয়ে আমাদের দেশের গরীব জনসাধারণের গায়ে আর হাত দিতে হবে না।

## 8j. Rakhahari Chatterjee:

মাননায় প্রতিকাবমহাশয়, গত দ্' দিন যাবং এই বিলএর দীর্ঘ আলোচনা হয়েছে- সেলস টাক্সেএর গলদ কোথায় তার উন্নতি করা কিভাবে সম্ভব, সে সম্বন্ধে আমাদের পক্ষের বহু মাননায় সদস্য তার প্রমাণ, যুক্তি দিয়েছেন।

আমার বস্তব্য হচ্ছে এই. এবং এটা সকলেই স্বীকার করবেন যে, কোন দেশে মানুষের নিত। বাবহার্য জিনিস, বিশেষ ক'রে খাদাদ্রব্যের উপর, সেলস ট্যাক্স থাকা মোটেই উচিত নয়। कालरक माननीय म्थामन्त्री वलरालन-विरताधी शक्क ১৯৫২ সाल थ्यरक वाल आসছেन य. সোর্স এ এই টাক্স করা হোক : কিন্তু এখন যখন সোর্স এ টাক্স করা হচ্ছে তখন আবার আপত্তির কারণ কি আছে : আমি বলতে চাই, এই টাাক্স সোসতির উপরেই হোক বা রিটেলএই হোক ना रुक्त, रभय शर्यन्ट এই जान्न पिट्ट इस क्रम्माधात्रपट्ठ। जिस् अवजे अपन क्रिकिम सर्वाज्य আপত্তি হচ্ছে এই চিনির উপর সেলস ট্যাক্স ধার্য করাতে। চিনি তো গরীবে খায় না, বড়লোকে भार - এই कथा क्रिके कानक वालक वालका। आग्नि वनव, वज्रालाक, विरामस क'रत कनकाला শহরের বড়লোক, গ্রাঁরা চিনি তো খান না। তাঁদের একটা বড়রকম রোগ আছে - ডায়ারেটিস। পক্ষাগ্রামের লোক চিনি খায়। পক্ষাগ্রামের লোক শ্ব্ধ চা নয়, তাতে অনাবশ্যক চন্দ্রবিন্দ্ সংযোগ ক'রে বলেন 'চাঁ –সেইরকম দ্রবোর সঙ্গে তাঁদের চিনি খেতে হয়। যদি মনে করেন কংগ্রেস-সরকারের নামটাত তাঁরা সকালবেলা চা পান করবার সময় 'পঞ্চকন্যাং স্মরোমিতাং' এর সংগ্য স্মরণ করবেন, এই যদি সরকার চান তাহ'লে এই ব্যবস্থা করবার জন্য চিনির উপর টাাক্স কর্ন, সেটা স্বতন্ত কথা। এই কথা ছেড়ে দেখুন চিনির উপর ট্যাক্স ধার্য করলে পর রেভেনিউএর এমন একটা কি বিরাট অধ্ক বাড়বে তার কোন নিশ্চয়তা নেই এবং এটা আদায় করবার পর আর বিশেষ কিছু লাভ থাকবে না। সেই অবস্থায় চিনির উপর টাাক্স ধার্য করা অভান্ত অসমীচীন ব'লে মনে করি। কিছুদিন যাবং টাাক্সএর পাল্লা দেখতে পাই তাদের ট্যাক্স ঠেলে বেড়েছে। এখানে দুটা জিনিস দেখতে পাচ্ছি যার জন্য চিরকাল তাদের নাম থাকবে। কেন

না, ফলের মধ্যে কলা টাব্লেএর বহিন্ত্তি আর মিন্টাম্নের মধ্যে মোলাসেস, অর্থাৎ ঝোলাগন্ড। বাঙগালীর কপালে রইল কলা আর ঝোলাগন্ড—এই দিয়ে যদি বাঙগালীর অসীম উপকার হবে ব'লে আনন্দ অনুভব করেন তাহ'লে ন্বতক্ষ কথা। আমি অনুরোধ করব, অন্ততঃপক্ষে চিনির উপর টাব্লেটা বন্ধ কর্ন। যেমন আপনার সনুবৃদ্ধি হয়েছে ব'লে কেরোসিন এবং সরষের তেলের উপর থেকে সেলস টাব্লে তুলে দিলেন; অবশ্য এর ম্লীভূত কারণ যেটা সেটা বিবেচনা ক'রে করেছেন কি না জানি না। তবে এটা এমন জিনিস যে, আগামী নির্বাচনে বেগ পেতে হবে, তাই বোধ হয় কেরোসিন ও সরষের তেলের উপর টাব্লে বন্ধ করলেন।

অবশ্য আপনাদের হাতে ক্ষমতা আছে। আপনি যা ইচ্ছে তাই করতে পারেন, এই বিলও পাশ করিয়ে নেবেন—সেটা ভিন্ন কথা। আমাদের আরও ক্ষতি কর্ন, আপনাদের আরও জয় জয়কার হোক। দয়া ক'রে চিনির উপর টাাক্স ধার্য করবেন না।

তারপর সেলস টাক্সে আইন সম্বন্ধে বলা হয়েছে যে, এটা সোর্সএ করলে ভাল হয়।
মাননীয় ম্থামন্দ্রী মহাশয় বলেছেন, বহু লোকে সেলস টাক্সে ফাঁকি দেয়। সেইজনা ওরিজিন্যাল
এয়াস্টএর সেকশন (৪)-এ এই নৃতন কুজ এয়াড করতে হচ্ছে। কিন্তু তার সংগ্য সংগ্য তাঁর
ভাবা উচিত ওরিজিন্যাল এয়াস্টএর সেকশন (৪) কুজ (৩)-তে যেটা রয়েছে তাতে হার্ডশিপ হয়
কি না । এইদিক দিয়ে কুজ (৩)-তে একেবারে যদি সেলস ট্যাক্স ধার্য হয়ে যায় বাবসার উপর
এবং তারপর টার্মপ্রভার বা কোয়ান্টাম হোক বা না হোক, তিন বছর উপরি উপরি তাকে সেলস
টাক্সে দিতেই হবে। স্কুরাং সেকশন ৪এ, এই আইন থাকা উচিত কি না সেটা বিবেচনা
করবেন—সেইদিক দিয়ে আমি মুখামন্ত্রী মহাশয়ের দৃণ্টি আকর্ষণ করি।

[4-30--4-40 p.m.]

আর তিনি এই কথা বলেছেন যে, এই আইনের দ্বারা পথটা স্ত্রম করা হচ্ছে যে দ্বার আর ট্যাক্স লাগবে না। কয়লায় একবার লাগবে, বাই ইলেকট্রিসিটি লাগবে না। এই দ্বারম না লাগে এইজনাই করেছেন। আবার কৈফিয়ং দিয়েছেন, সোনার গয়নার উপর টায়ে লাগবে না, সেইজনা সোনার উপর লাগবে—ভাল কথা। কিন্তু সেইভাবের অন্যান্য জিনিসের উপবত টায়ে রয়েছে, যেমন বাসন-বাবসায়ীদের কথা ধর্ন। তাদের সর্বনাশ হচ্ছে, একেবারে র মেটিরিয়ালস কিনতে টায়া দিতে হয় আবার বাসন তৈরি ক'রে যখন বিক্রম করে তার উপরও টায়ের। মৃখামন্তী মহাশয় বলেছেন যে, দ্বার টায়্র দিতে হবে না, কিন্তু যে বিধানের ফলে বাসনবাবসায়ীদের ভবল টায়ের দিতে হয় সে বিধি সংশোধনের তো এর মধ্যে কিছু দেখতে পাই না। গভর্নমেন্ট কৃটির শিল্পের জনা লক্ষ লক্ষ টাকা বায় বরাদের কথা বলেন, তাহ লৈ চিন্তা কর্ন যে বাসনশিলপারা গভর্নমেন্টএর কোন সাহায় না নিয়ে নিজেদের সংস্থান নিজেরাই করে নিয়েছে উপরন্তু অনাকেও সাহায় করছে। এই কৃটিরশিলপীদের যদি বাঁচান তাতে সরকারের কোন দায় গ্রহণ করতে হচ্ছে না।

সোনার সন্বন্ধে বলেছেন, সোনার বহু বাবসায়ী তাঁর সঞ্চো দেখা করেছে। তাহ'লে কি আমাদের ব্ঝতে হবে—যে সমসত বাবসায়ী তাঁর সঞ্চো দেখা করবার স্যোগ ও সৌভাগ্য লাভ করে এবং যারা হরতালও করতে পারে তারাই মাত্র অনুগৃহীত হয়, আর যারা তা করতে পারে না তারাই বঞ্চিত হয়? কোন রাণ্টেরই এরকম নীতি হওয়া উচিত নয়।

তারপরে স্থার। স্থার হচ্ছে একটা অলরেডি প্রটেকটেড ইণ্ডাণ্ডি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া চিনি-শিল্পকে রক্ষা করবার জন্য যথেন্ট টাকা দিয়েছেন যাতে বাইরে থেকে আমদানি করা না হয়। ভাল কথা। দেশীয় শিল্পের উন্নতির জন্য বিদেশী মাল বর্জন দেশের সমস্ত লোকই সেটা করতে চান এবং সেটা স্ব্বিশ্বর কাজ। কিন্তু দেখন এই যে স্থার, যার উপর একটা স্পোল প্রোটেকশন দিয়ে রাখা হয়েছে, তার উপর ন্তন কর ধার্য করা হয়, এখনই তো তার অনেক বেশি দাম, তার উপর আবার ট্যাক্সএর ঠেলা! তাহ'লে চিনির দাম কোথায় যাবে তা নিশ্চয়ই সকলে ব্রুতে পারছেন।

আমি আর প্রোনো কথা ব'লে আপনাদৈর বিরন্তি উৎপাদন করব না। আমি শুধু এইট্রুকু বলব, মুখামন্ত্রী মহাশয় যেন জনসাধারণের মত বিবেচনা ক'রে চিনির উপর থেকে টাক্সে তলে দেন, আমরা সকলেই তাহ'লে আনন্দিত হব। আর সোনার সদ্বন্ধে বলতে গেলে ডাঃ রারের সে বালাই নাই। ডাঃ রারের কন্যা নাই, স্তরাং কন্যাদারের বিপদও নাই। কিছু প্রের্ব এই পরিষদ কক্ষে একটা ডাউরি নিবারণ আইনের কথা, পণপ্রথা বন্ধ করার কথা হরেছিল। তাতে তিনি বলেছিলেন কেন্দ্রীয় সরকার এ বিষরে একটা আইন করছেন এবং পার্লামেন্টএ শীল্পই এ বিষয়ে আইন পাস হবে। কিন্তু এক বছরের মধ্যে যদি তারা এরকম আইন পাস না করেন তাহ'লে আমরা বিবেচনা করব। অবশ্য যদি তিনি এই ডাউরি প্রথা বন্ধ করতে পারেন তাহ'লে দেশের যা অবস্থা বিয়েতে পর্য'ন্ত ব্যাক মার্কেটিং আসবে। সেটা পরে দেখা যাবে যে সামলানো বায় কি না।

তারপরে মাননীয় সদসারা যে বলেছেন যে, নাম নাই, অস্তিত্ব নাই এরকম লোক টাাক্স ফাঁকি দিয়ে ব'সে আছে। স্তরাং প্রথম যেদিন লাইসেন্স দেবেন সেই দিনই এগালি স্থির হ'লে পর ভাল কাজ হবে। বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা নাম দিতে পারেন, কিন্তু নাম দিয়ে অনেক ক্ষেত্রেই দেখেছি তা কোন স্বিধাজনক হয় নাই। আপনি যদি চান জানতে কোন কোন বাবসায়ী টাকা এইরকম ফাঁকি দিচ্ছে আমরা সে বিষয়ে সাহায্য দিতে প্রস্তুত আছি — মুখ্যমন্ত্রী মহাশয় যদি সে বিষয়ে বিশেষ অবহিত হন।

# Sj. Sasabindu Bera:

নাননীয় সভাপতিমহাশয়, সেল ট্যাক্স এ্যামেন্ডমেন্ট বিলএর তৃতীয় পর্যায়ের আলোচনায় আনি এই বিলটাকে জনসাধারণের স্বার্থের পক্ষে ক্ষতিকর বলৈ এটা উঠিয়ে নেবার জন। অনুরোধ করি। এ বিলএ চিনির উপর এবং সোনার উপর সেল টাক্স চাপানো হলো। ফলে উপর সেল **ট**∏**ऋ** চাপানোর সোমার সাধাবনের পক্ষে যে অস্থাবিধার স্থি হবে সে কথা নিয়ে অনেক আলোচনা হয়েছে। চিনির সুম্বুনেধ বিশেষ ক'রে আরও বলতে চাই যে, চিনি দরিদ্র জনসাধারণের একমাত্র লাকসারি জিনিস বললেই চলে। মিষ্টি বলতে দোকানের মিষ্টি তারা কিনতে পারে না, তারা চিনি দিয়ে সেই অভাব প্রেণ করবার চেষ্টা করে। এই চিনি যা সাধারণ মানুষের দৈনন্দিন বাবহারে লাগে তার ব্যাপক প্রয়োজনীয়তার কথা বিবেচনা ক'রে এবং এই ট্যাক্স ধার্যের ফলে অধিকাংশ লোকের বিশেষতঃ মধ্যবিত্ত ও দরিদ্র জনসাধারণের উপর চাপ খাব বেশি পড়বে এই কথাটা বিশেষভাবে বিবেচনা করা উচিত। সোনার ব্যাপাবে আমরা প্রবিতী বন্ধাদের আলোচনায় দের্থোছ যে, এর দ্বাবা বডলোকেরা অসম্বিধায় পড়বেন না; তার দ্বারা আঘাত পাবে দরিদ্র এবং মধ্যবিত্ত জনসাধাবণ।

তারপ্র নৃত্ন সেকশন ৪(এ) যা আনা হয়েছে তার আলোচনাপ্রসঞ্গে সরকার পক্ষ থেকে এই যুক্তি শুনলাম যে, সেল ট্যাক্স ইভেশন বন্ধ করবার উদ্দেশ্যেই এই সেকশনটা আনা হয়েছে। ইভেশন বল্ধের চেণ্টায় আপত্তি করা উচিত নয়। যারা সেল টা**ন্ধে ইভেড** করে তাদের ধরবার উপায় আছে এবং সরকার চেণ্টা করলেই সেগালি ধরতে পারেন। তার দৃষ্টান্ত এখানে অনেক তলে ধরা হয়েছে এই হাউসএর সামনে যে কিভাবে যারা মোটা টাকা মুনাফা করে তার। সরকারের চোথে বলা দিয়ে সেল টাক্সেএর মোটা মোটা অংশ ফাঁকি দেয়। কাজেই যেখানে ফাঁকি দিচ্ছে এই বছ বছ ব্যবসাদারেরা তাদের সেই ফাঁকি রোধ করবার জন্য চেণ্টা না ক'রে এই নতুন সেকশনটি এনে যারা দরিদ্র ডিলার তাদের উপর সেল ট্যাক্স চাপাবার ব্যবস্থা করা হচ্ছে এবং ভাতে সরকারের আয়ের পক্ষে বিশেষ সূরিধাজনক তো হবেই না, বরং ছোটখাটো বাবসায়ের পক্ষে বিশেষ ক্ষতিকর হচ্ছে। সেইদিক থেকে বিচার ক'রে দেখলে এই সেকশন ৪(এ) মারফ। ১০ হাজার টাকার কম মাল যারা আমদানি বা ম্যানফ্যাকচার করবে তাদের উপর এই ট্যাক্স ধায করা গর্হিত হয়েছে। বড় ব্যবসায়ীদের সরকার ধরতে পারেন না, সরকারের এই দুর্বলতা, এই অক্ষমতার জন্য দেশের দরিদু ব্যবসায়ী ভূগবে এ অতান্ত অভ্ভূত যুক্তি ব'লে মনে হয়। এ সেকশন না আনলেই ভাল হ'ত। সরকারের উচিত ছিল বড ব্যবসায়ীরা যেভাবে ট্যাক্সকে ফাঁবি দের সেই পথকে রুম্ধ করবার চেণ্টা করা। এবং যদি তাঁরা সিনসিয়ারিটির সঞ্জে সেটা রো। করবার চেণ্টা করতেন তাহ'লে সে রোধ করা তাঁদের পক্ষে অসম্ভব হ'ত না। কিন্তু সরকারে মনোভাবের পরিচয় আমরা সর্বাদকেই পেয়েছি। যারা বড়লোক, বড় বড় বাবসাদার, তাদে ফাঁকি দেওয়ার সুযোগ সরকার দিয়েছেন এবং তাঁদের সেই অনাায় কাজের জন। সাধারণত ষারা কম মুনাফা করে, যারা কম টাকার ব্যবসা করে তাদেরই উপর বোঝা চাপানো হছে। কাছেই এই আইন হ'লে দরিদ্রদের দিক দিয়ে বলতে পারি তাদের বিশেষ ক্ষতিগ্রুস্ত হ'তে হবে। কাছেই এ আইনে আমাদের দেশের মণ্ণাল কিছুই হবে না, সরকারও যে বেশি অর্থ পাবেন ব'লে মনে করছেন তা তাঁরা পাবেন না। কারণ সরকার বত বেশি কর্মচারী নিরোগ করুন না কেন, তাদের ভিতর যে দুর্নীতি প্রবেশ ক'রে আছে সেই দুর্নীতির ফলে সমস্ত চেন্টাই বানচাল হয়ে যাবে। এবং এই সেকশন ৪(এ) অনুসারে সরকারকে ট্যাক্স আদায় করবার জন্ম অসংখ্য ন্তন অফিসার নিয়োগ করতে হবে; তাদের পিছনে যে বিরাট অর্থ বায় হবে তার ফলে পরিণামে দেখা যাবে যে, ছোটখাটো বাবসায়ী, যাদের টাকা কম, তাদের কাছে যা টাকা ট্যাক্স হিসাবে পাওয়া যাবে তা অত্যুক্ত কমই। কাজেই এতে সরকারের কোন লাভ হবে না, বরং ক্ষতিই হবে।

চিনির উপর ট্যাক্স ধার্য হচ্ছে বটে কিন্তু তার ফলে জনসাধারণ আরও একটা অস্বিধায় পড়বে। এই ট্যাক্সএর ফলে যেখানে চিনির দাম দ্' পয়সা বেশি হচ্ছে সেখানে গ্রামবাসীরা, যারা নিচের দিকের দরিদ্র ও মধ্যবিত্ত লোক, তাদের কাছে যখন চিনি পেণিছাবে তখন তাদের দ্' পয়সার জায়গায় চার পয়সা বেশি দিতে হবে। কাজেই, সরকারের এই অন্যায় নীতির ফলে জনসাধারণকে বিশেষ অস্ববিধায় পড়তে হবে এবং তাতে দেশের মঙ্গল হবে না। কাজেই আমি এই বিলকে অনাবশ্যক ব'লে মনে কর্রছি।

[4-40-4-50 p.m.]

### 8j. Nagendra Dalui:

মাননীয় স্পীকারমহাশয়, দেশের উন্নয়নের জন্য টাকার দরকার এবং তাব জন্য মিল্যহাশয় অনেকগ্রিল জিনিসের উপর সেলস টাক্সে বসাতে যাচ্ছেন। কাজেই এই টাক্স সম্বন্ধে আমি বলতে চাচ্ছি যে, দেশের মানুষের দিনের পর দিন ক্রক্ষমতা ক'মে যাচ্ছে। তার উপর যদি ওযুধের উপর টাক্সে, ফলের উপর টাক্সি, ফলের উপর টাক্সি, টানির উপর টাক্সি করেন—একেই তো দেশের মানুষের ক্রক্ষমতা কমে গিয়েছে, তারা জিনিসপত্র কিনতে পাচ্ছে না, তার উপরও তাদের উপর যদি টাক্সিবসান তাহলে খুব অন্যায় হবে।

তারপর আমি বলতে চাচ্ছি যে, টাকার দরকার একথা সতা এবং টাকা না হ'লে দেশের কোন কাজ হ'ত পারে না। আমরা দেখতে পাচ্ছি, আমাদের দেশের মন্দ্রিসংখা। ৩০।৩২ জন এবং তাদের অনেকেরই কোন কাজ নেই। এদের সংখা কমিয়ে দিলে প্রচুর টাকা পাওয়া যেতে পারে এবং তার দ্বারা অনেক কাজ হ'তে পারে। তারপর কংগ্রেসের বহুছোষিত নাঁতি ছিল পাঁচ শত টাকার উপর কারও মাহিনা থাকবে না। এই যে যে সমস্ত বড় বড় অফিসার সরকারের আছে তাদের মাহিনা যদি কমিয়ে দেওয়া যায় তাহ'লে প্রচুর টাকা পাওয়া যেতে পাবে। কিন্তু সেদিকে সরকারের কোন দৃণ্টি নেই। আমি আবার এখানে বলছি, ৩০ জন মন্ত্রী থাকার কোন দরকার নেই, মন্দিদের মাহিনা কমিয়ে দেওয়া হোক এবং তাদের যে বড় বড় অফিসারস আছে তাদের মাহিনা কমিয়ে দেওয়া হোক। তা থেকে অনেক টাকা পাওয়া যেতে পারে।

আর একটা জিনিস—জমিদারদের থেসারত দেবার কি প্রয়োজন ছিল তাদের থেসারত দেওয়া বন্ধ করা হোক। তারপর আমি বলছি যারা টাাক্স ফাঁকি দেয় তাদের দিকে সরকারের কোন দ্বিট নেই। কাজেই আমি বলতে চাচ্ছি, চিনির উপর ট্যাক্সটা তুলে দেওয়া হোক। আমি আর বিশেষ কিছু বলব না এই ব'লে আমি আমার বন্তব্য শেষ করছি।

# 8j. Janardan Sahu:

মাননীয় স্পীকারমহাশর, চিনিকে আমরা সকলে চিনি। এই চিনি আমাদিগকে সকলের কাছে ভালভাবে চিনিরে দেবে। আমি পঙ্গীগ্রামের কথা বলাছ, কলকাতার কথা ভাবছি না। পঙ্গীগ্রামে একটা ভাবের দাম তিন আনা সাড়ে তিন আনা গরীবের বাড়িতে রোগীকে হয়তো ভাঙার খৈতে বলেছে ভাব। কিন্তু ভাব থাবার মত প্রসা নেই। তখন চিনির জল খেতে দেওরা হয়। কিন্তু সেই চিনির দাম কিরকম বেড়ে যাবে চিন্তা করে দেখন। এখন চিনির সের ৮০ আনা —৩০ টাকা মণ। সের প্রতি দ্ব' পরসা বদি বাড়ে, মানে ৮১০ আনা সের হয়, তাহলৈ কিছুর খখন একজন লোক এক সের চিনি খরচ করছে তখন তার দাম হবে ৮১০, যখন সে

আধু সের খরচ করবে তথন তার দাম দিতে হচ্ছে। ১৫। কিন্তু একজন এক পোয়া চিনি যথন খরচ করবে, আধ প্রসা বাজারে নাই তাই তখন তার দাম হচ্ছে ১৩ প্রসা, ५/০ হয়ে গেল--৩২॥০ টাকা মণ। একজন যখন আধ পোয়া খরচ করবে তখন তার দাম হ'ল ५४० আনা সের। অর্থাং মণের দাম ৩৫ টাকা। যখন নাকি সে এক ছটাক খরচ করবে তখন এক ছটাকের দাম 🗸 আনা এবং মণ হয় ৪০ টাকা। গরীব লোক যারা তারা অল্পই কিনবে এবং পল্লীতে সংখ্যায় তারা খবে বেশি। স্তরাং তাদের বেলা ৪০ টাকায় মণ হয়ে গেল। আপনি চিন্তা ক'রে দেখন, আপুনার মাধামে এই হাউসএ মুখামন্ত্রী মহাশয়কে বলছি—পল্লীগ্রামের গরীব লোকদের কথাই আমি চিন্তা কর্রাছ। যখন গ্রীব লোকেরা এক প্যুসা চায়, আমি শহরে দেখেছি, তখন তাদের এক প্রসা ছুডে দেওয়া হয় এবং তাই তারা নেয়। হয়তো কোন একজন গরীব লোক বডলোককে নমস্কার করছেন, তিনি ডান হাত না তুলে বাঁ হাতটাই তুলে দিলেন। সেই গরীবের উপরই আপনারা কর চাপাচ্ছেন, তাদের জনা কোন চিন্তা করছেন না। সাধারণ কথায় বলতে গেলে সেই গ্রহীবদেরই ৩০ টাকাব জায়গায় ৪০ টাকা দাম দিতে হবে। এটা চিন্তা করে দেখন। এদের রক্ষার জনা বাবস্থা কর্ন। আমি রোগীর কথা বলছি। যখন আমাদের দেশে চিনি খোলা বাজারে একেবারে ছিল না. কন্টোল ছিল, তখন আমাদের গ্রামের একটা ফ.ড কমিটি ছিল যাতে আমি ছিলাম একটি মেশ্বাব। সেই কমিটির মিটিং একদিন বসত। একদিন আমি বিরক্ত হয়ে তাদের বললাম, গরীব লোকেরা চিনি পাচ্ছে না আর তোমরা ব্যাক মার্কেটিং করছো। তোমাদেব ছেলে মরবে এইসব গালাগালি দিলাম। তারপর তারা মিটিংএর জনা এমন দিন ত্রকটা ধার্য কবল, যেদিন আমি থাকতে পারব না। স্তুতরাং চিনির কথাই আপনারা বলছেন অবস্থাপ্রদেব এক প্রসা, দুই প্রসা, তিন প্রসা মাত্র বাড়বে। কিন্তু যারা গ্রীব লোক, যারা এক ছটার কারে কেনে, তাদের ৩০॥৯০ স্থালে ৪০ টাকা কারে দাম দিতে হবে। কিন্তু তাহালেও এই এক প্রস্টাই গ্রীব লোকেব কাছে অনেক বড জিনিস। মুখামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি চিনিব উপর আর কব বসাবেন না। আমার নিজের কথা বলছি না এখন কোন জায়গায় কি দাম হয়েছে সেটা দেখে নেবেন কিছুদিন পরে। কলকাতায় একটা জিনিসের দাম এক প্রসা বাড্লে প্লীগ্রামে সেটা কত বেশি বাড়ে মণকরা অনেক বেড়ে যায়। সূত্রাং প্লীগ্রামের গরীব লোকদের অবস্থা চিন্তা ক'বে দেখুন তাদের কি হারে দাম দিতে হবে। তাই আমার অনুবোধ হচ্ছে চিনির উপর কর বসাবেন না।

### Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকারমহাশ্য়, একের পর এক যে সকল বিল আসছে তাতে সত্যিসতি। আমরা আতি কতে হর্মোছ। কয়েকদিন পূর্বে ফলের উপর টাক্স ধার্য হ'ল, তারপর আবার চিনির উপর হচ্ছে। আমি মনে করি যে, সরকার যেমন স্বৃদ্ধির পরিচয় দিয়েছেন তেলের উপর, দিয়াশালাইয়ের উপর ট্যাক্স ধার্যের প্রস্তাব প্রত্যাহার করে নিয়ে, এইভাবে চিনির উপরও যদি কর ধার্য না ক'রে স্বর্দ্ধির পরিচয় দিতেন তাহ'লে আমরা খ্রিশ হতাম। ডাঃ রায় বলেছেন যে, বাহির থেকে এক লক্ষ্ণ টন চিনি আমদানি হয় আর আট হাজার টন উৎপন্ন হয় আমাদের পশ্চিমব্রু,। এবং গরীব লোকেরাই গুড়ে বেশি ব্যবহার করে, কাজেই চিনির উপর টাাক্স হ'লে বড়লোকদের উপরই ট্যাক্স হবে। আমি তাঁকে বলতে চাই, চিনির উপর যে ট্যাক্স ধার্য করতে যাচ্ছেন সহান্তৃতির সঙ্গে যদি বিবেচনা করেন তাহ'লে দেখবেন প্রকৃত অবস্থায় গুরুবিদের উপরই টাব্রে ধার্য হবে। আজ আমাদের চিনির বহু প্রয়োজন। ডাঃ রায় জানেন যে, এনাজি বাড়াবার জন্য চিনির প্রয়োজন। তা ছাড়া, শিশ্ব, রোগীদের জন্য এবং এইরকম বহু প্রয়োজনেরও চিনির দরকার হয়। উনি বলতে চান, ১৯৪১-৪২ সালে যে পরিমাণ চিনি পাওয়া যাচ্ছিল তার চেয়ে দ্ব' আড়াই গব্ বেড়ে গেছে, কিন্তু আমার বন্ধব্য হচ্ছে পশ্চিমবাংলার আড়াই কোটি মানুষের জন্য জনপ্রতি আধ ছটাক হিসাবে ধরলেও ২ লক্ষ ৭৫ হাজার টন চিনির বছরে প্রয়োজন। আর দামের দিক দিয়ে আমি জানতে চাই-ক্সেছে কি চিনির দাম? উনি বলতে চান, আজ চিনির দাম বার আনা হয়েছে, কিন্তু আমি বলতে চাই মফঃস্বলে এক টাকার কমে চিনি বিক্রি হয় না। অথচ চিনির দাম ১৯৪১-৪২ সালে ছিল চার আনা নাত। ডাঃ রায় হিসাব দিচ্ছেন টাকায় দ্ৰ'-তিন পয়সা বেড়ে গেলে কি আর অস্ববিধা হবে? কিন্তু উনি জানেন না যে, কলকাতায় এক পয়সা দাম বাড়লে মফঃস্বলে চার পয়সা বাড়বে।

[4-50-5 p.m.]

কাজেই আমি এই কথাই বলতে চাই রসগোল্লা, পানতোয়ার উপর ট্যাক্স বাডছে এটা ঠিক নয়। এতে বাস্তবিকই দরিদ্রদের উপর ট্যান্ত বাড়ছে। এখানে একান্ত প্রয়োজনীয় জিনিস, ষেমন ঔষধপত্র খাদাদবা, ফল, চিনি ইত্যাদি যেটা স্বাস্থোর জনা, জাতির উল্লাতির জনা দরকার, করম.ভ করা সন্বন্ধে ভাবা উচিত। তিনি যদি বিলাসদ্রব্যের উপর ট্যাক্স করতেন তাহ'লে আমরা আপত্তি করতাম না বরং বিরোধী পক্ষ থেকে আমরা তা সমর্থনই করতাম। তিনি যেসব অসাধ, ব্যবসায়ীদের ধরতে চাচ্ছেন তার আগে ঘর সামলান। যে সমস্ত অসাধ্ কর্মচারী আছে তাদের না সামলাতে পারলে অসাধ্য ব্যবসায়ীদের শায়েস্তা করতে পারবেন না। সেইজন্য আমি অনুরোধ কর্রাছ যে, যাদ সত্যই অর্থনৈতিক সমস্যার সমাধান করতে হয় তাহ'লে অন্য পরিকল্পনা ক'রে তা কার্যকরী কর্ম, দরিদ্রকে শোষণ ক'রে পীড়ন ক'রে এটা সম্ভব হবে না। মন্ত্রিমহাশয় মনে করছেন যে, শতকরা ৮০ ভাগের মধ্যালের জন্য তাঁরা এই টাকা নিচ্ছেন, কিল্ড এই ৮০ ভাগের যদি বাবস্থা করতে হয় তাহলে এদের উপর অত্যাচার করলে মণ্যল হবে না। বড বড धनी याता আছে, याता छात्र क्वांकि निष्ठ, जाएनत धत्ना। आश्रनाता সংবিধানের নামে কেন্দ্রীয় সরকারের ট্যাক্স ধার্যের নীতির কথা বলেন কিন্তু যাতে আপনারা চায়ের উপর, জুটএর উপর, কাপড়ের উপর উৎপাদন ট্যাক্স ধার্য করতে পারেন অথবা কেন্দ্র হ'তে ন্যায্য প্রাপ্য পেতে পারেন সেকথা সেন্টারকে জাের ক'রে বলনে। তাহ'লে আপনারা কােটি কােটি টাকা পাবেন। এখানে অসাধ্র ব্যবসায়ীদের আর দরিদ্রের উপর ট্যাক্স ধার্যের প্রয়োজন হবে না। ট্যাক্স ফাঁকি ধরবার জন্য অসাধ্য কর্মচারীদের স্থোগ দিচ্ছেন। এদের দ্বারা অসাধ্য ব্যবসায়ীদের ধরা সম্ভব হবে না। আপনার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট ।আছে, এ্যান্টি-করাপশন ডিপার্টমেন্ট আছে অথচ তার মধ্যে কতটা করাপশন আছে সে কথা আপনার অজানা নেই। এইগ্রালির সংশোধনের জন্ম আগে বাবস্থা কর্ন। দরিদুরা যাতে নিপাঁড়িত না হয় তার জন্য দিয়াশালাই, কেরোসিন তেলের উপর থেকে যেমন ট্যাক্স বাদ দেওয়া হ'ল, সেই কারণে এই চিনির উপর ট্যাক্স বসিয়ে আর তাদের সর্বনাশ করবেন না। ইচ্ছা করলে অনাভাবে আপনারা প্রচুর টাকা সংগ্রহ করতে পারেন এবং আমি বলি সেই বাবস্থা কর্ন। আমি আবার অনুরোধ করছি যেমনভাবে কংগ্রেস সদস্যদের সম্পারিশে দিয়াশালাইকে ট্যাক্স হ'তে বাদ দিয়েছেন তেমনি এই চিনিটাকেও ট্যাক্সএর আওতা হতে বাদ দেন। হরিপদদা বলে গিয়েছেন যে, কেরোসিন তেলের উপর ট্যাক্স বসালে কংগ্রেস সদস্যদের আর পাড়াগ্রামে চুকতে দিত না। সেইজন্য আমিও বলব যে, আগামী ইলেকশ্রত যাতে তাঁরা ভোট পান সেদিকে চিন্তা ক'রে ফলের উপর বা চিনির উপর ট্যাক্স করবেন না। এটা করলে জনসাধারণের আম্থা আপনাদের উপর থাকবে না। সেদিক থেকেও চিন্তা ক'রে আশা করি মাননীয় মন্তিমহাশয় এটা প্রত্যাহার করে নেবেন।

এটা আমরা দেখতে পাই যে যখন শ্রমিকদের পক্ষ থেকে বড় বড় মিটিং ডিমনজ্বেশন করে তাদের সমর্থনে দ্মীইক-এর কথা বলতে আরম্ভ করেছে, তখন নোটিশ না দিলেও সেই সময় কখনো কখনো কনসিলিয়েশন ইত্যাদি হয়েছে এটা আমরা দেখেছি। আমরা আশ্চর্য্য হয়ে গেলাম. মন্দ্রীমহাশয় যা আজকে বলছেন, যে বক্ততা দিলেন, তা থেকে মনে হচ্ছে, মালিকের পক্ষে যেন কোন দোষ নাই. তাঁরা বোধহয় দিতে রাজী ছিলেন; এদের মাইনে বাড়বে বলুন, বোনাস পাবার কথা বল্ন, প্রভিডেণ্ট ফান্ড বল্ন, স্ল্যান্টেশন লেবার এ।। ই-এ যা পাস হরেছিল, তা কার্যকরী করার কথা বল্ল। আমরা জানি সম্প্রতি কর্নাসলিয়েশন হল—জ্রাইকের পূর্বে। ১৬ তারিখে জলপাইগাড়ি ও অন্যান্য জায়গায় সমস্ত কর্নাসলিয়েশন-এ মালিক পক্ষ ঐ একই কথা বলেছেন আমরা কোন কিছ, আর বিবেচনা করতে পারবোনা, কোন কিছ,ই আর দিতে পারবো না। এ কথাই তারা বলেছেন, বিশেষ করে আমরা দেখেছি বুটিশু মালিকরা এ কথা বারে বারে আরও জ্যোর দিয়ে বলেছেন সেপ্টেম্বর মাসের পর আমরা এদের সম্বন্ধে বিচার বিবেচনা করবো। এতদিন এই দ্ব-তিন বংসর ধরে যখন কিছু হল না, কোন কর্নাসলিয়েশন হল না. তথন তারা ছ্টাইক নোটিশ দিয়েছিল। মন্ত্রীমহাশয় বলেছেন এখন কেন তারা তা করতে গেল? দিল্লীতে আমার মিটিং ছিল! আমরা জানি এর গ্যারান্টী কোথায় যে প্রভিডেন্ট ফান্ড ব্যাপারে দিল্লী মিটিংএ একটা চূড়ানত সিন্ধানত হবে। এর গ্যারানটী কোথায়? গ্ল্যানেটশন লেবার এাক্ট কার্যাকরী হবে কি? যে র্লস সার্কুলেট করেছিল সরকার আজও জানিনা কোথায় কিভাবে তা কার্যাকরী করা হবে। বোনাসের ব্যাপারে মালিক বরাবর বলে এসেছে আমরা দিতে পারবো না. টাকা নাই। অথচ মন্দ্রীমহাশয় বলছেন আমার মিটিং ছিল দিল্লীতে. কেন তারা তথন দ্মাইক করতে গেল। শ্রমিকদের বলে এসে যদি আমি কিছ, না করতাম, তথন দেখা যেত! এই তো আমাদের সময়। এখন যদি দু-তিনটা দাবী আদায় করা না যায়, তাহলে আবার পরের বছরের জন্য বসে থাকতে হবে। কাজেই দ্বাইক করে মালিকদের উপর চাপ স, चि कরবার এই তো সময়। এখন সেই চাপ স্ভি কি করে হবে, সেপ্টেম্বর মাস পেরিয়ে গেলে? সরকার পক্ষ তারা দ্-তিনটা কমিটীতে । যে রিকমেন্ড করেছে, কি হবে জানি না। বোনাস তিন মাস বাদে দেখা যাবে কি মালিকরা না মানলে? এর মধ্যে আমি যচ্ছি না যেট্রকু মানা হয়েছে এ্যাডজ ডিকেশন-এ সেট কু কনসিভার করা হবে, তাও হতো না—যদি শুমিকরা ष्प्रोटेक নোটীশ উইপ্রড করে বসে থাকতো। বহু বংসর ধরে বিশেষ করে চা-বাগানের মালিকরা মনে করে এসেছেন যে কতকগ্রাল দাস শ্রমিক তাদের বাগানে কাব্রু করছে। তাদের কোন ট্রেড ইউনিয়ন এর অধিকার নাই, মাইনে পাবার অধিকার নাই, জনসাধারণ নিয়ে ইউনিয়ন করবার কোন অধিকার নাই। এ পর্যান্ত বড় বড় বাগানের মালিক বলে এসেছেন। আর মজ্বেরাও জানে চাপ যদি সুভিট করতে হয়, তাহলে এই হচ্ছে সময়, যখন পাতি তোলবার সময়। মালিকদের र्वाप भरकरहें राज ना भरफ जारल जांता कथरना रकान मातीत कथा विराजना करत ना। अतकात छ তাই, মালিক পক্ষও তাই। শেষ পর্য্যন্ত আমি একথা বলবো, তারা অনেক সব্রুর করবার পর, অনেক ধৈর্যা দেখাবার পর শ্রমিকরা খ্রাইক নোটিশ দিয়েছিল। যে শ্রমিক খেতে পায় না, পরতে পার না, যারা স্ত্রীপত্রকন্যা নিয়ে অর্ম্পাহারে থাকে, তারা ষ্ট্রাইক করে দশ দিন বিশ দিন না খেরে থাকবে, এটা ছেলেখেলা নয়। এই ট্রেড ইউনিয়ন-এর নেতারা শ্রমিকদের নিয়ে ছেলেখেলা করে না। তারা তখনই খ্টাইকের পথে যায়, যখন আর কোন উপায় তাদের থাকে না। মন্দ্রী-মহাশয় আশ্চর্যা হয়ে কি দেখেছেন জানি না। তাদের সেখানে একটা ট্রেড ইউনিয়ন-এর ঐক্য গড়ে ওঠেছে। ডুয়ার্স', তেরাই, জলপাইগর্নাড়—সমস্ত জারগার একটা ট্রেড ইউনিয়ন ঐক্য গড়ে केटरेट ।

[At this stage the blue light was lit.]

[3-40-3-50 p.m.]

I have spoken for about 12 minutes and I want 10 minutes more.

জবণ্য এতে আশ্চর্ব্য হবার বিশেষ কিছ্, নৈই. কারণ মন্দ্রীমহাশর সেখানে একটা দিকে বে সাগবেন তা জানা, বরাবরই জানতুম; তবে আমরা ভাগ্যবান বে এ্যাসেমস্পীতে এসে এই রক্ষ খোলাখনি মালিকদের তিনি সমর্থন করবেন। এই জনাই শুধ্ এই কথাগ্লি বল্লম। আরো দেখন বেনাসের কথা যদি ধরেন, এখনো কি কিছ্ ঠিক হরেছে যে বোনাস দেবে। আমরা তো জানি দাজিলিংএ কিছ্ আলোচনা হরেছিল কিন্তু ঐ দাজিলিংএর একটা উদাহরণ দিছি। মল্টীমহাশয় জানেন মালিকেরা আজো অবিধ বলছেন বোনাস আমরা দিতে পারব না। যখন কমিটি মিটিং হয় তথন সরকার পক্ষ এবং টেড ইউনিয়ন প্রতিনিধরা মালিকের বির্শেশ ভোট দির্মেছিল, সরকার পক্ষ ও টেড ইউনিয়ন কর্তৃপক্ষ একদিকে, আর মালিক একদিকে। এই সেদিন দেখেছিলাম দাজিলিংএ। অথচ এমনভাবে উনি কথা বল্লেন, বোনাসের দাবী মালিকরা মেনে নিতে পারে কেননা তাদের দোষ নাই। কিন্তু আমরা তো জানি এত সহজে এত সোজা পথে মালিকেরা চলেন না। আমরা জানি যে তারা কোটি কোটি টাকা লাভ করেন, সেই জারে তারা এাডজ্বিডকেশন চান বা এক মামলা থেকে অন্য মামলা করে এইভাবে টেনে নিতে পারেন। এবং এইভাবে বোনাসের বাবস্থা এখনো কিছু ঠিক হর্মিন। তিন মাস পরে কবে হবে জানি না।

আর একটা কথা প্রভিডেন্ট ফান্ড-এর কথা সেইভাবেই বলেন। ত্রীইক-এর নোটিশের পর দেখলাম ও'রা বিবেচনা করতে আরুভ করেছেন দিল্লী মিটিংএ যে এটার এখন কি করা যায়। এতাদন কি করাছলেন, এতাদন চুপ করে বসেছিলেন কেন, এই বিবেচনা এতাদন করাছিলেন না কেন? ছ্মাইক না হলে সেটার বিবেচনা তাঁরা করতেন না। আর ঠিক সেইভাবে প্ল্যানটেশন ल्वात व्याङ्गे-व किन जाँता हुल करत वरम आष्ट्रन? स्मर्थात्मव क्रवाव मिरस्ट्रह्म मन्त्रीभरागर्स: মালিকদের সাফাই তারা নিজেরাই গাইতে পারেন, মন্ত্রীরা কেন সেইসব ব্যাপার নিয়ে কথা বলতে আসেন? তাদের অর্থ আছে, কাগজ আছে, প্রতিপত্তি আছে, তাদের নিজেদের কথা বলবার সুযোগের অভাব তাদের নাই। কী কারণে তাঁরা এটা কার্য্যকরী করতে পারেন নি? আর আজকে বলছেন শ্রমিকেরা কেন অধৈয়া হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধ হয়। জানেন না ছ্টাইক-এর নোটিশ এর পর তাঁরা এগালি কার্য্যকরী করার কথা চিন্তা করছেন। তারপরে ন্ট্যান্ডিং অর্ডার। এখনো সেই ন্ট্যান্ডিং অর্ডারকে কেন তারা পাল্টে দিচ্ছেন না। বিটিশ আমল থেকে সেই দাসপ্রথা যা ছিল সেটা আজো চলছে। স্বাধীন দেশের নানারকম অধিকার আমরা পেয়েছি, তার মধ্যে এই স্বাধীন ট্রেড ইউনিয়নএর অধিকার একটা। সেই জনাই আজ দ্যাইকএর নোটিশকে দ্বীকার করতে হবে। মন্ত্রীমহাশয় কি জানেন না বারে বারে ট্রেড ইউনিয়নএর পক্ষ থেকে কমিটি থেকে চা-বাগান এলাকা থেকে এই ষ্ট্যান্ডিং অর্ডারএর বিরুদ্ধে তাঁদের কাছে প্রতিবাদ এসেছে। আর এই ট্রেড ইউনিয়নকে ধরংস করার জন্য তাঁরা যে চেণ্টা করছেন তার জন্য আজো বিশেষ কিছুই করেন নি। কাজেই আজ একথা বলব মন্ত্রীমহাশয় যে বিবৃতি দিয়েছেন সেই বিবৃতিতে শ্রমিকেরা মোটেই সন্তব্দ হতে পারে নি। এবং সাথে সাথে আমি বলব তারা আত্তিকতই হয়েছে। কারণ উনি তাদের বলছেন এটা আননেসেসারি এনেড ইল-এনডভাইস্ড। তারপরে যা প্রয়োজন ছিল তার সম্বন্ধে বলেছেন কি. গভর্নমেন্ট--accepted this as a revised guaranteed wage scheme which the industry can bear and as a forward step in the progressive realisation on living wage.

২নং কথা—মন্ত্রীমহাশয় তার বস্তুব্যে বলেছেন আজকে which the industry can bear.

এই যে ক্যান বিয়ার—উনি কি করে জানলেন ষে এর বেশী তারা বিয়ার করতে পারে না—কী করে তিনি হিসাব করলেন যে প্রগ্রোসভ রিয়েলাইজেশন-এর ভিত্তিতে হবে। এরপর মালিকেরাই তো বলবেন যে এ্যাডজ্বভিকেশনএ দিতে হবে। মন্তীমহাশয় ঐ একই কথা বলেছেন—প্রোপ্রির মাইনে বাডানো যায় না, যতটা আমরা পারব ততটা দেব।

আমি আর বিশেষ ওর মধ্যে যেতে চাই না। আমি শুধু বলব শ্রমিকেরা ঐক্যবশ্বভাবে বে পথ নিয়েছিল সে শেষ পথ। স্থাইক হচ্ছে শেষ হাতিয়ার মজুরের, সেই শেষ হাতিয়ার দুবছর আড়াই বছর পর ভারা ব্যবহার করে থাকে, যখন তা করা ছাড়া আর কোন পথ থাকে না। আমি জানি সরকার পক্ষে যাঁরা ওদিকে কংগ্রেস বেণ্ডে বসে আছেন, মালিক পক্ষের দিকেই ভারা বলবেন কারণ তাঁরা উত্তরবংগে যখন সফরে যান মালিকদের বাড়ীতে গিয়ে চা পান করেন এবং মালিকের ম্যানেজার তাঁদের দেখাশোনা করেন, কাজেই ১২ লক্ষ মজুরের প্রতিনিধিত্ব ওবা

করেন না। তার জন্যই দেখি তাদের স্ট্রাইকের নোটিশ দিতে হয়. সামান্য একটা দাবীর জনা। আমার মনে হয় সাধারণভাবেই এটা হওয়া উচিত ছিল। ষেথানে প্রফিট হচ্ছে সেথানে সংশ্য সংগ্যেই মন্ত্রন্তদের মাইনে বাড়ানো ও বোনাস দেওয়া উচিত ছিল, তার জন্য কেন তাদের স্ট্রাইক-এর নোটিশ দিতে হয়? সেইজন্য বলতে হচ্ছে, মন্ত্রীমহাশয়রা মালিকদের পক্ষ টেনে কাজ করেন। এবং দেখান প্রতিহিংসা কি করে সরকার পক্ষ নিচ্ছেন. মালিকদের একজনও ধরা পড়ে নি. কিন্ত মজুরেরা ধরা পড়েছে, বিশেষকরে আলিপুরে দুয়ারে ডোয়ার্সে তেরাইতে প্রিভেন্টিভ ডিটেনশন এ।। এতা তাদের আটক রেখেছে। তাদের ছেডে দেবেন এই একটা সেট্লমেন্ট হয়েছিল—তাদের জেল থেকে মৃত্তু করা হবে—তার কোন বাবস্থা আজ পর্যস্ত হয় নি। এবং উপরন্তু আমরা দেখতে পাই ভিক্লিমাইজ হচ্ছে, টেড ইউনিয়ন কমীদের নানা ওজ্বহাতে বাগান থেকে তাড়িয়ে দেওয়া হচ্ছে। মন্দ্রীমহাশয় কর্নসিলিয়েশন-এর কথা যে বলেছেন, তিনি কি জানেন না এখানে বহু, বাধা আছে। এখনো ২০০-৩০০ জনকে কাজে নেওয়া হচ্ছে না, আই, এন, টি, ইউ, সি, এ, আই, টি, ইউ, সি, এবং এইচ্, এম্, এস্, তাদেরও অবস্থা ঐ রকম। স্ট্রাইক-এর সঙ্গে ঐ একটা দাবী ছিল-প্রতিহিংসার ভাব ছেড়ে তাদের অন্ততঃপক্ষে জেল থেকে ছেড়ে দেওয়া, যাতে তাডাতাডি করে বোনাস এবং অন্যান্য দাবীগুলি তারা পায় সেই বাবস্থা সরকার পক্ষ থেকে করুন। কিন্তু আমরা জানি, ঐক্যবন্ধ আন্দোলন ছাড়া, সংগঠন ছাড়া আমাদের এটা পাবার পক্ষে আর কোন উপায় নাই, সেইজনাই সেই পথে তাদের যেতে হয়।

[3-50-4 p.m.]

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, the Hon'ble Minister for Labour made a statement before this House on 7th last in which he characterised the strike as ill-advised and unnecessary and he sought to create an impression that the strike was called unnecessarily to create difficulty and loss for the industry while both employers and the Government were very anxious to find out a settlement over the outstanding disputes of bonus, revision of pay and other demands. Sir, apart from the wrong impression which is created by the statement of the Minister it seeks to prejudice the vital issues of bonus and pay revision which are now under the examination of competent committees.

Let us see whether the strike was unjustified and precipitate or not. For the last three years notices were given successively of strike by several unions when repeated representations to the Government to refer the dispute to adjudication went unheeded, and the decision of the Wage Advisory Committee to raise even the minimum wage level was successively obstructed by the Indian Tea-Planters' Association. In his statement the Hon'ble Minister says that the bipartite meetings were held on 8th and 9th August in 1955. It is not a fact. The Employers' Associations, i.e., the Dooars Branch of the Indian Tea Association and the Indian Tea-Planters' Association, refused to sit at the bipartite meetings called on the 8th and 9th August on the plea that the meetings of the Minimum Wages Advisory Committee were going to be held on the 12th August, 1955. On this plea they failed to attend the meetings knowing fully well that the Minimum Wages Advisory Committee had no jurisdiction to discuss and recommend on the various issues of the demands placed by the unions. This refusal of the employers to hold bipartite meetings on the plea of the Minimum Wages Advisory Committee meeting made the workers sceptical about the bona fides of their intention. The Hon'ble Minister goes on to say that the workers had no bona fide cause for any agitation on the score of increase of wages, because this demand was already met. Let us examine the statement; that is, how far the demand for increase of wages was really met. The West Bengal Cha Sramick Union demanded a revision of the wage structure; in view of the continued prosperity of the tea industry, they demanded not merely a revision on the basis of minimum wage but on the principle of fair wage. The resolution goes on like this-"The principle that the wage

structure of the workers of the tea industry shall be reviewed and revised not on the basis of Minimum Wages Act and Minimum Wages Committee's Report but on the basis of the Fair Wages Committee's Report is to be accepted." About the actual increase of the wages the Hon'ble Minister has said that "wage was increased for each adult worker to three annas per day". This was, in fact, merely a restoration of the wage cut of 1952. But this restoration did not make up completely for the wage cut of 1952. The minimum wages, after this addition of three annas, were still far below the bare subsistence wage and, according to the statement of the Hon'ble Minister himself, "this is only a forward step in the progressive realisation of living wage". So the living wage was not yet realised. In actual fact this increase of wages was a mere myth. Even after the increase of wages the employers have not had to pay by way of wages, including the wages in kind, more than that of the wage bills for 1951. This will be proved from the report of the Minimum Wages Committee, page 13, paragraph 17. The report of the Minimum Wages Committee on wage increase goes on like this-"In order to be able to earn the amount of daily total expenditure thus calculated, each earner will have to earn in course of six working days the requirements of seven days. Therefore, the cash income required per day by each adult male earner will be as set forth below. In Dooars it is Rs. 1.673; in Terai it is 1.748; and in Darjeeling it is Rs. 1.780". The report then goes on to say "from these figures it will be necessary to deduct the daily income from concessions which we have calculated above and we shall then arrive at the figures of the daily cash requirements of all adult male workers in the three zones of the tea plantations in West Bengal. The process of calculation is set forth below.". The report then further goes on to deduct the daily income from concessions from the figure of daily cash income required and thus arrives at the net daily income required for Dooars, Terai and Darjeeling. According to its calculation the net daily cash income required for Dooars is Rs. 1,167, for Terai Rs. 1,196, and for Darjeeling Rs. 1,164. Thus, Sir, the net daily cash income required by each adult male earner in the tea plantations comes to Re. 1-2-8 for Dooars, Re. 1-3-2 for Terai and Re. 1-2-8 for Darjeeling respectively. From this report (the Report of the Minimum Wages Committee on the basis of which the minimum wages were fixed) it is clear that the daily income from concessions comes on the average to Rs. 0.558 or eight annas eleven pies per day per worker. Now this amount has been withdrawn. In the years 1952-53 all concessions on foodstuffs and other items were withdrawn unilaterally by the employers. The West Bengal Government set up a new Minimum Wages Advisory Committee and ratified this decision of the employers in 1953 and to make up for the hiatus they allowed a total cash conversion of five annas and six pies in three instalments in place of the actual daily wage loss of eight annas and eleven pies. The actual daily wage loss, according to the report of the Minimum Wages Committee, was eight annas and eleven pies and the restoration of wages amounted to five annas and six pies per worker. Thus, Sir, the all inclusive wages of workers of Dooars and Terai came to Rs. 1-8-6 in 1953 while it was Rs. 1-11-11 in 1951. It is clear, therefore, that the addition of three annas in 1955 did not raise the wage level to the standard of 1951, i.e., Rs. 1-11-11. This level is also far short of the standard recommended by Mr. Despande, Director of the Labour Bureau, Government of India. I refer to page 73 of Despande's Report on an enquiry into the cost and standard of living of plantation workers in Assam and West Bengal in the year 1948 in which it has worked out and recommended a wage rate of Rs. 1-10-3 per day for male adult workers of Bengal exclusive of concessional supplies of foodgrains and other things. So, the present rate of Rs. 1-8-6 may be compared with Despande's fair rate of Rs. 1-10-3 per day.

[4-4-10 p.m.]

Thus the loss in wages of workers has not been fully compensated because of the withdrawal of concessional foodgrains. The restoration was much less than the actual loss of wages due to withdrawal of concessional food. Besides this, there were lay-off days and lay-off hazries which do not find any place in the Hon'ble Minister's statement. During the so-called crisis year most of the tea estates resorted to four or five days' work and some estates to one hazri work in a week. In some plantations the average earning of a worker in this so-called crisis period came down to 3 annas per day per worker.

Then, about bonus. The statement of the Hon'ble Minister goes on to say that as regards bonus for the year 1953 a tripartite agreement on the 11th August, 1954, was reached in which an attendance allowance of two annas for adult workers and of one anna for employable children was agreed to. According to this agreement, it is said in the statement that the issue of bonus would be waived on that basis. It never occurs in that agreement. I have a true copy of that agreement with me. In paragraph 3 of the tripartite agreement which fixes the attendance allowance it is nowhere stated that the claim of bonus will be waived, if an attendance allowance of two annas is given to each worker. The Labour Minister has clearly given a distorted version of the agreement with respect to bonus.

Now, about loss or depreciation of profit. The Hon'ble Minister in his statement has tried to show that the implementation of the Plantation Labour Act will take a big slice out of the profits of the employers and that many companies have been earmarking funds for this purpose. Sir, we may examine a sample of this earmarking of funds for implementation of the Plantation Labour Act. The Indian Tea Planters' Association submitted a memorandum to the Industrial Committee on Plantation. In this memorandum it has been shown that the Kamala Tea Co., Ltd., has earmarked a sum of Rs. 2 lakhs for implementation of the Plantation Labour Act out of a surplus profit of Rs. 6 lakhs 13 thousand, that is the profit which is available after providing for taxations. But in the balance-sheet of the Company for the same year there is no earmarking of this sum for this specific purpose. But instead of this item there is about Rs. 50,000 earmarked for the Managing Agents, Messrs. Rays, Ltd., of which a Congress M.P. is a proprietor.

About depreciation of profits—Sir, profits for 1954 have been treble of the profits of 1953 according to Sunday Express. The profits of big tea estates have jumped from £8,00,000 in 1953 to £24,000,000 last year. Several examples may be quoted from the Investors Year Book. I shall cite only two or three illustrative cases. The Ambari Tea Company has declared an ad interim dividend of about 600 per cent. on 1954's working. The Jalpaiguri Tea Company has declared 700 per cent. dividend for 1953. The plea of the Labour Minister that most of the companies have earmarked funds for implementation of the Plantation Labour Act and have suffered a big loss in their profits is thus thoroughly exposed. The whole statement, Sir, is a tissue of untruths and it seems to be a brief prepared not even by his own Secretariat but by the Employers' Association on his behalf.

# 8]. Pijush Kanti Mukherji:

মাননীয় সভাপাল মহাণয়, যে কোন শিল্পের অগ্রসরতা অনেকটা নির্ভার করে সেই শিল্পে নিযুত্ত প্রমিকদের আর্থিক উমতি এবং অন্যান্য সূবোগ স্বিধার উপর। এই দিকে লক্ষ্য রেখে ব্যাধীনতার পর যেভাবে কন্সিলিরেশন মেজার-এর মধ্যে দিয়ে ই-ডাম্মীয়াল প্রমিকদের উমতির চেন্টা করা হরেছে, সেই প্রধা থেকে জল্পাইগ্ডি জেলা, দাজিলিং জেলা বাদ যায় নি। যার কলে স্বাধীনতার প্রে প্রসিকদের মজ্মী ছিল ১৪ পরসা, সেই ১৪ পরসা থেকে এখন এক

টাক। সাড়ে এগার আনা হয়েছে: এইজন্য কোন প্রকার ধর্মঘট বা গোলমাল হয় নি. কেবলমাট কন্সিলরেসন মেজার এবং গভন মেল্ট-এর অক্লান্ড প্রচেন্টালরেসন মেজার এবং গভন মেল্ট-এর অক্লান্ড প্রচেন্টার ম্বারা এটা সম্ভব হয়েছিল। কারণ বখন ধর্মঘট দেখা দিয়েছিল তখন বাংলার চা শিল্পে নিযুক্ত শ্রমকদের সংগঠন যা ছিল ডাডে ধর্মঘটের ম্বারা এটা সম্ভব হত না, এই ধারণা করে সরকার বিশেষ চেন্টা করেন যার ফলে এই ব্যবস্থা করা সম্ভব হয়েছে। কিন্তু এই ব্যবস্থা হওয়া সত্ত্বেও যে পরিমাণে হওয়া উচিত ছিল সে পরিমাণে তাদের ব্যবস্থা হয় নি. আরো ম্বেণ্ড রে গায়েছে। আরো কয়েকটি চা বাগানে উন্নতি করবার আছে। কিন্তু এ কথা মনে কয়েলও যে স্ট্রাইক হয়ে গেল সে সম্পর্কে রাদিবেচনা করি তাহলে দেখবো শ্রমকদের মজ্বীর শুধু ব্যাপার না কছ্মিদন প্রেণ থেকেই চায়ের ম্লা নিয়ে তারা বিবেচনা করছে, শুধু তাই নয় স্লাকিং-এর জন্য সেরপ্রতি দুই পয়সা, তিন পয়সা করে দেওয়া হচ্ছে, কিন্তু ছয় মাসের মধ্যে প্রনরায় স্থাইক করার কোন প্রয়েজন আছে কিনা বা এই ধর্মঘটে শ্রমিকদের সমর্থন বা কতথানি নৈতিক যোগ আছে সেটা বিচার করে দেখতে হবে। প্রকৃতপক্ষে এই যে ধর্মঘট হয়ে গেল এর পিছনে শ্রমিকদের বিশেষ কোন যোগ ছিল না, তারা এটা চায় নি। তারা চেয়েছিল অবস্থা কি হয়্ম সেটা দেখে তারপর বাবস্থা অবলম্বন করেবে।

[4-10—4-20 p.m.]

সেখানে দলগত প্রচারের স্থযোগ নেবার জন্যে এই সময় স্থাইক নোটিশ দেওয়া হয় এবং শ্রমিক ধর্মঘটের সময় বলা হয়েছিল—তোমাদের চিন্তা নেই চার দিন ধর্মঘট করলে দাবী-দাওয়া আদায় হবে। কিন্তু প্রকৃতপক্ষে শ্রমিকের ইচ্ছা ছিল না। আমি বলি না যে শ্রমিকরা ধর্মাঘট করে অন্যায় করেছে, কিন্তু ওই সময় করাতে কেবলমাত্র শ্রমিকদের ক্ষতি হয় নি. চা চাষের সময় ওই ধর্মাঘট চলাতে প্রথমবার চা পাতা নন্ট হয়, এবং তাতে চা শিল্পের একটা গ্রেত্র ক্ষতি হয় কারণ, ২১ দিন অপেক্ষা করতে হল, কারণ শ্রমিক পাওয়া যাবে না। ধর্মঘট করায় শ্রমিকদের উপকার হয় নি, যথেষ্ট অপকার হয়েছে। কেবলমাত্র যেখানে মেটার্রানটি বেনিঞ্চিট আনতে অন্যান্য সমুহত সুযোগ সুবিধা মিলেছিল তেমনি যদি অবস্থা থেকে বুঝতে পারতাম যে কিছু স্যোগ স্বিধা আসবার সদভাবনা তাহলে না হয় হত। কিন্তু এথানে শ্ধ এমিকদের নিয়ে জ্য়াথেলা হয়েছে। একথা অস্বীকার করবার উপায় নেই যে, চা শিল্পের এতে বিরাট ক্ষতি হয়েছে যার ফলে জাতীয় আয়ের পথও বন্ধ হল বা ক্ষতিগ্রন্ত হল। অবশ্য একথা স্বীকার করব যে, শ্রমিকদের যে পরিমাণ স্যোগ স্বিধা পাওয়া দরকার তা তাদের নেই। তাদের ষ্ট্যান্ডার্ড অব লিভিং বাড়াবার চেষ্টা করা দরকার। কিন্তু যেসমূহত শ্রমিক প্রতিষ্ঠান ধর্মাঘটের নোটিশ দিয়েছিলেন প্রকৃতপক্ষে তারা যে একটা দিকই দের্থোছলেন সে বিষয়ে সন্দেহ নেই। চা-শিল্পের ডেভলপ্মেন্ট-এর দিকটা তারা উপেক্ষা করেছেন। বিশেষকরে আমাদের এলাকায় চা-বাগানের যা অবস্থা তাতে সেখানে যদি দিন আট ঘণ্টা করে কাজ করে তাহলে যে পরিমাণ আয় হয় তার ডবল আয় হতে পারে, কিন্তু শ্রমিক নেতাদের ভূল পরিচালনার ফলে তাদের আয় শুধু কমে যায় না, তাদের মধ্যে প্রচার করা হয় কাজ কম কর বেশী পয়সা হবে। চা-বাগানের সম্বন্ধে যাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা আছে তারা নিশ্চয়ই এরকম কাজ করতে উৎসাহ দিতে পারে না। জ্যোতিবাব, যে সমুদ্ত কথা বলেছেন তাতে মনে হয় চা-বাগান সম্পর্কে, চা শিল্প সম্পর্কে তার বাব আনা জ্ঞান নেই, এটা তার ভেটিমেন্ট থেকে পরিন্কার হয়ে যায়। স্তরাং আমার কথা র্যাদ সাত্যকারের শ্রমিক মংগল করতে হয়, ধর্মঘট যাতে রাজনৈতিক স্বার্থে পরিচালিত না হয়, সেটা দেখতে হবে। কর্নাসলিয়েশন-এর পথে সমস্যার সমাধান দেখাই উচিত। আমি বলব বর্তমান অবস্থাতেও শ্রমিকরা যা পাচ্ছে তার দ্বিগৃণ আয় তারা করতে পারে। যে অবস্থার মধ্যে ধর্মঘট নোটিশ দেওয়া হয়েছিল এর ফলে ভাল করে দেখেছি শ্রমিকের খুব ক্ষতি হয়েছে, চা-মালিকের ক্ষতি হয়েছে এবং আমাদের জাতীয় আয়ের পরিমাণও কমে গেছে।

#### Sj. Byomkes Majumdar:

মাননীয় দ্পাঁকার, সাার, আমাদের শ্রমমন্দ্রী মহাশয় বে ভেটমেন্ট উপস্থাপিত করেছেন, এবং বিরোধী পক্ষের জ্যোতিবাব, সে সন্বন্ধে যা বল্লেন তার দ্বারা মনে হল এবার এই হাউসেরও কারো বৃত্তাতে বাকী রইল না থে, শ্রমিক আন্দোলন এবং চা শিল্পের সন্বন্ধে জ্যোতিবাব,র জ্ঞান কতথানি। ইনি বিরোধী পক্ষের মুখা বস্তা হিসেবে শ্রমমন্দ্রীর বন্ধৃতা এবং বস্তব্য সকলের

কাছে যেভাবে এ'কে দিলেন তাতে একটাও যদি সত্যতা এই ষ্টেটমেন্ট থেকে পাওয়া যেত তাহলে বুনাতাম তার কথা বলার একটি উদ্দেশ্য আছে। এবং সে উদ্দেশ্য শ্রমিক্রদের স্বার্থের অনুক্লে। কিল্ড এই কথা ঠিক যে বাংলাদেশের চা একটা এমন শিল্প যে শিল্পের সঞ্জে শুখু চা বাগানের কর্মচারীরাই সংশ্লিষ্ট নয়, সারা বাংলাদেশের লোক এই শিল্পের সংশ্লে নানাভাবে জডিত। বাংলাদেশের পাট শিল্প এবং চা শিল্প এমনভাবে বাংলাদেশের অর্থনীতি পরিচালনা করছে যে, এই দুটো শিল্পের যদি কোন রকম ক্ষতি হয় তাহলে সমগ্র বাংলাদেশের ক্ষতি হবে, এটা সকলেরই মনে রাখা উচিত। আমাদের শ্রমমন্ত্রী এখানে সমস্ত কথা, একটা কথাও গোপন না রেখে বলেছেন। তিনি বলেছেন শ্রমিকদের প্রতিনিধি, মালিকদের প্রতিনিধি এবং সরকারের প্রতিনিধি যখন একর হয়ে ঠিক করলেন যে, কাজ ঠিকমত চলবে তখন সেখানকার তথাকথিত শ্রমিক প্রতিনিধি তা না করে গো-স্লো পলিসি করে শ্রমিকদের স্বার্থ জলাঞ্জলি দিলেন। এবং এই উদাহরণ যদি সারা বাংলাদেশের শ্রমিকরা গ্রহণ করে তাহলে বাংলাদেশের ক্ষতি হবে তা সকলেই স্বীকার করবেন। এবং আমি আপনাদের দেখাবো এই গো-স্লো পলিসি নিয়ে এই ষ্টাইক-এর আন্দোলন আগে থেকে চেণ্টিত হয়েছে। আর একটা জিনিষ এই যে জিলা চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন—সেটা অত্যন্ত দঃম্থ। তাদের অবস্থার উন্নতি হওয়া অত্যন্ত দরেহ। কিন্ত তাদের উন্নতি করবার নাম করে এবং শ্রমিকদের প্রতিনিধিত্ব করবার যে ব্রথা চেন্টা করে শ্রমিকদের যে ক্ষতি তাঁরা করে থাকেন, তার নমনা এই চায়ের ধর্মঘট অবলম্বন করে আপনারা দেখবেন।

# [4-20—4-30 p.m.]

তারপর আর, এস, পি. পরিচালিত যে ইউনিয়ন—তাঁরা করলেন কি, কিভাবে গ্রামিকদের উত্তেজিত করে মালিকদের বির্খাচরণ করিয়ে ইনডিসিপ্লিন-এর চূড়ান্ত করে, তাঁরা সেই গোন্দ্রো পালিসি অবলম্বন করলেন। তার ফলে মালিক পক্ষ ও শ্রমিক পক্ষ নিজেরা অসহায় অবস্থার মধ্যে পড়লেন।

তৃতীয়তঃ ভূয়ার্স চা-বাগান ওয়ার্কার্স ইউনিয়ন আর, এস, পি, পরিচালিত। সেখানে তাঁরা প্রায় শতকরা ৮০ জন শ্রমিক কাজে যেতে চায়, তারা তাদের কাজে যেতে দেয় নি। তাদের উপর বল প্রয়োগ করা হয়—সেখানে যাতে কোন রকম তারা প্রিলসের সাহায্য না পায় তার জন্য রাস্তা কেটে, বড় বড় কাঠের গ্র্ডি দিয়ে রাস্তা বন্ধ করা হয়েছে। এর মানে কি—এ কথা তাঁরা জানেন।

আজকে শ্ধ্ বাংলাদেশে নয়. সারা ভারতবর্ষে প্রত্যেকে জানেন শ্রমিকরাও বিশেষকরে জানেন যে, শ্রমিকদের উন্নতি করবার নাম নিয়ে যে ধনুজা তাঁরা বয়ে বেড়ান, সেই ধনুজা তাঁরা শ্রমিকদের ধোকা দেবার জন্য, শ্রমিকদের দ্বরক্থাকে আরও দ্বর্দশাপন্ন করবার জন্য তাঁরা বিশ্বাস করেন লোকের দ্বর্দশার অবস্থা এলে পর অবস্থা নিন্দেন গেলে তাঁদের রিভলিউসন-এর স্বাদ বাসতবে পরিণত হতে পারবে; তাঁদের হাতে ক্ষমতা আসতে পারবে। সেইজনা তাঁরা শ্রমিকদের উন্নতি করবার নাম নিয়ে লোককে ভাওতা দিতে পারেন, আসলে কিছ্ব করতে পারেন না। যদিও এতদিন তাঁরা ভাওতা দিয়ে এসেছেন। আজ ভারতবর্ষের কোন এলাকার শ্রমিক তাদের এ কথায় আর ভোলে না।

সভাপতি মহাশয়, আপনাকে আমার কাছে একটা রিপোর্ট আছে, তার কথা বলি। সেখানে স্বাসিনী টী এন্টেট আছে, সেখানে ইনটিমিডেশন হয়েছে, যারা লয়্যাল ওয়ার্কার্স কাজ করতে যেতে চেয়েছিল—তাদের উপর এমন অত্যাচার হল যে তার ফলে প্রমিকদের স্বাথের জন্য যারা সেখানে গায়েছিল, তাদের অন্তন্দেশে শ্রমিকরা পতিত হল, এবং তার ফলে হয়েছে—তাদের যে সংস্থা ছিল, তা নন্ট হয়েছে। আমরা যারা ট্রেড ইউনিয়ন করি, আমরা বিশ্বাস করি—ছাইক যখন প্রয়েজন হয়, করা উচিত। কিন্টু সেই ছাইক করতে গিয়ে শ্রমিকদের যদি ক্ষতি হয়, তারজনা যারা তাদের পরিচালনা করেন, তাদের যদি সেই দ্রেদ্গিট না থাকে, তাহলে তাঁদের শ্রমিকদের পরিচালনা করবার কোন অধিকার নাই।

আর একটা টী এন্টেট-এর পি. এস, পি. পরিচালিত ইউনিয়ন—তার ম্যানেজারকে ঘিরে ধরে ছিল। থবরের কাগজের মাধ্যমে এ কথা প্রচার করবেন যে পর্নাশ গর্লি চালিয়েছে, কারণ বস্থুতার মধ্যে সে কথা সরকার এড়িয়ে গিয়েছেন। অনেক কাগজে প্রকাশ হল যে, সেখানে গর্লি চালান হয়েছে, তব্ প্রম্মশ্রী সে কথাটা, গ্লি চালানর কথাটা, যদি সত্য কথাটা না বলতেন তাহলে ও'দের অস্ববিধা হত না। সত্য কথা বলেছেন বলেই ও'দের ভর্মুঞ্কর অস্ববিধা হরেছে। অতএব শ্রম্মশ্রী মহাশয় যে বস্থুতা দিয়েছেন সভার মাঝখানে, তা আমি সমর্থন করছি।

## 8j. Bankim Mukherji:

সভাপতি মহাশয়, আমরা শ্নে আফ্বস্ত হলাম যে, চা-বাগানের শ্রমিকদের দ্রবস্থা সম্বন্ধে কংগ্রেস অবগত আছেন। কিন্তু আমাদের ধারণা ছিল যে, তারা অবগত নেই।

ইংরাজ থাকবার সময়তে প্রায়ই চে'চাতে হত যে কোন ইংরাজের লাথির চোটে চা-বাগানের কুলির পিলে ফেটে যেতা. এবং অনেকবার আমরা চা বয়কট করি—এ'টা আমাদের জীবংকালে রাজনৈতিক আন্দোলন ইংরাজের সংগ্ সংগ্রামের জন্য অনেকবার আমাদের করতে হয়েছে, চা-পান বয়কট্ এবং এ কথা প্রচলিত ছিল যে, চা-পান, মানে, কুলির রক্তপান। এ'রা এখন এত অর্বাহত আছেন, চা প্রমিকদের দৃঃখ দৃর্দ'শা সম্বন্ধে যে এ পর্য'নত এখানে অন্যানা সমস্ত শিলেপ ভারতবর্ষের প্রমিকদের জন্য যে সমস্ত কল্যাণকর জিনিষ কিছু, কিছু ছিটে-ফোটা দেওয়া হচ্ছে, আজ পর্য'নত চা-বাগানের প্রমিকদের তা দেবার কোন ব্যবস্থা বা চেট্টা করেন নি। তারা এত অর্বাহত আছেন, চা-প্রমিকদের দৃঃখ দৃর্দ'শা সম্বন্ধে যে এখনও পর্য'নত তারা চিন্তা করছেন যে চা-প্রমিকদের দাবীদাওয়া দেওয়া যাবে কিনা? তাদের বোনাস দেওয়া সম্ভব হবে কিনা? অথচ এই চা-বাগান থেকে শৃধ্ব যে চায়ের মালিকরা লাভ করেন, তা নয়, কংগ্রেস সরকারও প্রচুর লাভ করে থাকেন এই চায়ের বাবসা থেকে। অতএব কংগ্রেস সরকার তার সম্পূর্ণ লভ্যাংশটা গ্রহণ করে থাকেন বেশ বড় রকম চায়ের উপর ট্যাক্স বিসয়ে। চায়ের উপর ট্যাক্স বসানর প্রতি আমাদের কারওত ধারণাই আসে না। চা থেকে যে মুনাফা হয়, সেই মুনাফার প্রথম অংশ কাদের প্রাপ্য)? সরকারের প্রাপ্য নিশ্চয় নয়। যারা না খেয়ে চা উৎপাদন করে সেই প্রমিকদের এটা প্রাপ্য।

## [4-30-4-40 p.m.]

ভারতবর্ষে যতগুলি শিল্প প্রতিষ্ঠান আছে এবং তার মধ্যে যতগুলি শ্রমিক কর্মে নিয়োজিত আছে—তার মধ্যে সবচেয়ে খুব নাঁচু অংশ হচ্ছে কয়লা থনির শ্রমিকদের, এবং তার চেয়েও অধগতি অবস্থায় আছে চা-বাগানের শ্রমিকরা। সাত, আট বংসর পূর্ব পর্যন্ত তারা, তারের ঘেরা জালের মধ্যে, পি'জ্বার মধ্যে বাস করতে বাধ্য হত : তাদের বাইরের জগতের মধ্যে কোন সম্পর্ক রাখা সম্ভব ছিল না। আজ সেখানে স্বাধীনভাবে সব লোকের চলাফেরার থানিকটা স্ক্রিধা হয়েছে বটে, কিন্তু সম্পূর্ণ নয়, তবে আগের চেয়ে খানিকটা চিলে হয়েছে। তার ফলে যে শ্রমিক আন্দোলন চা-বাগানে মাত্র ৩০ বংসর এই রকম সময় সেখানে কিছ্ কিছ্ চলেছে। আজকে এইমার চা সম্পর্কে কংগ্রেসী সদসোর মূখ থেকে শ্বনলাম যে চা-শ্রমিকদের তাঁরা বড় ক্ষতি করেন। মনে পড়ে ১৯২৩ সালে যখন সমস্ত আসাম ও উত্তর বাংলার সমস্ত চায়ের শ্রমিকদের বনাার মত টেনে নিয়ে আসা হয়েছিল—আমরা তখন কংগ্রেসের রাজনীতির সপ্সে ছিলাম—সেই সময় তার সম্পূর্ণ দায়িত্ব বহন করা অসম্ভব ছিল সেদিনকার আমাদের সেই কংগ্রেসের পক্ষে। যে যথন যা সংগ্রাম করেছে প্রতি সংগ্রামের সঙ্গে যুক্ত থাকার জন্য কিছু লোক শহীদ হয় এবং নানাপ্রকার ক্ষতি সহ্য করে। মনে পড়ে আজ কংগ্রেস সদস্যের মূখ থেকে যখন এই কথা আসে —যে সব সময় যারা সংগ্রাম করে প্রতিটি সংগ্রামে পাই পয়সা খতিয়ান করার মত বৃণ্ধি গভর্নমেন্ট থেকেই তাদের হয়েছে। তাই যে সংগ্রাম হয়েছে সে সম্পর্কে মন্দ্রী কালিপদ মুখার্জি মহাশর বললেন যে. এটা করা হয়েছে যখন

peak flush of the season-

. চায়ের সীজন্-এর যখন সবেণিত্তম অবস্থা সেই সময় এই জ্মীইক আহত্বান করাটা বড়ই কুপরামর্শ-জাত ও অনাবশ্যক ছিল। সুপরামর্শ হত শ্বীকালিপদ মুখার্জি মহাশরের—অর্থণিং, যিনি সব

সময় মালিকদের দিকটা বেশী কোরে দেখবার জন্য অভাস্ত—তাঁর মতে হওয়া উচিত ছিল श्रोहेको (सरे समय यथन हारमंत्र स्वाहर स्वाहर सीकान-वर्णा थाल मानिका कान तकम আঘাত লাগবে না. ঠিক সেই রকম সময়ে দ্মীইক করা হলে তাতে আপত্তি করবার কোন কারণ थाकछ ना। कातन, स्मिष्टे न्नाकि मौकान-० दला भागितकता तथा नित्रभूतत वाम कतरा भारत। কিন্তু শ্রমিকেরা বহু তিক্ত অভিজ্ঞতার ভিতর দিয়ে জেনেছে যে এই সমস্ত মালিকদের কিছুতেই সূব্যিশ ও সূব্রিছ দিয়ে অবনত করা যায় না। তাদের একমাত্র অবনত করা যায় যখন তাদের পকেটে হাত পড়ে। এবং সেই পকেটে হাত দেওয়াটা যদি দুত করতে হয় তবে এই পীক্-সীজনই সবচেয়ে বেন্ট সিজন। স্ট্রাইক এক প্রকার লডাই বা সংঘাত : এবং সেই লডাই যে চালায় তাকে সবসময় এই কৌশল গ্রহণ করতে হয়, যখন অপর পক্ষের সবচেয়ে ডিস্এ্যাডভালেউজাস্ পোজিশন —তার পক্ষে সবচেয়ে হানিকর অবস্থা—সেইটার সুযোগ গ্রহণ করাটাই সুযোগ্য নেতাদের কর্তব্য। আর একটা কথা বলেছেন অনাবশ্যক। অনাবশ্যক ত নিশ্চয়ই। কেন না এত লাভের পরেও বোনাস সম্বন্ধে আজও চিন্তা কোরে স্থির কোরে উঠতে পারলেন না। কাজেই অনাবশাক নয় ত কি? তাই শ্রমিকের যে সমস্ত সংগঠন তাদের শেষ পর্যন্ত সিম্ধান্ত হল যে চায়ের পাতার বড় হবার আর মাত্র ১৫ দিন আছে সেই সময় যদিও তাদের দ্মাইক খবে জোরালো ছিল. এবং আরও এক হতা দুই হতা চালালে পর মালিকেরা যদিও অবনত হতে পারে কিন্তু তাহলে চায়ের সীজন টা নন্ট হয় বোলে ১৫ দিন আগে যখন চায়ের পাতা তোলবার মত অবস্থায় এসেছে সেই সময় এক দিনের মধোই তারা সবাই দ্মীইক উইথড়ু কোরে নিলেন। কাজেই স্ট্রাইকটা জ্ঞানহীন বা শ্রমিকদের নেতৃত্ব নয়। অনাবশ্যক কেন? এরা ত নোটিশ দিয়েছেন। তার পরে মিটিং যখন ডাকা হল ১৮ই জ্লাই চা-বাগান ওয়াকাস ইউনিয়ন ৩০শে জ্ল জানিয়েছিল যে আমরা গ্মাইক করতে বাধ্য হব, তথন

tripartite meeting was accordingly held on the 29th July.

এই চিলেমী, এই অবহেলা চা-বাগান শ্রমিকদের নয়, শ্রমিকেরা বাংলাদেশের প্রত্যেকটি ক্ষেত্রে এই জিনিষ্টা অনুভব করে। আমাদের লেবার ডিপার্টমেন্টও কিছুতেই শ্রমিকদের অবস্থার প্রতি তাদের দাবীর প্রতি সহজে কর্ণপাত করতে রাজী হয় না। এবং এই কারণে বার বার এই প্রকার করতে করতে হায়রান না হলে পর সহজে তাঁরা যে সুখের আসনে বসে থাকেন তা থেকে নডতে চান না। এরা জানায় ৩০শে জনে যে জেনারেল স্ট্রাইক হবে, ১৬ই আগস্ট। এইটক জ্ঞানা সত্তেও বাইপার্টাইট মিটিং হতে পারল ২৯শে জলোই : এতদিন গা ঘামে নি খোঁজ নিতে। ষধন দেখলে প্রায় হয়ে এসেছে আর ১৫ দিন পরে স্মীইক হবে তথন হঠাৎ ঘ্রম থেকে উঠে একটা বাইপার্টাইট এগ্রিমেন্ট করবার চেন্টা করলেন এবং সেটা ফেল করল। ফেল করল এইজনা যে. যেহেত, গভর্ণমেন্ট একটা স্ট্রং-স্ট্যান্ড নিতেন মালিকদের উপর যে তোমরা যে মুনাফা কর সেই মানাফার একটা অংশ দিতে হবে—এই জোরালো ন্ট্যাণ্ড গভর্ণমেণ্ট যদি নিতেন তাহলে বাইপার্টাইট এগ্রিমেন্ট ফেল করে না। এই চা-বাগান মালিকের অবস্থা যথন খারাপ হয়, ১৯৫২ সালের শেষ থেকে ১৯৫৩ সালে যখন দর পড়ে যায় তখন মাহিনা কমাবার সময় যখন মালিকেরা আবদার করেন তাতে দেরী হয় না। যথন তখন গভর্নমেন্টের কাছে টাাক্স কমাবার আবদার করলে টাব্র কমাতে দেরী হয় না। মালিকের কাছ থেকে ডিম্যান্ড আসলে সেই ডিম্যান্ড আমাদের এই কংগ্রেস গভর্নমেন্টের পক্ষে দিতে দেরী হয় না–যেহেত তাঁরা শ্রমিক ও ক্ষকের নামে সত্যিকার নেতা, আর আমরা মিখ্যা নেতত্ব করি, সে কথা বেশ ব্রুতে পারা যায় যে, কৃষক ও শ্রমিকদের দাবী এই গভর্নমেন্ট কতটা চট্ কোরে শোনেন, আর ক্লোরপতি মুন্ডিমেয় বাবসায়ীর দাবী তারা কত শোনেন। পাটকলেও এই রকম দেখতে পাই—আজ পর্যন্ত ওয়ার্কার্স ডিম্যান্ড भौगे कत्रार भारतन नि । प्रोहेनिউन्गाम ২-८म इटक, भामिक छात्र छिमान्छ दर्कार्ग दर्कार राज्यात ট্যাক্স উঠাতে চায়। আজ পাটের দর পড়ে গেছে, তার জন্য কৃষকের ডিম্যান্ড শ্বনতে চান না, কিন্তু মালিকের ক্ষতি হলে তখনই শ্নেবেন। চায়ের দাম যথন পড়ে গেল কই তখন ত মজ্বী কমাবার সময় ইতস্ততঃ করতে হয় না, তাতে ত দেরী হয় না, সেটা খুর চট কোরেই হয়, কিন্তু ১৯৫৪ সালের গোড়া থেকে চায়ের দায় এমন বাড়তে থাকল সবাই বললে ২-৪ মাস পরে যে এ রকম ত বাজার হয় না, আর তারপরে ১৯৫৪ সালের মাঝামাঝি নাগাদ যখন পীক-এর উপরও পীক ছাড়িয়ে গেল অর্থাৎ মাউন্ট বেন্স ছাড়িয়ে মাউন্ট এভারেণ্ট-এর মত হল-যা প্রথিবীতে

কখন হন্ন নি এবং সে জায়গায় ১০০ পার সেন্ট, ২০০ পার সেন্ট ডিভিডেন্ড অনেকে দিয়েছে : আমি সেদিন একটা বাগানের কথা বলছিলাম যারা ১০০০ পার সেন্ট ডিভিডেন্ট দিয়েছে. আর শনেলে অবাক হবেন যে, মাহালকাটা টি গার্ডেন ৩.০০০ পার সেন্ট ডিভিডেন্ড ডিক্রেয়ার করেছে। একটা বাগানের ১০০ টাকার শেয়ারে ৩,০০০ টাকা ডিভিডেন্ট দিলে—অর্থাৎ এই রকম যখন চায়ের অপর্বে দাম বেডে যায় তখন চা-বাগানের শ্রামকেরা তা দেখতে পায় এবং বোঝে ষে, তারা কিল্তু সেই হা আল, হা আল কোরে বেডাচ্ছে। যখন চায়ের দর কমে গেছে তখন আমনি তাড়াতাড়ি মাহিনা কমে যায়। আর ১৯৫৪ সালে যখন দর খ্ব বাড়ে তখন কুপা কোরে দুই আনা তিন আনা কোরে রেট বাডিয়েছিলেন। সেইটাই তাঁরা মনে করেন যথেণ্ট। মন্ত্রীমহাশয় বলেছেন ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট করবার ছয় মাস পরে কেন এ করা হয়েছিল? ছয় মাস পরে ষেটা বড দাবী ছিল, সেটা বোনাসের দাবী। এতবড মুনাফা! কত বোনাস দেবে? সংগ্য সংগ্র প্রাভাবিকভাবে অন্যান্য যে সমস্ত দাবী তাদের আছে সে সকল টেম্পোরারী মেজার মাত্র। চায়ের দর যখন সবে উঠছে তখন সেটা টেম্পোরারী হর্মেছিল। তার পরে ওয়েজ স্টাকচার ঠিক করবার জন্য, প্রভিডেণ্ট ফাণ্ড প্রভৃতি করবার জন্য দাবী অনিবার্য হয়ে ওঠে, গভর্নমেন্ট সেই সময় র্যাদ এাড-ইন্টারিম বোনাস দিতে পারতেন--এক মাস, দুই মাস বা তিন মাসের তাদের ওয়েজেস দিয়ে বাকীট্রক দিতে পারতেন—যা নাকি ইনডাণ্টিতে হয়ে থাকে,---গভর্নমেন্ট যদি একটা স্টাং-क्रान्ड निर्ञ भ्राप्तिकरात भरक जारल जाल रह। किन्ड गर्जन या किह, म्ये:-प्रान्ड নেন, তাঁদের যা কিছা দ্বেংগ্থ্ - সে ঐ মালিকদের পক্ষেই সব সময়ে দেখা যায়। এ জনা হল কি? তাঁরা বলছেন এটা সেভেন্থ এদানুয়াল অ্যাডভাইসরি কমিটি মিটিংএ ঠিক হবে এই প্রভিডেন্ট ফান্ড সম্বন্ধে। প্রভিডেন্ট ফান্ড সম্বন্ধে তা না হয় হল কিন্ত

"as pointed out at the meeting of the Advisory Committee that no decision was taken regarding bonus for 1954 because the Government of India in the Ministry of Labour as well as Ministry of Commerce and Industry considered it very desirable that these issues should be tackled on an all-India basis....."

# [4-40-4-50 p.m.]

কেন অল-ইণ্ডিয়া বেসিসের উপর চা-বাগানের শ্রমিকদের বোনাস ঠিক হবে, কিসের জন্য অল-ইন্ডিয়া বেসিসে হবে? সেটাকে মনে করা হল যে এমন একটা সাংঘাতিক দলীল যে তার আর নড়চড় হবে না, অথচ এরচেয়ে বড় হল পেট্রোল ইণ্ডাম্ট্রি মনোপলি ইণ্ডাম্ট্রি চারটি কোম্পানী আছে সমস্ত ভারতবর্ষে তাদের যথন বোনাস ডিম্যাণ্ড করা হয়েছিল অল-ইণ্ডিয়া বেসিসে তখন সেন্ট্রাল গভর্নমেন্ট অস্বীকার করলেন, তাঁরা বললেন এটা জোনাল বেসিসে করতে হবে। অথচ চায়ের বেলায় অল-ইন্ডিয়া বেসিসে, এ যুক্তি কোথা থেকে আসে? চা-টা মনোপলি কনসার্ন নয়, সূত্রাং এর বোনাসের বেলায় অল-ইন্ডিয়া বেসিসের কথা আসবে কেন, এবং সেটা এত বভ যাত্তি -- আমাদের বাংলার শ্রমিকরা সেটা মেনে নেবে কিসের জন্য ? সব জায়গার অবস্থা এক নয়, লেবার কণ্ডিসন এক নয়, মূনাফা এক নয়। সূতরাং সেই একই বেসিসে কেন হবে? বোলেব চিবাঙ্কর-কোচিনে লেবার কণ্ডিসনের কথা পূর্বেই বর্লোছ আননেসেসারিল এর কি প্রয়োজন আছে? সেখানে শেষ পর্যন্ত এ'দের মাথা নত করতে হয়েছে এবং সেই হিসাবে আমার মনে হয় এমালয়াসারা কি বলেছে প্রভিডেন্ট ফান্ড দেওয়া হবে এবং লেবার এনক্ট যেটা হয়েছে -भ्नानरहेमन लाबात आहे—এहा कतरू शास्त्र भन जाएन श्रीकरहेत अकहा विश् म्नाइम आडेहे अव দেরার প্রফিট যাবে এবং এটা মন্ত্রীমহাশয়ের স্টেটমেন্টের ভেতর পাই, তিনি বিগ স্লাইসটা, হিসাব করে দেখিয়েছেন যে কতথানি তাদের প্রফিট হয়েছে। সেই প্রভিডেন্ট ফাণ্ড প্লানটেসন লেবার এনাক্টে করতে গেলে পরে কতট কু মাত্র যাবে—এতে তাদের কিছ ই দাঁত ক্ষয় না। এইট কু হিসাব দিয়ে দেখান এই তাদের প্রফিট এবং এটা করতে গেলে পর এই খরচ. কোথা থেকে এই খরচ পাবে, বোনাস পাবে? আমি বলবো তাঁর এই স্টেটমেন্টের কোন অর্থ নেই।

আবার কেউ কেউ বলেছেন এটা ইঞ্জিনিয়ারড ষ্টাইক। ইঞ্জিনিয়ারড যদি হোত তাহলে পরে ৫০ পার্সেন্টের উপর, ৬০ পার্সেন্ট, ৭০ পার্সেন্ট টি গার্ডেন্সের যদি ঐ অবস্থা থাকতো, তাহলে এই রকমভাবে শ্রমিকদের, যারা বাইরের জগং থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে আছে, তাদের মধ্যে এত বড় একটা পরিবাণ্ডভাবে আন্দোলন হোত না। যদি ভেতর থেকে স্পনটোনিয়াস না হত তাহলে পরে কারো সাধ্য নেই এই রকমভাবে জ্মাইক নিয়ে আসা। সেখানে কংগ্রেস নেতৃত্ব, নিজেদের নেতৃত্ব বজায় রাখবার জন্য যে ইউনিয়ন আছে তারাও বাধ্য হয়েছে জ্মাইক করতে। যেহেতৃ চা-বাগানের শ্রমিক সাধারণের যে ডিম্যাণ্ড ছিল সেটা নায়সক্গত ছিল, সেই ডিমাণ্ডের বির্দেধ গেলে কংগ্রেসকেও টিকতে হত না। স্ত্রোং এটা ইঞ্জিনিয়ার্ড স্মাইক নয়। তার ভেতরে একটা স্বাভাবিকভাবে অভ্যুত্থান এসেছিল। আমার স্বচেয়ে বড় কথা হোল একটা বাইপার্টাইট কমিটি করেছেন যাতে করে তিন জন

representative each of employers and workers, Sj. Menon, Chairman of the Plantation Enquiry Commission.

এবা সমসত এসে দাঁড়াবেন। এই জিনিসগ্লি জ্ন মাসের শেয়ে দিয়েছিলেন. তখন এই জিনিষগ্লি তাড়াতাড়ি হয় নি কেন? এতথানি দ্মাইক হবার পর প্রয়োজন হোল কেন এবং শেষ পর্যাবত প্রনিলস আসে। এটা অত্যান্ত জঘণ্য লক্জার বিষয়—কংগ্রেস মন্দ্রীর ম্থ থেকে শ্নলাম লাঠি চার্জ, সেটা নাকি মাইল্ড লাঠি চার্জ হয়েছে। আমার একবার দেখতে ইচ্ছা করে মাইল্ড লাঠি চার্জ, মিডিয়াম লাঠি চার্জ এবং হেভি লাঠি চার্জ কাকে বলে। এসব কি করে তাদের ম্থ থেকে বেরোয়? তাঁরা কি উপহাস করে বলছেন মাইল্ড লাঠি চার্জ? আমরা এত বড় ম্থ গড়ালিকার মত যে এই ইংরেজদের লেখা মাইল্ড লাঠি চার্জ এই জিনিষটা আজও ব্যবহার কর্ছি, দুইং লাঠি চার্জ, মাইল্ড লাঠি চার্জ

Shame, Shame from the Communist Bench]

এটা বলতে তাদের লজ্জা বোধ হয় না, ধীক্কার বোধ হয় না। মানুষের উপর লাঠি চার্জ সেটা আবার মাইল্ড হয়েছে। এর শ্বারা তাদের যে অপমান করা হয় এটাইত সাংঘাতিক। তার উপর মাইল্ডএই কথা কংগ্রেস মন্দ্রী বলেন। লজ্জায় তাঁদের মাথা হেণ্ট হয় না। এটা যদি মাইল্ড হয়—ক লাঠি চার্জ তাঁরা চান, যে লাঠি চার্জে মানুষ মারা যায়, দাংগাহাংগামায় যে লাঠি চার্জ হয় সেই লাঠি হলে পরে তাদের মনঃপুত হয়? যে লাঠি চার্জের ফলে ৩-৪ দিন পিঠে বাথা হয়, শরীর আড়ন্ট হয়ে যায়, শুরে থাকতে হয়, সেটাই কি মাইল্ড লাঠি চার্জ।

What do you mean by mild lathi charge?

এটা সাংঘাতিক ব্যাপার। কোন সভাদেশে সাধারণ লোকের উপর এই রকম লাঠি চার্জের কথা শোনা যায় না। যারা নিরন্দ্র, যাদের ফায়ার আর্মাস নেই তাদের উপর আবার লাঠি চার্জা। যহেতু তাঁরা মনে করেন যে আমাদের বাংলাদেশের শ্রমিকদের জাবিনের কিছ্মান্ত দাম নেই, তাই হাঁরা আজ গ্র্লি চালাতে সাহস পান। সভাদেশে যেখানে শ্রমিকের হাতে ফায়ার আর্মাস আছে, সখানে হোজ পাইপ, টিয়ার গামাস ব্যবহার করা হয়, আর এখানে লাঠি চার্জের পরেই গ্লী। মবশা আমরা আশা করি এই সমন্ত যা হয়েছে তার জন্য শ্রমান্তা মহাশায় দ্বংখ প্রকাশ করবেন এবং যে সমন্ত শ্রমিকদের আজও পর্যান্ত জেলে হয়রানি করা হচ্ছে তাদের ছেড়ে দিয়ে, তাদের থেঘা পরিমাণে ক্ষতিপ্রণ দান করবেন তবে ব্যুতে পারবো যে শ্রমিকদের প্রতি তাদের কোন > র্যাদা বোধ আছে।

## Sj. Kali Mukherjee:

মাননীয় সভাপাল মহোদয়, শ্রমমন্দ্রীর বিবৃতির উত্তরে কয়েকজন বন্ধা আপনার সামনে তাঁদের নোভাব প্রকাশ করেছেন। আমি শ্রমমন্দ্রীর বিবৃতিকে সমর্থন করে কয়েকটি সত্য কথা বলবার দন্য আপনার সামনে দাঁড়িয়েছি। আমি বিশ্বাস করি শ্রমমন্দ্রী যেখানে বলেছেন, এই স্টাইক ল এ্যাডভাইজড্—মন্দ পরামর্শে এই কুকার্য করা হয়েছে, এ কথাটা অত্যন্ত সত্য, প্রমাণ্য এবং মাণ করা যায়। স্ট্রাইক আমরা করি কখন? যাঁরা ট্রেড ইউনিয়ন আন্দোলন পরিচালনা করেন, গাঁরা জানেন যে সমস্ত কর্নাণ্টিউসানাল মানস্ এক্সন্দোর করবার পর বাদ কোন জারগায় মিকদের যে দ্বংখ দ্বর্শশা তা দ্ব করার যান্তিসখণত দাবী শত চেণ্টা করেও আদায় করা সম্ভব র, তাহলে সে জারগায় হরতাল করা হয় এবং হরতাল করাও উচিত বলে আমি মনে করি এবং

সকলে তা মনে করে। কিন্তু যেখানে কর্নান্টাট্উসনাল মিনস্ আছে, সেখানে তাদের ব্যবস্থা করার জন্য কমিটি রয়েছে, সেখানে হরতাল করে শ্রমিকদের ক্ষাতগ্রুন্ত করা এবং তাদের ন্যায়া পাওনার দাবী নন্দ করা বা সেটাকে দ্রে সরিয়ে দেওয়া কোন কুর্ন্ম্পসম্পল্ল ব্যক্তি ছাড়া আর কেউ করতে পারেন কিনা আমি জানি না। আমরা দেখেছি সেখানে ২-১টা ইউনিয়ন নেই, অন্ততঃ ৮টা ইউনিয়ন সেখানে আছে কোনটা প্রজাসোসালিন্ট পার্টির, কোনটা কমিউনিন্দ পার্টির, কোনটা ইউ, টি, ইউ, সি অর্থাৎ নানান্ পার্টির বহ্রকম ইউনিয়ন সেখানে আছে। কিন্তু একটা বিষয়ে মোটামাটি সকলে একমত যে চা-বাগান অঞ্চলে শ্রমিকদের দ্বংখ আছে, শ্রমিকদের অভাব আছে এবং তাদের ন্যায়া দাবী আছে। এবং সেইজন্য ভিন্ন সময়ে তারা ক্ষাইকের নোটিশ দিয়েছে। যে কথা আমাদের কয়েকজন বক্তা বলেছেন বোনাসের দাবী, আমরা মনে করি সমন্ত প্র্যানট্সনে বিশেষ করে পশ্চিমবাংলার ভূয়ার্সা অঞ্চলে যে বোনাসের দাবী আছে, সেটা অত্যন্ত সংগত দাবী ছিল এবং সংগত দাবী আজও আছে। যে কথা শ্রমমন্ত্রী উল্লেখ করেছেন তাঁর বিব্রতিতে সেটা হচ্ছে

methods adopted by some trade unions that were ill-advised.

অর্থাৎ যে পদ্থা তারা অনুসরণ করেছে সেই পদ্থা অনুসরণ করে শ্রমিকদের ব্যতিবাদত করা হয়েছে এবং আরো দৃঃথের ভার তাদের কাঁধে চাপিয়ে দেওয়া হয়েছে—এ কথার তিনি উল্লেখ করেছেন এবং যে কথা বঞ্চিমবাব্ব একবার তাঁর বস্কৃতায় বলেছেন যে অন্যান্য ইন্ডাম্প্রিতে বহু কিছু করার চেন্টা হয়েছে কিদ্তু স্ল্যানটেসনে কিছুই করা হয় নি, আমি বলবো এটা সত্য নয়। 4-50-5 p.m.]

১৯৪৭ সালে স্প্রান্টেশন কমিটি শ্রমিকদের এক টাকা এক পয়সা, ১৯৫৩ সালে দেড় টাকা, ১৯৫৫ সালে এক টাকা আট আনা দুই পয়সা ; এছাড়া সেরপ্রতি চাপাতায় দুই পয়সা. চার পয়সা —এই রকম একটি জিনিষ আছে। কাজেই স্ল্যান্টেশন শ্রমিক বা চা-বাগানের শ্রমিকদের প্রতি কিছুই নজর দেওয়া হয় নি এই রকম রং প্রেমিসেস-এর উপর দাঁড়িয়ে বক্কতা দিলেন। তাতে হচ্ছে যে এর কোন তাৎপর্য নেই। আমি মনে করি যখন শ্রমিকদের মাইনে কাটা হয়েছিল ১৯৫২-৫৩তে যখন স্লাম এর্সোছল স্পেশালী ১৯৫১-৫২তে, সেই সময় মালিকদের উচিত ছিল, সেথানে ২-৪টি চাবাগান সেন্ট পার্সেন্ট লাভ করেছে। তাছাড়া কেউ কেউ ৬০০ পার্সেন্ট, ২-১টি হাজার পারসেন্ট লাভ করেছে, অবশ্য এসব রেয়ার কেস, এছাড়া আর সকলেই ২০০ থেকে ৩০০ পারসেন্ট প্রফিট করেছে, তথন এই সমস্ত কোম্পানীরা এগিয়ে এসে বোনাস দেয় নি. দেওয়া উচিত ছিল, কিন্ত তারা দেয় নি। সেই কারণেই শ্রমিকদের মধ্যে চাণ্ডল্যের স্থিত হয়েছে। কিল্ড সেইজন্যুই ট্রেড ইউনিয়ন-এ নিয়ত্ত শ্রমিকদের এমন একটা জিনিষের মধ্যে ঠেলে দিলেন যাতে তারা মার খাচ্ছে, এটা সূব্যুন্থির পরিচয় দেন নি। এর ফলে লাভ হচ্ছে যথন আর্রবিট্রেশন বোর্ড হচ্ছে তখন প্রজা স্যোসালিষ্ট ইউনিয়ন তারা কমিউনিষ্ট ইউনিয়ন-এর সংগ্র ১-১-৫৫ তারিখে একসপে বসতে রাজী হয় নি, আই, এন, টি, ইউ, সি, ইউনিয়ন-এর কথা না হয় ছেড়েই দিলাম, দিরেজাল্ট ওয়াজ দিস যে বাই-পার্টাইট কনফারেন্স হবার কথা ছিল তা এক মাস পিছিয়ে গেল। গভর্মেন্ট ঘোষণা করলেন আগন্ট ৩১ তারিখে স্প্যানটেশন কমিটির মিটিং হবে, সেই কমিটিতে

all these items, extension of Provident Fund to plantation workers, implementation of Plantation Act, bonus, wage structure

ইত্যাদি এই সমস্ত জিনিষ আলোচনা হবে। ৩১ তারিখে দিল্লীতে আলোচনা হচ্ছে। দিল্লীর সেন্দ্রীল অর্গানিজেশন-এ যোগ দেবার স্যোগ আছে তা সত্ত্বেও ২৯-৮-৫৫ তারিখে অর্থাৎ এই কমিটি মিটিং করবার দ্ই দিন আগে এই রকম হরতাল করবার অর্থ কি? অর্থ হচ্ছে এই কমিটি বোনাস প্রভৃতি করে দিলে তাদের ইউনিয়নগ্লিকে পিছিয়ে ফেলে দেবে সেইজন্য তারা একটা সাব-কমিটি করলেন এবং তারা স্ট্রাইক ডাকলেন, অর্থাৎ কিছ্ কিছ্ রাজনৈতিক দল মনে করলেন ৩১শে আগভেটর আগে যদি আমরা হরতাল করে দিতে পারি তাহলে ফ্লেচন্দন আমাদের গলাতেই পড়বে। ক্ল্যানটেশন কমিটি কি করছিল তা তারা জানতেন, সেইজন্য এই অন্প্রেরণার ব্যারা তথন কতকগ্লি রাজনৈতিক দল লাফিয়ে পড়লেন, ফল হল ১৫৪টি বাগানের মধ্যে তারা ৡ অংশ গার্ডেন দ্মীইক করলো এবং এই দ্মীইক করার ফলে তারা ওয়েজেস লাজ

করলো, বহু চা পাতা নন্ট হল। তথন জ্যোতিবাব্, বিশ্কমবাব্কে সেখানে দেখা ষায় নি। তাদের
এই ভূলের জন্য, সেন্টাল ক্যানটেশন কমিটি এই বোনাস এ্যাকসেন্ট করলো না। এই কমিটির
সভ্য আমাদের এ্যাসেম্বিতে আছেন তাদের সংগা আলাপ করে যা জানতে পেরেছি তাতে
ক্যানটেশন কমিটির প্রোপ্রির মত ছিল, তারা বোনাস সম্পর্কে ফেভারেবল ডিসিসন দির্মেছিলেন
যে তারা রিজিওনাল বেসিসএ দেবেন। কিন্তু যেহেতু ত্থাইক ইন্টিমিডেশন ও ভায়লেন্স করা
হল তার ফলে তারা সেটা করতে পারলেন না। তা সত্ত্বেও কয়েকটি জিনিষ এই ক্যানটেশন
কমিটি করেন। ক্যানটেশন কমিটি এদের প্রভিডেন্ট ফাল্ড এক্সটেনশন করার ব্যবস্থা করেন।
আগে প্রভিডেন্ট ফান্ড, সিকিউরিটি অফ সার্ভিস ছিল না, ওন্ডএজ্ব-এর কোন ব্যবস্থা ছিল না।
ফ্যাক্টরীতে যে সমন্ত স্ব্যোগ স্ববিধা পায় তা এখানে ছিল না এখানে সেসব দেবার ব্যবস্থা
হয়েছে এবং

64 per cent. provident fund

দেবার ব্যবস্থা হয়েছে। তা ছাড়া স্ক্যানটেশন লেবার এ্যাক্ট এখানে ইম্পিলমেন্টেশন হয় নি, তার প্রম্পাই ইম্পিলমেন্টেশন হবার ব্যবস্থা হয়েছে। এর ফলে আমরা মোটাম্টি হিসাব করে দেখেছি এতে স্বিধা হয়েছে—কান্টিন-এর ব্যবস্থা হয়েছে, খেলাধ্লার ব্যবস্থা হয়েছে, এদের ছেলেদের এড়কেশানাল এ্যারেঞ্জমেন্ট করা হয়েছে, স্কুল করার ব্যবস্থা হয়েছে যাতে কম্পালসারিভাবে ছোট ছেলেরা লেখাপড়া শিখতে বাধ্য থাকে। সব থেকে বড় জিনিষ হয়েছে হাউসিং এ্যাকোমোডেশন-এর ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া দেখতে পাচ্ছি ছোট ছোট এ্যামিনিটিজ দেবার ব্যবস্থা হয়েছে। যেমন ছাতা, ব্যাকেন্ট, রেনকোট দেবার ব্যবস্থা করা হয়েছে। তারপর স্ল্যান্টেশন এ্যাক্টর্নি থাকার ফলে তাদের লীভ র্লস অন্যায়ী ছুটি পাবে এবং তার সত্থো ৩০ দিন সিক লীভ পাবে এবং হাসপাতালের ব্যবস্থা থাকবে। এখানে স্ল্যানটেশন এ্যাক্টনে জোর দেবার জন্য মোটাম্টি

33 per cent. of the total income

এটা দেওয়া হচ্ছে অর্থাৎ

increased by various amenities.

অর্থাৎ যে কথা ডাক্তার অতিন বস<sub>ন্</sub> বলেছেন ৬ লক্ষ টাকার মধ্যে দুই লক্ষ টাকা পাচ্ছে অর্থাৎ বু of the entire profit.

আপনার আসছে অর্থাৎ

33 per cent, of the profit

এরা পাচ্ছে। একটা কোম্পানী থেকে গড়ে ৪০-৫০ পার্সেন্ট এই এগার্মানটিজ-এর জন্য দিচ্ছে। আমরা মনে করি এবং যারা ট্রেড ইউনিয়ন করেন তাদের মতে শ্রমিকদের হাতে নগদ টাকা না দিয়ে যদি তাদের এাামিনিটিজ বাড়িয়ে দেওয়া যায়, হাউসিং কন্ডিসনস, এড়কেশানাল ফেসি-লিটিজ, হসপিটালাইজেশন ভাল করা যায়, তাদের ভাল পরিবেশের মধ্যে মান্য করা যায় সেই চেম্টা করা দরকার। তাদের হাতে নগদ টাকা দিলে তারা শুধ্ব হাড়োয়া থাবে তাতে প্রমিকদের কোন উপকার হবে না। এটা যারা শ্রমিক আন্দোলন করেন তাঁরাই বিচার করবেন এবং এমর্নাক অপজিসনও লজ্জার সঙ্গে স্বীকার করবেন এক একটি পাটকলে গ্যালনস অব ওয়াইন কন্জাম্পশন হয় তার পার্সেন্টেজ কত বেড়ে যাচ্ছে—এটা লক্ষ্য করা উচিত। এই যে তাদের ইনক্রীমেন্ট দেওয়া হচ্ছে এই ইনক্রীমেন্ট-এর ফলে কনজাম্পশন অব লিকার বেডে যাচ্ছে। যে টাকার জন্য আজকে বোনাস আন্দোলন করার জন্য শ্রমিকদের এমন একটা দিকে ঠেলে দিলেন, এবং ইল-আাডভাইজ দেওয়ার ফলে তারা স্ট্রাইক করলো এতে তাদের ক্ষতিই হল এবং তাড়াতাড়ি এই রকম একটা ম্ট্রাইক করে তারা স্ব্রাম্থর পরিচয় দেন নি। শ্রমিকদের মধ্যল করতে হলে কর্নাষ্টিটউশনাল ওয়েতে তাদের পরিচালনা করতে হবে। শ্রমিকদের যদি সত্যিকারের মধ্যল করতে চান তাহলে কনম্টিটিউশনাল প্রসিডিওরএ যাওয়া উচিত। তাহলে যে রক্তারক্তি ব্যাপার হয়েছে তা আর হবে না। এখানে লক্ষ লক্ষ শ্রমিক গাঁয়ের ভিতর মাঠের ভিতর থাকে যেথানে ৰাতায়াতের সূবিধা নেই, সেখানে এই রকম পাগলের মত তাদের ক্ষেপিয়ে দিয়ে তাদের এই দ্রাবস্থার মধ্যে আর ফেলবেন না। এই অন্রোধ আমি আপনাদের কাছে করছি।

[5-5-10 p.m.]

### Dr. Atindra Nath Bose:

মিস্টার স্পীকার, সার, আমার বন্ধৃতা থেকে কালীপদবাব, একটা জায়গা কোট করেছেন কিন্তু তিনি সেটা মিসকোট করেছেন। আমি নাকি বলেছি যে কোন টী এণ্ডেট এ্যাক্ট ইমস্পিমেন্ট-এ ৬ লক্ষ টাকার মধ্যে ২ লক্ষ টাকা ইয়ার মার্ক করেছে—এ কথা আমি বলি নি। সেই কোন্পানী অর্থাৎ কমলা টী কোন্পানী তারা মেমোরেন্ডাম-এ তা দেখিয়েছে কিন্তু ব্যালান্স-সীট-এ তা নেই। ঐ টী প্ল্যান্টেশন এ্যাক্ট-এ সেটা ইমপ্লিমেন্ট করবেন।

## The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় সভাপাল মহাশয়, গত এই তারিখে ডুয়ার্স এবং তেরাই চা-বাগানের শ্রমিকদের যে ধর্মঘট তার উপরে যে বিবৃতি আমি এই পরিষদ গ্রে দিয়েছিলাম সেই বিবৃতি অবলাবনে আজ এখানে যে বিতর্ক এবং আলোচনা শ্রের হয়, সেই বিতর্কের গতি এবং মনোভাব প্রথমে গঠনম্লক খাদে প্রবাহিত করবার প্রয়াস চলেছিল এবং সেই দ্গিউভগগীকে অভিনন্দন জানাই। কিন্তু বিরোধী পক্ষীয় একজন বন্ধ্য আমার বিবৃত্তির বিকৃত তথ্য এখানে পরিবেশন করবার প্রয়াস প্রেছিলেন। আমি বলেছিলাম যে এই ধর্মঘট

ill-advised and unnecessary and its prolongation will be harmful not only to the industry but also to the workers.

কথাটা সত্য হলেও অপ্রিয় সতা। সতাকে বরদাস্ত করবার মতন মনোভাব তাঁদের ছিল না তাই তাঁরা এর সম্বন্ধে কটুন্তি করেছিলেন। কিন্তু ইংরাজীতে যে একটা কথা আছে যে

the taste of the pudding is in its eating

তা এক্ষেত্রে পরিক্ষার হয়ে গেছে। আমি যেটা বলেছিলাম ইল-এাডভাইস এান্ড আননেসেসারি সেটা পরিষদ ভবনে তাঁরা স্বীকার না করলেও তার সুযুক্তি তাঁরা যে গ্রহণ করেছিলেন তা তাদের কাজের মধ্য দিয়ে রুপায়িত হর্মেছিল। আমার এই বিবৃতি এই পরিষদ ভবনে দেবার চন্দিশ ঘণ্টার মধ্যে বঙিকমবাব্র দলের ইউনিয়ন সম্পাদক আমাকে টেলিগ্রাম করে জানান আমরা আমাদের এই ধর্মঘট প্রত্যাহার করলাম। শ্বধ্ বিণ্কমবাব্র দল নয়, অন্যান্য দলীয় ট্রেড ইউনিয়ন লীডার্স তাঁরাও এরকম টেলিগ্রাম করে জানান যে, আমরা আমাদের ধর্মঘট তুলে নিলাম। कार्জरे आमि रा कथा वर्लाष्ट्रनाम रेन-आएडारेमछ-विनरन छेमिछ रामेश जारमत मन्त्रीम्यत উদয় হয়েছিল এবং তাকে আমি অভিনন্দন জানাই। শ্রমিকের স্বাথে সংহতির প্রয়োজন এ কথা একশবার স্বীকার করব। কিন্তু সেই সংহতি যদি শ্রমিক কল্যাণে নিয়োজিত না করে. দলগত স্বার্থ সিম্পির জন্যে, রাজনৈতিক প্রনর্বাসনের জন্যে যদি শ্রমিকদের বাবহার করা হয় তাহলে তাতে শ্রমিক কল্যাণ হতে পারে না। বন্ধবের জ্যোতিবাব, বলেছিলেন যে, শ্রমিক সংহতি আত্মপ্রকাশ করেছিল। সেখানে ধর্মাঘটের নোটিশ দিরেছিলেন, তারা হরতাল করতে চেরেছিলেন। ধর্মাঘটি শ্রমিকদের যদি সংহতি গড়ে উঠে. ঐকাবন্ধ তাদের অভিযান জয়মূক্ত হবে. আমি বিশ্বাস করি। কিল্ড তাতে তাদের যে মনোভাব সেখানে আত্মপ্রকাশ করেছিল তাতে ঐকাবন্ধ প্রয়াস র পায়িত হতে পারে না। সভাপাল মহাশয়, আপনাকে নিবেদন করি যে এই যে সমস্ত শ্রমিক ইউনিয়ন ছিল তারা ইতিপূর্বে একটি চুক্তিপত্রে স্বাক্ষর করেন--র্যাদ তারা ধর্মাঘটের প্রয়োজন অনুভব করেন তাহলে আপোষ আলোচনার রাস্তাকে প্রথম গ্রহণ করবেন। প্রথম গ্রিদলীয় সম্মেলনে পাস হবে সেটা প্রার্থক না হলে সেখানে সরকারী হস্তক্ষেপের মাধ্যমে ত্রিদলীয় সন্মেলনের বাবস্থা হবে এবং তারা সেটা মেনে নেবেন। কিন্তু ষথন বাই-পার্টাইট এগ্রীমেন্ট-এর কথা হয়, যখন দুই দলের মিলাবার কথা নিয়ে মালিক পক্ষ বলেছিলেন যে, আপনারা সমস্ত শ্রমিক ইউনিয়ন একসপে আস্থান, আলাপ আলোচনা করব, তথন এই যে ঐকোর কথা বলা रस्राह, সংহতির কথা বলা হয়েছে তাতে একটি দলের নেতা-পি, এস, পি, লীভার বলে পাঠালেন অনা দলের সপো বসব না। এই যে অনুচিত মনোভাব এই নিয়ে সতিাকারের শ্রমিক সংহতি এবং ঐক্য গঠন করা যায় না। সংহতি এবং ঐক্য এই কথাগালির উপর যে ইপ্সিত

করেছিলেন জ্যোতিবাব্ আমি তার সেই সংহতি এবং ঐক্যবন্ধ প্রয়াসকে অভিনন্দন জ্ঞানাব, কিল্তু সেখানে অপাংক্তেয় করে যদি এক দল আর এক দলকে দেখেন তাহলে শ্রমিক সংহতি কি করে সেখানে গড়ে উঠবে?

আমার আর একটি কথা বলবার আছে। জ্যোতিবাব, আমার বিব্তির আর একটি অংশে আপত্তি গ্রহণ করেছিলেন। যেখানে আমি বলেছিলাম—

"All the trade union organisations interested in the present strike gave their consent to this unanimous agreement. Government accepted this as a revised guaranteed wage scheme, which the industry can bear and as a forward step in the progressive realisation of living wage."

আমি কোনখানেও বলি নি এরচেয়ে বেশী শ্রমিকদের দেওয়া মালিক পক্ষের সম্ভব নয়। আমি বলেছিলাম

progressive realisation of living wage.

land apertaining to buildings or comprised in buildings and structure ইত্যাদির বলে হয়ে গেল এবং সেই জমির কোন সর্বোচ্চ সীমা থাকবে না। মালিকরা যত খুসী পরিমাণ জমি এর মাধ্যমে রাখতে পারবে। মিঃ স্পীকার, স্যার, ধানী জমিতে রাতরাতি নারকেলগাছ বসিয়ে, আমগাছের চারা বসিয়ে জমিদাররা ধানী জমিকে বাগান বাগিচায় পরিণত করেছে—এ সংবাদ আমি জানি। এইভাবে ধানী জমিও যত খুমি পরিমাণ রাখার বাবস্থা তারা করেছে। এইসব আটকাবার কোন বাবস্থা নাই। ভাগচাষীর কথা বলব না, কারণ ভাগচাষীর ইন্টারেন্ট রক্ষা করার জন্য মন্দ্রীমন্ডলী যা করেছেন তাতে মালিকপক্ষও লম্জা বোধ করে।

#### 16-55-7-5 p.m.]

অজয়বাব, বললেন, তিনি বাঁধ বে'ধে দিয়েছেন। তিনি বাঁধ বাঁধছেন আর ওদিক থেকে জমিদাররা বাঁধ কেটে জল তলে দিয়ে মাছের ভেড়ী তৈরী করে নিচ্ছে। লোকের জীবনধারণের বাবস্থা যাতে হয় তা কি আপনারা চান? দরিদু জনসাধারণের জীবনধারণের উপায়টি ধনীর হাতে তলে দিয়ে তাদের খেতে দেবেন না এ कि तकम कथा? আপনারা বড় গলায় বলেন, এ দ্বাষ্ট কল্যাণ রাষ্ট্র। তার মানে কি এই যে, কয়েকটা লোকের হাতে জীবনধারণের উপায়গ**়িল সব** কেন্দ্রীভত হবে। আর অধিকাংশ লোক জীবনধারণের উপায় হারিয়ে ভিখারী হবে? একটি ধনী অসংখ্য ফিসারি রাখতে পারবে, অটেল নন-এগ্রিকালচারাল জমি, চা-বাগান রাখতে পারবে। অন্যাদিকে সাধারণ মানুষের জীবনধারণের উপায় থাকবে না-এ ব্যবস্থা চলা অন্যাচত। যাদ মনে করেন ২৫ একরের বেশী জাম কেউ রাখতে পারবে না, তাহলে সেটাই দেওয়া হবে তা সে মেছোভেড়ী বাগান-বাগিচা যতই রাখকে না কেন; তার বেশী ভাকে রাখতে দেওয়া হবে না। এই বাবস্থা আইনে করলে তবে ব্রেক্তাম যে, সরকারের হাতে বাড়তি জীম আসবে যা ভমিহীন চাষীর মধ্যে বিতরণ করা যাবে। এতে সকলকে কার্জ দেবার বাবস্থা করা কিছুটো করা সম্ভব হত। তাতে অবশ্য পর্মাজবাদী শোষণ যাবে না, কিন্তু তাতে সরকারের একটা স্দিচ্ছা আছে তা প্রমাণ হত। তারপর দেখছি যদি কোন চার্যার খাজনা বাকী পড়ে তাহলে সেই খাজনা, তার উপর সূদ এবং মামলা খরচা সমেত সমস্ত টাকা আদায় করে নেবার ব্যবস্থা আইনে আছে। জমিদার আদায় করবে প্রজার কাছ থেকে এই খান্সনা, স্কুদ এবং মামলা খরচা। ত্যথ্য সরকারের ষেখানে জমিদারের কাছে রাজ্ঞস্ব পাওনা সেখানে নেবেন মোট রাজন্বের অর্ধেক। এতেই বুঝা যায় সরকার তা নেবেন না। কার স্বার্থরেক্ষা অবতার আমাদের রাজস্বমন্ত্রী করছেন। দয়ার তিনি এই বিলে আগের শতকরা ৫০ ভাগকে কমিয়ে করেছেন কমপক্ষে শতকরা ২০ ভাগ। তিনি বলতে পারেন যে, কমপক্ষে শতকরা ২০ ভাগ কথা থাকার দরকার হলে তিনি শতকরা ৫০ ভাগের বেশীও আদার করতে পারবেন। কিন্তু সে কথা আমি বিশ্বাস করতে পারি না। দিনের পর দিন কার্যতঃ যা দেখেছি তাতে ব্রুঝা যায়, সরকার কি করবেন আর কি করবেন না। জমিদারের বেলায় ওই নিম্নতম সীমা ছাড়া আর কিছ্ নেওয়া হবে না, এটা পরিম্কার জানি। উচ্ছেদ বন্ধ করার ব্যাপারে সরকার কি করেছেন? লক্ষ্ণ লক্ষ্য বর্গাদার তাদের জমি থেকে উচ্ছেদ হয়েছে। সাঁজা প্রথার চাষী প্রভৃতিদের কোন বাবস্থা করা হয় নি ল্যান্ড রিফর্মস বিলে। য়থন এন্টেটস এ্যাকুইজিশন এয়ায়্ট পড়ব তার সপো ল্যান্ড রিফর্মস এয়য়্ট মিলিয়ে পড়তে হবে। এই দ্ই বিলে সরকারের ভূমি সম্বন্ধে দ্ভিভগণী ধরা পড়বে। সরকারের ভূমি-সংস্কার নীতি লাজ স্কেল ক্যাপিটালিল্ট ফার্মিংএর দিকে, যাতে চাষী জমিহারা হয়ে ক্ষেতমজ্বের পরিণত হবে এবং জমিদার ক্যাপিটালিল্ট ল্যান্ডলর্ডএ পরিণত হয়ে মজ্বেরের সাহায্যে চাষবাস করবে। তাই সমবায় সমিতির কথা বলে প্রচুর জমি রাখার ফাব্দ রেথে দিছেন। কেবলমাত সমবায় সমিতির মোট সবোচ্চ সীমা বে'ধেছেন, বান্তির সর্বোচ্চ সীমা সেখানে রাখেন নি। ১০০ জন সভোর এক সমবায় সমিতিতে এদিকে ৯৯ জনের ১ বিঘা করে জমি রইল আর একজনের রইল ৭.৪০১ বিঘা। এই ব্যবস্থা হয়েছে।

Mr. Speaker: That relates to land reforms but we are not considering the Land Reforms Bill.

# 8j. Subodh Banerjee:

স্তুরাং এই দ্ভিডগীতে কি হবে?

# 8j. Jyoti Basu:

কতক্ষণ আজ চালাবেন, সাড়ে সাতটা পর্যন্ত কি?

#### Mr. Speaker:

সাড়ে সাতটা পর্যশ্তই চলবে।

# 8j. Sudhir Chandra Roy Choudhury:

এটা স্যার, বড়ই দৃঃখের কথা। আজকে বিশেষ করে একটা ইমপর্ট্যান্ট বিল পাস করলাম, তারপরেই এটা এনে হাজির করা হ'ল, এতে ভিবেট ভাল হতে পারে না।

Mr. Speaker: If you don't want to sit longer today, I will adjourn the House, but please do not make a precedent of it and try to impose a time-limit. The House is adjourned till 3 p.m. tomorrow. The first hour and a half is fixed for non-official business, and then this Bill will be taken up; there will be no questions tomorrow.

# Adjournment.

The House was accordingly adjourned at 7-5 p.m. till 3 p.m. on Friday, the 23rd September, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 23rd September, 1955, at 3 p.m.

#### Present:

Mr. Speaker (the Honble Salla Kumar Mukherjee) in the Chair, 16 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 194 Members.
[3-3-10 p.m.]

#### Time for discussion of non-official resolution

Mr. Speaker: We will take up the Non-official Resolution which was pending. I think we have already debated this resolution on two days. Let us decide and finish this resolution by one hour more today because otherwise you are prejudicing discussion on other resolutions—there are still some more resolutions which you have got to debate. I propose that half-an-hour may be devoted to this resolution for the Opposition and half-an-hour for the other side.

#### Si. Subodh Banerjee:

আর একটা ব্যাপার পরিম্কার হওয়া উচিত। আপনি আগে বলেছিলেন, সমসত রেজলিউসনই ডিসকাস করা হবে।

We are proceeding at a snail's pace.

সেইজন্য আমার বক্তব্য আপনি তাহলে একটা আলাদা দিন য়্যালট করুন, যাতে

all the Resolutions including the second priority resolution may be discussed.

এটা হওয়া দরকার।

#### Mr. Speaker:

আপনারাও চেন্টা করুন দীর্ঘ বন্ধতা না করে যাতে শেষ হয়।

My object in telling you is that you will get a chance of discussion of the Non-official Resolutions, so that one resolution may not be discussed for six days and other resolutions may not get a chance of discussion. I allot half-an-hour's time for one side and half-an-hour's time for the other side to finish this resolution.

# Article about Netaji Subhas Chandra Bose in the "Illustrated Weekly of India".

8j. Bibhuti Bhusan Chose: On a point of privilege,

আজকে অধিবেশন স্বর্ হবার আগে একটা জিনিসের উপর আপনার দ্খি নিবন্ধ করতে চাছি। সেটা হছে এই, আমাদের র্য়াসেমরি লাইরেরি টেবিলএ ১৮ই সেপ্টেম্বরের "ইলান্টেটেড উইকলি" পেপার পড়ে রয়েছে। তাতে ওয়ান নীরোদ চৌধ্রী একটা আটিকেল লিথেছেন স্ভাষচন্দ্র বোস সম্বন্ধে। সেখানে তাকে অত্যন্ত জমাতম ভাষাতে তার ক্রিক্টেড্ড জীবন, ব্যক্তিগত চিরিত করেছেন ও বাজিগত নেতৃত্ব সম্প্রন্থে তিনি কটাক্ষপতি করেছেন। র্য়াসেম্বলি হাউস টেবিলএ এমন একটা মাসিক পত্রিকা, দৈনিক পত্রিকা বা সাম্তাহিক পত্রিকা থাকবে যাতে নেতাজীকে অকথা ভাষার গালাগালি করা হবে, তার নেতৃত্ব সম্প্রন্থে কটাক্ষ করবে, তেমন পত্রিকা এখানে হাখা উচিত নর।

#### Mr. Speaker:

এ বিষয়ে আপনার সঙ্গে সম্পূর্ণ একমত। আপনি এর প্রতিবাদ কর্ন। বাংলাদেশে প্রায় দু হাজার পঠিকা বেরোয়, তার কোথায় কি আর্টিকেল বেরোয়, সেটা আমাদের হাউসের প্রিভিলেক্তএর বিষয় নয়।

#### 8]. Bibhuti Bhusan Ci.ose:

সেটা হাউসের লাইরেরি টেবিলএ পড়ে আছে।

Mr. Speaker: That is not a matter of privilege affecting the members of the House. If you are a devout follower of Subhas Chandra Bose you must know the proper procedure to take action against that paper.

# 8j. Bibhuti Bhusan Chose:

অধ্যক্ষ মহাশর, আমার কথা হচ্ছে, আর্পান বলেছেন যে, এখানে হাউসের কোন মেম্বারের অধিকার কার্টেল করবার কোন সামর্থ্য আপনার নাই, সত্যি কথা। কিন্তু আমার বন্ধবা হচ্ছে, হাউসের সমস্ত প্রশ্বের মেম্বাররা এ বিষয়ে নিশ্চয়ই একমত হবেন যে, যে পেপারে এই ধরনের আর্টিকেল বেরোয়, নেতাজী সম্বশ্বে এই রকম রিমার্ক বেরোয়, সেটা এখান থেকে বাদ দিয়ে দিবেন। আমি এটা এখানে না রাখবার কথা বলছি।

Mr. Speaker: Let every body read it and then let us see.

#### Non-official Resolutions

#### 8]. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীস-্থ্নকুমার মল্লিক চৌধ্রীর যে পন্বর্ণাসন সংক্রান্ত প্রস্তাব, সেই প্রস্তাব আমি সমর্থন করতে উঠেছি।

প্রথমে উন্বাস্তু সন্বন্ধে প্রস্তাব সমর্থান করতে উঠে আমি একট্ব আর্তাঞ্চত হয়ে পর্জাছ, স্যার। আজ আমাদের পশ্চিমবংগর বিধান সভার সদস্যদের উন্বাস্ত্র করবার একটা পূর্বাভাষ বলে এটাকে মনে করছি। একটা ব্যবস্থার ভিতর দিয়ে আজকে হাউসের মধ্যে একটা নবতর ব্যবস্থা হয়েছে—চারিদিকে বহু পাথা ঘুরছে। (মিঃ স্পীকারঃ আপনারা তো চেরেছিলেন।)

আমি এর প্রতিবাদ করি না। আমরা চেয়েছিলাম সতা। তবে আমার আশণ্কা এর ভেতর দিয়ে দান্তিলিংএ বিধান সভার অধিবেশন সহজতর হয়ে যাবে, এরকম কোন মতলব সরকার করেছেন কিনা জানি না। আপনি রক্ষাকর্তা, তাই আপনাকে বলছি। অধ্যক্ষ মহাশয়, আজকে যা বন্ধবা তা তিন্দিন ধরে আলোচনা চলছে, পূর্ব প্রকাশিতের পর আমি আরুভ করছি। আজ এটার সমাণ্ডি হবে। আজকে একথা যতই আলোচনা করা হোক, বা বলা হোক, এ কথা পরিব্রুবার করে বলা যায় যে, পশ্চিম বাংলায় পনুবর্তাসনের কোন কাজ হয় নাই। পনুবর্তাসনের नाम य प्रमुख्य काल इरग्रह, त्रभूनि ह्लार्यमा मार, जारक थामरथग्रामी वना जला। जेन्वास्कृ মহাযন্তে লক্ষ্ণ লক্ষ্ণ কোটী কোটী টাকার খেলা হচ্ছে। সেখানে কোন কান্ধ্র হচ্ছে না। সরকারী রিপোর্টে আমরা দেখছি ৩৪।৩৫ লক্ষ উম্বাস্ত এখানে এসেছে এবং পশ্চিমবংগ সরকার থেকে যাঁরা সরকার চালাচ্ছেন, তাঁদের পক্ষ থেকে প্রায়ই শানি আজ পশ্চিমবণ্গ সমস্যাসঞ্কুল: या কিছু রাজস্ব, যা কিছু টাকাকড়ি সমস্ত ঐ উম্বাস্তু খাতে চলে যাচ্ছে, উন্বাস্ত্দের নিয়ে আমাদের মাথা খারাপ হয়ে যাচ্ছে। অতএব অন্য সমস্যার দিকে দুভি রাখতে পারছি না। किन्छु कार्य कारत प्रभारत एमधी । প्रिकेश वाश्यात छेन्दान्छुएनत अश्यास्तत खना, श्रास्त्र खना কেন্দ্রীয় সরকার থেকে ৫৪ কোটি টাকা দিয়েছেন। কিন্তু পশ্চিমবাংলা সরকার এ বাবদ কত কোটি টাকা দিয়েছেন পরিক্কারভাবে তার কোন হিসাবনিকাশ মল্টীমহোদয় বা মল্টীমহোদয়ারা জ্বানান নাই। আমি এ কথা পরিষ্কারভাবে জানি, যদিও বাংলায় প্রনর্বাসনের জনা তিনজন মল্টী রাখা হয়েছে, তার মধ্যে দু' জন মাড়জাতির। তাসত্ত্বেও আমরা দেখছি কেন্দ্রীর সরকার

ষখন দেখলেন তিনক্রন মন্ত্রী রেখেও এই উন্বাস্তু সমস্যার সমাধান করা বায় না, তখন আমার মনে হয় এ'দের প্রতি থানিকটা অনাস্থা তাঁদের এসেছে এবং সেইজনাই কেন্দ্রীয় সরকার তাঁদের পুনর্বাসন মন্দ্রীকে এখানে পাঠিয়ে দিয়েছেন—তিনি হচ্ছেন খালা সাহেব। আমরা অবশ্য মনে করি, আমাদের মন্ত্রীমহোদয় ও মন্ত্রীমহোদয়ারা ভাল করে খাটেন, খুব পরিশ্রম করে খাটেন এবং আমাদের দেশে যখন নিখাকী মায়ের রাজত্ব হয়েছে, তখন তাঁরাও দিনরজনী খাটেন এবং নিখাকী মায়ের মত না থেয়েই সমস্ত কাজকর্ম করতে হয়। কিন্তু কেন্দ্রীয় সরকারের এ'দের প্রতি নিশ্চরই সন্দেহ রয়েছে, এ'রা খেয়ে খেয়ে খ্র দুর্বল হয়ে যাচ্ছেন। অতএব এমন একজন মন্ত্রী পাঠিয়ে দেই, যিনি খান না তিনি হচ্ছেন ঐ খামা সাহেব। [হাসারোল!] তিনি এখানে এসেছেন উন্বাস্ত সমস্যা সমাধানের জনা। আমরা মনে করেছিলাম, তিনি যখন খান না, তখন সতিয় দ্রতিয় তিনি আসবার পর উম্বাস্তু সমস্যার সমাধান হবে। কিন্তু এক্ষেত্রেও দেখছি বাংলার মাটি এমনই যে, যিনি এখানে আসেন, তিনিই বেস,রো হয়ে যান। স্বতরাং আমি বলি যে অপচয় হচ্ছে উম্বাস্তু সমস্যা নিয়ে, তাতে শৃ্ধ্ব সরকার পক্ষের মাথা ঘামাবার কথা নয়, বিরোধী পক্ষেরও মাথা ঘামাবার কথা। এই উন্বাহতু সমস্যার স্কুঠ, সমাধানের উপরই সমগ্র বাংলার অর্থনৈতিক কাঠামো নির্ভার করছে। আমরা দেখতে পাচ্ছি যতক্ষণ না উদ্বাদত সমস্যার সুষ্ঠু সমাধান হয়, ততদিন পশ্চিমবাংলার অধিবাসীদের পক্ষেও মদত বড় বিপজ্জনক অবস্থা চলবে।

# [3-10-3-20 p.m.]

আর একটা বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করি। আমরা প্রতিটি ক্ষেত্রে দেখেছি—প্রধানতঃ মধাবিওদের মধ্যে দেখেছি যে, যারা এদেশের লোক তাদের চাকরীবাকরীর বেলায় বে কোন বিভাগে চাকরী থালি হয়. যেমন স্টেট বাস হউক বা এই ধরনের অন্যাত্র, আমরা জানি যে, তাঁরা উদ্বাস্ভুদের প্রথমে দিতে চান। তাদের কর্মসংস্থান করতে হবে এবং নিশ্চয় তা করতে হবে, কিন্তু এইটা করতে গিয়ে অর্থাৎ পূর্ববাংলার উদ্বাস্তু সমস্যার সমাধান করতে যেয়ে সেই নামেতে এখানকার যারা সত্যিকারের বাস্তুযুক্ত আছে অর্থাৎ এই পশ্চিম বাংলায় তারা বেন বাস্তুযুত্ত না হয়ে পড়ে। আমরা সকল ক্ষেত্রেই দেখছি, চাকরী র্যাদ খালি থাকে সেখানে পুর্ব বাংলার উদ্বাস্তুরাই পায়, পশ্চিমবাংলার অধিবাসীরা সেখানে বিফল হচ্ছে; কান্তেই পশ্চিমবাংলার তাদেরও কর্মসংস্থান বাবস্থা করতে হবে, পরিব্দারভাবে গণড়ী বেথে দিতে হবে। উদ্বাস্তুদের জন্য সেন্টাল গভর্নমেন্ট টাকা দিচ্ছেন, তার জন্য বড় বড় মিল কারখানা খলে তাদের কর্মসংস্থানর জন্য যা দরকার তা করা হউক, সেখানে তাদের কাজ দেওয়া হউক এবং স্বাভাবিকভাবে যেসমস্ত বিভাগে কর্মসংস্থানের শিহ্ন পথ খোলা থাকে সেই জায়গায় পশ্চিমবাংলার লোক যেন পায়, সেখানে তাদের যেন কর্মসংস্থান করা হয় এদিকে দৃষ্টি রাখা উচিত।

আজ পর্যান্ত দেখা গেছে উদ্বাদত সমস্যার সমাধানের উদ্দেশ্যে ঘর করবার জন্য কত টাকা দেওয়া হয়েছে এবং বিভিন্ন কিদিততে দেওয়া হয়েছে, অথচ বহু টাকাই অপব্যয় হয়েছে। ঠিক স্কুট্ পরিকল্পনা না থাকার জনাই এইরকম হয়ে থাকে। তাছাড়া তাদের কাজের বাবদ্যাও ঠিক হয় না। অধিকাংশ জায়গায় দেখা গেছে বাবসায়ের জন্য ঋণ দেওয়া হয়, কারণ সবাই বাবসা করতে চায়। আর, সবাই বাবসায়ী হ'লে কেতা পাওয়া য়াবে কোথায় হতাই বরাবয়ই বাবসার জন্য যে টাকা দেওয়া হছে তার অপবায়ই হছে। এটা আমরা বিশেষভাবে লক্ষ্য করিছ। তাছাড়া মোটাম্টি যে কাজ প্নর্বাসন বিভাগ করেন দেকিকে দৃষ্টি দিলে দেখতে পাই যত জবরদখল কলোনী আছে, য়েখানে বাদতুহারা নিজেদের প্রচেন্টায় মাথা গ'র্জে বাসকরে। আমরা চাই য়ে, সেই মাটিতেই তাদের বাসম্থানের বাবম্থা ক'রে দেওয়া উচিত। যত্ত্বজন পর্যান্ত না তাদের অনা জায়গায় সংম্থান ক'রে দিতে পায়া যাছে ততক্ষণ পর্যান্ত তাদের সেখানে রাখা নিশ্চয়ই উচিত। দেখা গেছে সরকারী প্রচেন্টায় ম্নুবাসনের বাবম্থা ছাড়াও উদ্বাদতুরা নিজেদের প্রচেন্টায় যেটা ক'রে নিয়েছে সেটা ভালই হয়েছে, সেটা সর্বাজ্যস্ক্র হয়েছে। কিন্তু অনেকক্ষেত্রে দেখা গেছে, তারা নিজেরা বেছে নিয়ে ক'রেছে সেই জবরদখল কলোনিগ্রো আইনান্য ক'রে দিলে তারা স্কুথ মন নিয়ে থাকতে পারে এবং ভবিষ্যতের চিন্তায় অসিবর হ'তে হবে না। সেইজন্য বলা হয়েছে যে, সেই জবরদখল কলোনিগ্রো মেনে

নিতে হবে। যারা বাস্তু বদল ক'রে চলে গেছে এবং তার পর আসছে—সেরকম আমরা দেখছি বনগাঁ অঞ্চল—পশ্চিমবাংলার যেসব সীমান্ত—সেখানে দেখছি, যারা বাস্তু ছেড়ে দিয়ে অন্য জারগার বদল ক'রে চলে গেছে সেখানে হিন্দুরা এসে সেই জারগার বাস করছে। সেইসকল স্থানে মুসলমানেরা যারা বিক্লী ক'রে দিয়ে পাকিস্তানে চলে গিরেছিল তারা এসে আবার অন্য লোককে রেজিছা দলিল ক'রে বিক্লী ক'রে দিয়ে কিছু কিছু পরসা আদার ক'রে পালাছে। আর ঐ জমি নিয়ে হিন্দুন্দের মধ্যেই পরস্কার দাঙ্গা ফাসাদ হছে। সেই জারগার মন্দ্রীমহোদয়ের এটা আইনানুগ করা উচিত। তাঁরা এটা করবার প্রতিশ্রুতিও দিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত সেটা সফল হ'ল না, এটা মুকত বড় দুঃখের কথা।

আর একটা কথা—আমরা বারবার বলে আর্সছি, তাদের কর্মসংস্থানের জন্য যে বাংলাদেশে সন্তার কল করা হউক ; এখানে কাপড়ের অভাব রয়েছে, সেজন্য কাপড়ের কল করতে বলি না, সন্তার কল করতেই বলি। সেই সন্তার কল করেছিল পাওয়ারলন্ম এবং তাঁত দ্ই-ই সন্তা পাবে এবং তার মাধ্যমে বহুলোকের সংস্থান হবে। আর বাকী লোকের সংস্থান হতে পারে যদি ব্যাপকভাবে ধানভানার কাজ দিতে পারা যায়। কিন্তু তা কি সরকার রাজী হবেন? খাদামন্দ্রী তো নিজের মনোমত লোককে গ্রামে গ্রামে যেখানে ঢেকী আছে সেখানে প্যাডি হার্সকং মেসিনএর লাইসেন্স দিয়েছেন। আমি বলি, যেখানে সন্ভব সেখানে ঐ কল বৃষ্ধ করে সেখানে প্যাডি হার্সকিং সেন্টার করে যদি ঢেকী চালাতে দিতে পারেন তাহলে অনেক লোকের কর্মসংস্থান করা যাবে। সেইজনা মন্ট্রীমহোদয়কে এবং অন্যানা যে সমন্ত মন্ট্রী আছেন এবং তাদের সমর্থকদের বিশেষ ক'রে এই কথাই বলি যে, এই জিনিসটার প্রতি দৃট্টি দিয়ে ব্যবস্থা কর্ন।

পশ্চিমবাংলায় রেললাইনের দ্রে যেগুলো নিভ্ত পল্লী আছে সেইসব পল্লীঅণ্ডলে ১০।২০ ঘর করে যদি বসিয়ে দেওয়া যায় তাহলে সেখানে অনায়াসে পুনর্বাসন হতে পারে।

তারপর শুধ্ এই প্নর্বাসন করলেই হবে না। যেকথা আমি বার বার বলেছি, সেই কথা আবার বলি যে, শুধ্ অর্থনৈতিক প্নর্বাসন করলেই চলবে না, সামাজিক ও বৈবাহিক প্নর্বাসন দরকার। ঐ অণ্ডলে যারা আদি অধিবাসী ওদের সংগ পূর্ববাংলার যেসব অধিবাসী তাদের সংগ বৈবাহিক সম্বাধ পথাপন করা উচিত। তা যদি না হয় তাহলে ২০ বংসর পরে হিন্দু মুসলমানের লড়াইএর মত আবার নৃত্ন ফ্যাসাদ স্থিই হবে ঘটী ও বাংগালের লড়াই। যদি সামাজিক ও বৈবাহিক প্নর্বাসনের ব্যবস্থা করেন তাহ'লে সেটা দ্রদ্ধ্িই পরিচয় হবে। এক প্রব্যের মধ্যে সব মিশে যাবে, আর বাংগাল ঘটীর সমস্যা থাকবে না। আশা করি, প্নর্বাসন বিভাগ এই সমস্ত বিষয়ের কিছু ব্যবস্থা করবেন; আজ পর্যন্ত যা বাবস্থা হয়েছে তা নিতান্ত অপ্রচুর।

#### Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় দপীকার মহাশয়, ইতিপ্রে কয়েকবার বিপক্ষদলের কয়েকজন বস্তা বলেছেন এবং আমিও বলি যে, এই বারা বাস্তুহারা আসছে তাদের সম্বন্ধে একটা দটাটিসদিউকস নিন। সেই দটাটিসটিক্সএ কে কি কাজ করতে পারে তা বিবেচনা ক'রে একটা কারথানা কর্ন এবং সেই কারথানায় যে যে কাজের উপযুত্ত তাকে সেই রকম কারথানা খুলে কাজ দিন। সেই কারথানায় কাজ করলে তারা যে বেতন পাবে তার কিছ্ম অংশ তারা মাসে মাসে গভর্নমেন্টকে দিয়ে বাবে। তার পরে ১০।১৫ বছর পরে সেই কারথানা তাদেরই হয়ে যাবে। এইভাবে বদি দেখে, এই কারথানা তাদেরই হয়ে যাবে। এইভাবে তারা প্রাণ্ঠান করে। এতে তাদের যাব্দ্বিশ্বন্ধি নাব্দ্বিশ্বন্ধি তারা করে। এতে তাদের যাব্দ্বিশ্বন্ধি নাব্দ্বিশ্বন্ধি ভাবতে আরম্ভ করে। এতে তাদের মন্যুই নার, তারা মান্যু বিসর্জন দিয়েছে, সেই ভাব চলে গিয়ে তারা প্রবর্ণার ভাবতে আরম্ভ করবে যে, না তারা মান্যু এবং তাদের মনে আশার সঞ্চার হবে এবং তারা কাজের উপযুত্ত হবে এবং ক্রমেবে যে, তারা অকর্মণা হয় নি। আমি দেখেছি, দাতনে করেকটা লোক—বাস্তুহারা—আসে; তারা তাঁতে কাপড়ের কাজ চালাত, কেন না তারা তাঁতের কাজ লাকত এবং কাজে বেশ উর্মিটি করেছিল, তার পরে সতা পার না ব'লে উঠে গিয়েছে বা তাদের

কাজে অবর্নাত হচ্ছে। সিই দিক থেকে বলছি অনেকগ্রলো কারখানা চতুদিকে ছড়িয়ে দিন এই পশ্চিম বাংলার ভিতরে। যারা যে কাজের উপয্ত তারা সেই কাজ কর্ক, আর ভবিষাতে সেই কারখানা যেন তাদের হয়ে যায় এইরকম আইন প্রণয়ন কর্ন।

আর একটি কথা বলি। এই যে লোন তাদের দেওয়া হয়, সে সন্বন্ধে তাঁকে অনুরোধ করছি যে, কোন কেন্দ্রীয় সমিতি করে সেই সমিতির মারফত তাদের ধার দেওয়া হউক। তা না করে তাঁরা অনেক সময় যে ধার দেন, সে টাকা আদায় হয় না। কাজেই সেই টাকা আদায়ের জন্য যে সমিতি হবে সেই সমিতিই বিবেচনা কঃবেন, কাকে কাকে টাকা দেওয়া দরকার। তাঁরাই বিবেচনা করে টাকা দেবেন আর সেই টাকা আদায়ও করে দেবেন। তাঁদের কাছে আরও জানিয়েছিলাম যে, যেভাবে টাকা দেওয়া হয়, তাতে তাদের কোন উপকার হয় না। দেখন, তারা চাইছে ৫০০ টাকা, সেই টাকা তাদের ৪।৫ কিস্তাতে দেওয়া হ'ল; তাতে কি হ'ল? না, তারা সেটা থেয়ে ফেললে। তা না করে সেই ৫০০ টাকা বা ১,০০০ টাকা যদি একেবারে দেওয়া হয় তাহলে সেই টাকায় কোন একটা ব্যবসা করতে পারে এবং নিজেদের পায়ে দাঁড়াতে পারে। সেইজন্য সেইভাবে একেবারে টাকা দেওয়ার জন্য অনুরোধ করি।

[3-20-3-30 p.m.]

#### Sj. Kanai Lal Das:

মাননীয় সভাপাল মহাশয়, আমি শ্রীস্হৃদ মল্লিক চৌধ্রীর মূল প্রস্কাবের বিরোধিতা করে শ্রীআনন্দগোপাল মূখাজনীর সংশোধনী প্রস্কাবের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। কিছু বলার আগে আমি এথানকার মাননীয় সদস্য অন্বিকাবাব্ আমাদের রিহ্যাবিলিটেসন এটি ওয়েলফেয়ার বোর্ড সম্বন্ধে যে অভিযোগ করেছেন সে সম্বন্ধে আমি বলছি যে, দমদম এলাকার প্রায় ৫৪টি কলোনী আছে। এই বংসর জান্যারী মাসে আমাদের রিহ্যাবিলিটেসন এটি ওয়েলফেয়ার বোর্ড গঠন করা হয়েছে। প্রতিটি কলোনী ইইতে একজন করিয়া প্রতিনিধিস্থানীর কমী লইয়া এই বোর্ড গঠিত। অধিকাংশ কলোনীর সম্পাদক বা সভাপতি আমাদের এই বোর্ডে প্রতিনিধিক করিতেছেন। প্রবিদন আমার বন্ধ্য আমাদের বোর্ড সম্বন্ধে যা বলেছেন, তা তার নিজ সংগঠনের ভংনপ্রায় অবস্থার জন্য নিজ গাঁচদাহই প্রকাশ পায়। আমাদের ওয়েলফেয়ার বোর্ড বাস্ত্রানের মধ্যে কাজের ভেতর দিয়ে যে স্নাম প্রতিষ্ঠিত করেছেন তাকে নন্ট করার জন্য বহু চেন্টা করা হয়েছে এবং কোনপ্রকারেই যথন তাহা সম্ভব হয় নাই তথন বিভিন্ন প্রকারে আমাদের সংগঠনের নামে নিন্দা এবং কাম্পনিক অপবাদ করা হছে। বিশেষ করে দমদমের বিভিন্ন কলোনীর বাস্তহারাগণ আমার বন্ধ্যের এই কাজের জবাব দিবে।

অশোকচক সম্বন্ধে যা বলা হয়েছে সে সম্বন্ধে আমি বলতে চাই যে, আমাদের ভূলবশতঃ প্রথমে তা হয়েছিল কিন্ত কয়েক দিনের মধ্যেই আমরা আমাদের ভল সংশোধন করে নিয়েছি।

ইউনিয়ন মিনিণ্টার খাল্লা এবং তাঁর নিকট প্রদন্ত মেমোরান্ডাম সম্বন্ধে যা বলা হয়েছে তা সম্পূর্ণ অসত্য এবং বিশ্বেষপূর্ণ। রিহ্যাবিলিটেসন এ্যান্ড ওয়েলফেয়ার বোর্ডের পক্ষ হইতে উহা আহন্তন করা হয়। প্রত্যেক সংগঠনকে তাদের নিজ নিজ মেমোরান্ডাম মিঃ খাল্লার নিকট দিবার সনুযোগ দেওয়া হয় এবং আমার বন্ধ শ্রীচক্রবতী যাদের কথা বলেছেন তাদের মেমোরান্ডাম আমি নিজে উপস্থিত থেকে মিঃ খাল্লার নিকট দেওয়ার জন্য বিশেষ বাবস্থা করে দিই। অনেকগ্রাল মেমোরান্ডাম হওয়ায় এবং সময়ের স্বন্ধতার জন্য কেবলমান্ত রিহ্যাবিলিটেসন এ্যান্ড ওয়েলফেয়ার বোর্ডের মেমোরান্ডাম সেখানে পঠিত হয়।

সাধারণ সম্পাদক সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা সম্পূর্ণ অসত্য এবং এই ধরণের বন্ধব্য একজন দায়িত্বজ্ঞানসম্পন্ন ব্যক্তির নিকট হতে কিভাবে উচ্চারিত হয় তা আমি ব্রুবতেই পারি না। আমার বন্ধ্ শ্রী চক্রবতীর বন্ধব্য কতথানি দায়িত্বহীন এবং অসত্য আমার নিকট এই পদ্র হইতে আপনারা তা ব্রুবতে পারবেন—

"In accordance with your advice to Mr. Littaur and myself at the committee meeting vesterday of your decision to resign, I am arranging for Mr. K. Chatterji to take over control of Columbia accounts forthwith and I shall be obliged if you will see that all books, documents and necessary information be passed to him".

সম্পাদক সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা আমার বন্ধ্র গাঁগ্রদাহ ছাড়া আর কিছ্ই নর।
কারণ তাঁর কাজে দমদম ইউ সি আর সি'র সংগঠন ক্রমেই দ্বর্ল হয়ে যাচ্ছে। তাঁর কেস সম্বন্ধে
যা বলা হয়েছে তা আমি এই পরিষদকে জানাতে চাই যে, ৪।৫ বংসর আগে তাঁর নিজ ব্যবসা
সম্বন্ধে ঐ ধরণের একটা মোকর্দমা হয় কিন্তু রিহ্যাবিলিটেসন বোর্ডের স্টিট হয় মাত্র ১৯৫৫
সালে এবং কাজের ভেতর দিয়ে বাস্তুহারাদের সমর্থনে সে বোর্ডের সভ্য হন।

আমি আপনার মাধ্যমে এই কথাই জানাতে চাই যে, আমাদের রিহ্যাবিলিটেসন এগান্ড ওয়েল-ফেরার বোর্ড হওয়ার সেখানে বাস্কুহারাদের মধ্যে এক বিরাট গঠনমূলক প্রেরণার সঞ্চার হয়েছে। আজ আর আগের মত খুন, জখম, ভর প্রভৃতির দ্বারা বাস্কুহারাদের বিদ্রাস্ত করা সম্ভব হচ্ছেন।। আজ বাস্কুহারাগণ যতই নিজেদের পুনুবাসন এবং গঠনমূলক কাজের দিকে এগিয়ে যাচ্ছে ততই আমার বন্ধু দ্বী চক্রবর্তীর দল বিচলিত হচ্ছেন এবং অসত্য ও বিশেষমূলক প্রচারের দিকে এগিয়ে যাচ্ছেন। আমি আপনার মাধ্যমে জানাতে চাইছি যে, দমদম কেন, সারা বাংলায় আর প্রের নায় বিদ্রাস্কারী কার্য চলবে না এবং আরও জানাচ্ছি যে, বিশেষ করে দমদমে তাঁর দলের ম্বিভিমেয় ছেলে ছাড়া আর তাঁর সমর্থন মিলছে না, তাই যত গাত্রদাহ।

আমি আনন্দগোপালবাব্র সংশোধনী প্রদতাবের সমর্থানে কয়েকটি কথা বলতে চাচ্ছি। প্রবিগণ থেকে এ পর্যালত ২৮,৫০,০০০এর মত উদ্বাদত প্রিচমবংগ এসেছে। তাদের প্রেবাসন একটি জারালো রকম সমস্যা হয়ে দাঁড়িয়েছে। উদ্বাদত প্রবাসনের প্রথম ধাপে পশ্চিমবংগ সরকারের কাছ থেকে উদ্বাদত্রা পেয়েছে বাড়ী তৈরীর জমি, বাড়ী তৈরীর ঋণ অথবা তৈরী বাড়ী। এই উদ্দেশ্যে সরকারের বিশেষ আইনান্সারে প্রায় ৩০০এর বেশী কলোনীর স্ছিট হয়েছে। এ পর্যালত প্রায় ৫৮,৭৫০ পরিবারের হাবড়া, গয়েশপ্রের, তাহেরপ্রে, খোসবাসমহল্লা, হামিদপ্রের প্রভৃতি অন্যান্য সরকারী কলোনীগ্রলাতে প্রবাসনের বাবদ্ধা হয়েছে। এ ছাড়াও সরকার প্রায় ৯,০০০ পরিবারকে খাসমহলে জমিলাভে সহায়তা করেছেন এবং ২৩৭,০০০ পরিবারকে জামর উপব ব্যক্তিগত মালিকানার অধিকার দিয়েছেন। টালিগঞ্জে স্বল্প বেতনভোগী কর্মানারিদের জন্য বাড়ী নির্মাণ করছেন। বাড়ী তৈরীর জন্য যে ঋণ এ পর্যাল্ড মন্ধ্রের করা হয়েছে তার সংখ্যা ১৫১৮ লক্ষ। এ ছাড়া সরকার অস্থায়ীভাবে উদ্বাদত জমিতে প্রায় ৭২ হাজার পরিবারের প্রেবাসনের বন্দোবদত করেছেন।

উশ্বাস্ত্দের প্রায় শতকরা ৪০ জনই কৃষিজীবী। সেজন্য সরকারকে কৃষিজমির বন্দোবসত করতে হয়েছে। এ পর্যাসত ৩৪ হাজার একর কৃষিজমি পাওয়া গিয়েছে এবং এর ভেতর ২২ হাজার একর জমি বারাজীবী প্রভৃতি অন্যান্য উশ্বাস্ত্দের মধ্যে বন্টন করা হয়েছে। এ ছাড়া কৃষিজমি ক্রয়ের জনাও ঋণ দেবার বন্দোবসত করা হয়েছে। প্রায় শতকরা ৬০ জন উল্বাস্ত্ই মধ্যবিত্তপ্রেণীর। প্রমাশন্পী ও ব্যবসায়ীদের প্রায় ৫২ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে। এদের জন্য শিলিগ্রাড়ি, বনগাঁও ও হাবড়াতে তিনটি বাজার খোলা হয়েছে এবং ভবিষাতে আরও ৮টি বাজার নির্মাণ ভারত সরকারের অনুমোদনসাপেক্ষ।

যেসমসত উদ্বাতুরা কৃষিজীবী নয় তাদের নানা শিলেপ নিযুত্ত করবার জনা নানা রকমের ট্রেণিথের বাবস্থা করা হয়েছে। এ পর্যাত ২০.০০০ জনের ট্রেণিং শেষ হয়েছে এবং বর্তামানে ৬,৫০০ জন উদ্বাস্তুকে ট্রেণিং দেওয়া হয়েছে। ১৫,০০০ জনের কর্মাসংস্থান হয়েছে সরকারী বিভাগে, রেলওয়ে বিভাগে, প্রাইমারী ও সেকেন্ডারী স্কুল ও কলেজসম্হে। ভাক্তার ও উকিলদেরও ঋণদানের বন্দোবস্ত করা হয়েছে।

সরকার এ বিষয়ে সম্পূর্ণ সচেতন যে, কলকাতা থেকে দ্রে যেসমুহত উদ্বাস্তুর পুনর্বাসন করা হয়েছে তাদের সকলের কর্ম সংস্থান করা এখনও সম্ভবপর হয় নি। সরকার এই সমুহত উদ্বাস্তুদের জনা এই সমুহত অঞ্চলে শিল্প স্থাপনের পরিকল্পনা করেছেন। এই উদ্দেশ্যে এ পর্যাপত ১২টি পরিকল্পনা অনুমোদিত হয়েছে এবং এই উদ্দেশ্যে প্রায় ২ কোটি টাকা মঞ্চার করা হয়েছে। এই পরিকল্পনা সার্থাক হলে প্রায় ৮,০০০ লোকের কর্ম সংস্থান হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়ও সরক্ষরের এ পরিকল্পনাটি বর্তামান।

[At this stage the red light was lit and the Hon'ble member resumed his seat.]

#### Si. Hemanta Kumar Chosal:

মাননীয় স্পীকারমহাশয়, কানাইবাব, সব কথাই বললেন, তবে তার এই বন্ধুতাটা কে লিখে দিয়েছে মেটা বাদ দিয়ে সব কথাই বলেছেন। সেটা বললে তাঁর বন্ধুবাটা সম্পূর্ণ হ'ত।

দুটি কথা তিনি বলতে ভূলে গেছেন—একটা হচ্ছে যে, সেখানকার বোর্ডের যিনি সম্পাদক, অতুল বন্দ্যোপাধ্যায়, ৫০ হাজার টাকা তছর পের দায়ে অভিযুক্ত হয়েছিলেন এবং আর একটা হচ্ছে, ৪০৬ ধারায় তাঁর ৬ মাসের জেল হয়েছিল।

[Noise and enterruptions ]

সম্পাদকের ৬ মাসের জেল হয়েছিল-

[Noise and interruptions from the Congress Bench.]

এই দুটি কথা বাদ দিয়ে সব কথাই তিনি বলেছেন। সদা সতা কথা বলেন কিনা সেইজনা তিনি দুটো কথা বাদ দিয়েছেন। যা হোক, আমি যে কথাটা বলতে চাচ্ছিলাম সেটা হচ্ছে এই যে, বাস্তৃহারাদের পুনর্বাসনের জনা যে নীতি বর্তমানে গ্রহণ করা হয়েছে এবং যেটা কার্য'ক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে তার মধ্যে একটা নৃত্ন কৌশল সরকার অবলম্বন করেছেন সেটা হচ্ছে যে, তাঁরা গ্রামের লোকের সঙ্গো কি করে বাস্তৃহারাদের বিরোধ লাগিয়ে দেওয়া যায়। আমরা দেখছি বিশেষ করে এলাকাতে এলাকাতে সেই কাজ বেশ ভালভাবে তারা চেণ্টা করছে।

[3-30-3-40 p.m.]

আমরা আমাদের পক্ষ থেকে বহুবার তথা দিয়েছি এবং জমিও দেখিয়েছি। সেই সমণ্ড জমি দ্**থল ক**রলে কূষকরা জমি পেতে পারত—প**ুনর্বাস্নে**র কাজও হতে পারত। কিন্তু আপনার। সেই সমস্ত জমিতে হস্তক্ষেপ করার প্রয়োজনবোধ করলেন না। তার কারণ হচ্ছে, তারা আপনা-দের গোষ্ঠীর অন্তর্ভক্ত। তাদের জমিতে হাত দিতে গেলে জমিদারগোষ্ঠীর লোকের গাযে হাত দিতে হয়। সাধারণ কৃষক যাদের ৪।৫ বিঘা জমি আছে তাদের মধ্যে এবং বিশেষ করে ম্সলমান প্রধান অঞ্চলে তাঁরা এইভাবে আক্রমণ শ্রে, করেছেন। আমরা একটা সরকারী ঘোষণায় জানতে পেরেছিলাম যে, রায়ত বা কৃষক যে জমি স্বেচ্ছায় চাষ করে, সেই জমি এবং চাষের যোগ্য অন্যান্য জমি সরকার দখল করতে পারবেন না। একথা কেন্দু থেকে জানান হয়েছিল এবং পশ্চিমবঙ্গ সরকারও একটা সার্কুলার মারফং জানিয়েছিল। কিন্তু কার্যক্ষেত্রে দেখছি যে, যে কৃষকের মাত্র ৪।৫।৬।৭ বিঘা জমি আছে তার মধ্যে আজকে ৩।৩॥॰ বিঘা দখল করে নিচ্ছেন। আমরা দেখেছি আমাদের ২৪-প্রগণা জেলায় সাধারণ গ্রামবাসীরা পশ্চিমবংগর জনসাধারণই মোটাম্টিভাবে বলতে পারা যায়- যাতে সহযোগিতার ভিত্তিতে বাস্তৃহাবাদের সত্যিকারের পুনর্বাসন হয়, সামাজিক এবং রাজনৈতিক সম্বন্ধ গ'ড়ে উঠে তার চেণ্টা করছেন, কিন্তু তা এ'রা ভেশ্যে দেবার বন্দোবস্ত করছেন। গ্রামে গ্রামে কিছ্ব কিছ্ব বাস্ত্হারা দ্ব<sup>ি</sup>কয়ে দেবার চেণ্টা করছেন। আমরা বারবার বলেছি এই কাজটা করবেন না। এই দ্ণিটভিগ্গি নিয়ে র্ষাদ আপনারা প্রনর্বাসনের কাজে অগ্রসর হন তাহ'লে আপনাদেব চেণ্টা সাফল্যনিভিত হবে না. এবং একথা আমি দূঢ়তার সহিত্ বলতে পারি যে, পশ্চিমবংগার জনসাারণের সহান,ভৃতি ও সহযোগিতা না পেলে পুনর্বাসন হবে না। পুনর্বাসনের কাজ তো হবেই না, পরন্তু কুষকরা মারা যাবে, বাস্তৃহারারা এতে মারা যাবে। এতে জমিদারদেরই সংখ্যবাচ্ছন্দ্য বাডবে। আমাদের **চिन्दिम-**পরগণা জেলায় কৃষকরা বাস্তৃহারাদের প্রয়োজনবাধে জামজমা দিয়ে সাহায্য করার প্রতিশ্রতি দিয়েছে এবং একথাও অনেকে বলেছে যে, তারা একযোগে বাস্তৃহারাদের সংগে হাত মিলিয়ে চাষের কাজ করবে। আমাদের আশা ছিল এইভাবে এই দুইএর সন্মিলিত চেণ্টায় বাংলাদেশে নৃত্ন সমাজের ভিত্তি গ'ড়ে উঠবে। কিন্তু গ্রামে গ্রামে কুষক ও বাস্তৃহারাদের মধ্যে বিভেদ সৃষ্টি করা হচ্ছে এবং পুনর্বাসনের বিরুদ্ধে মনোভাব সৃষ্টির বন্দোবসত করা হচ্ছে। আসল প্রবাসনের কাজ কিছুই হচ্ছে না। আমাদের প্রণ্ট কথা হচ্ছে, সরকারের ঘোষিত নীতি যদি এইভাবে লম্ঘন করে পুনর্বাসনের নামে বাংলাদেশের জনসংধারণের সংগে ভাদের বিভেদ ও ষড়যুল্ম স্থান্টি করা হয় তাহলে ভাতে দেশের উন্নতি হবে না, সর্বনাশ হয়ে খাবে। সেজন্য তাদের বলব এই পথ ত্যাগ করতে. যদি তাঁরা বাংলাদেশে প্রবাসনের কাজে সংঠ্ভাবে অগ্রসর হতে চান। বাস্তৃহারাদের প্রেবাসনের ব্যাপারে এরা নানা কথা বলেন—আমরা নাকি তাঁদের

সংখ্য সহযোগিতা করি না। প্নর্বাসন বিভাগের ডেপ্টী মন্দ্রী এখানে বসে আছেন। আমরা ডেপ্টেসন নিয়ে তাঁর সংগে দেখা করেছি। কী সহযোগিতা চান আপনারা? আমরা জমি দেখিয়েছি: এই জমি দখল করার জন্য বন্দোকত কর্ন, আমরা প্রবাসনের কাজে সর্বতো-ভাবে সাহায্য করব। মন্দ্রীসাহেবাও এখানে বসে আছেন, তাঁর সঞ্চো আমরা আলোচনা করেছি। তিনি বারবার সহযোগিতার কথা বলেন। আমরা তাঁর দোরে ধর্ণা দিরেছি। কিন্তু তিনি ষে নীতিতে চলছেন তাতে বরাবরই পিছনে পড়ে থাকবেন, প্নর্বাসনের কাজে অগ্রসর হতে পারবেন না। যদি সতাই প্নর্বাসনের কাজ পরিচালনা করতে চান তবে দৃত্ব মনোভাব নিয়ে মিলিত শক্তি নিয়ে অগ্রসর হতে হবে। শক্ত হাতে জমিদারী দখল ও অন্যান্য জমি যাতে ফিশারী ইত্যাদি রয়েছে সেগ্নিল দখল কর্ন, কিন্তু এসব কথা এবা বলছেন না—যা এবা করতে পারতেন তাও করছেন না। এস্টেট এ্যাকুইজিসন হতে চলেছে। কিন্তু সাধারণ লোকের স্বার্থ রক্ষা করে তাদের সহযোগিতা পাবার কোন চেণ্টা আপনারা করেছেন? তা করেন নি। আবারও বলি, প্নের্বাসনের নামে বাংলাদেশে বিভেদ স্ভিট করবেন না। এই বিভেদ রচনা করার জন্য যে বিষ উঠবে তাতে আপনাদের মৃত্যু অনিবার্য হবে। সেজনা বলি, এই পথ পরিত্যাগ কর্ন। আমাদের কথা হচ্ছে, বাংলাদেশের জনসাধারণ কৃষক নিশ্চয়ই বাস্তৃহারাদের সংগ্রে সহযোগিতা করবে। পূর্বে বাংলার যেসমুহত বন্ধুরা আসছেন তাঁদের বাঁচাবার জন্য এবং সামাজিক জীবনে ন্তন করে প্রতিষ্ঠিত করার জন্য যদি সময়োপযোগী দু ঘিত্তিগ্গ নিয়ে অগ্রসর হন তবে আমাদের সম্পূর্ণ সহযোগিতা পাবেন। বিভেদের পথ যদি না ত্যাগ করেন তবে তার বির,দেধ আমরা শেষদিন প্র্যান্ত লডাই করব।

# 8j. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে ২০ লক্ষ থেকে ৫০ লক্ষ লোক এসেছেন। তার মধ্যে একটা অংশ মেদিনীপুর জেলায় বসবাস করছেন। আমাদের সরকার এর জন্য কোটি কোটি টাকা থরচ করেন। কিন্তু সেই থরচ করে লাভ কি হয়েছে—কিছ্দিন প্রের্ব দাত ৬৫টি পরিবারকে বসাতে পেরেছি। এক কোটি টাকা থরচ করেছেন। বহু টাকা থরচ করে ঘরবাড়ী তৈরী করে দিয়েছেন। কিন্তু গেলে দেখতে পাবেন ঘর পড়ে গিয়েছে, ভেগে গিয়েছে। এখন সেখানে মানুষ বসবাস করতে পারে না। তাদের বসবাস করাবার জন্য ঘর তৈবী করেছেন খুব ভালো কথা, কিন্তু শুধু ঘরবাড়ী পেলেই তো চলবে না, তারা খাবে কি? এই অবস্থায় যে কয়েকদিন টাকা দিয়েছিলেন সেই কয়েকদিন ছিল তাবা সেখানে, যখন শেষ হয়ে গিয়েছে, সব লণ্ডভণ্ড করে চলে গিয়েছে। এই লাভ হচ্ছে যে টাকা জলে যাছে।

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে যে তাঁত শিশপ আছে তার ৪০ পাসেনিট আছে মেদিনীপ্র জেলায়। আমরা সরকারকে বলেছিলাম যে, তাঁত শিশেপ ১০।১৫ লক্ষ টাকা খরচ করে এই শিশপকে প্নর্ভজীবিত করে তাদের একটা পথ করে দিন। আপনারা ১ কোটি টাকা খরচ করে রেফিউজি রিহ্যাবিলিটেসনএর পরিকল্পনা করেছেন। কিন্তু তারা যদি জীবিকার্জন করতে পারত তাহলে তারা ঘর ছেড়ে পালাত না। মেদিনীপ্রের তাঁতশিশপ ক্রমশঃ ধ্বংসের পথে যাচ্ছে। আমরা সেই শিশপকে সাহায্য করার জনা ডাঃ রায়কে বলেছিলাম।

# [3-40-3-50 p.m.]

আমি তখন বলেছিলাম যে. এই মেদিনীপুর জেলায় যদি স্তাকল করেন তাহলে রেফিউজি-দের এবং সংগ্য সংগ্য পশ্চিমবংগবাসী বেকারদের কর্মসংস্থান হবে এবং যে অর্থব্যয় করবেন তা সার্থক হবে। আমার পূর্ববতী বক্তা বলেছেন যে, আজকে এমন অবস্থা দাঁড়িয়েছে যে, রেফিউজিদের জনা পশ্চিমবংগার ছেলেরা বেকার হয়ে পড়ছে। আজকে সরকারী চাকুরীতে রেফিউজিদের জন্য কোন ফিক্সড কোটা নাই। প্রত্যেক ডিপার্টমেন্ট্র শুম্ নের্ছমেন্ট্রাল্ডেমের চাকরী দেওরা হছে। পশ্চিমবংশার ছেলেরা এতে বেকার হয়ে যাছে।

# 8j. Bijesh Chandra Sen; তিত্ত কি রেফিউজি ছেলেদের চাকরী দেওয়া হবে না?

# Sj. Madan Mohon Khan:

আমি তা বলছি না, শুধু রেফিউজিদেরই চাকরী দিলে পশ্চিমবংগের ছেলেদের মধ্যে বেকার-সমস্যা তীরতর আকার ধারণ করবে। সেজন্য আমি আরেকটি কথা বলতে চাই যে, আমাদের রেফিউজি এটান্ড রিহ্যাবিলিটেসনএর মন্ট্রীমহোদেয়া ডাঃ ব্লারকে ব'লে যেন স্কুতাকলের ব্যবস্থা করেন। রেফিউজিদের জন্য যে টাকা খরচ করছেন সেটা যদি স্কুতাকলের জন্য খরচ করেন তাহলে সতাই রেফিউজিরা বে'চে যাবে এবং পশ্চিমবংগের যুবকরাও চাকরী পাবে এবং সংশা আমাদের দেশের তাতিশিল্পও রক্ষা পাবে। সেজন্য আমি জ্যোতিষ জ্লোরারদার মশাই যে সংশোধনী এনেছেন তা সমর্থন করিছ। শেষকালে আমি আরেকটা কথা বলতে চাই যে, এখন যেসমস্ত রেফিউজিরা পশ্চিমবংগ আসছে তারা বর্ডার শিলপ পাছের না। তার ফলে তারা সরকার থেকে কোনরকম স্কুবিধা পান না। কোনরকম লোন, ঘরবাড়ী পাচ্ছেন না। আগে একটা নিয়ম ছিল এম. এল. এ. এম. পি. সাটিফিকেট দিলে গভর্নমেন্ট তা মেনে নিতেন, কিন্তু এখন সেই নিয়ম সরকার তুলে দিয়েছেন। সরকার যেন এ সম্বন্ধে একটা ব্যবস্থা করেন যাতে উল্বাস্তুরা ঘরবাড়ী ও লোন পায়।

# Sj. Bijoylal Chatterjee:

সভাপাল মহাশয়, এতক্ষণ ধরে আমি দুই পক্ষের অনেক কথাই শুনুনছি। যাঁরা বলেন, সরকার উদ্বাদতুদের জন্য কিছুই করেন নি আমি তাঁদের বলব তাঁরা শুধ্ জনসাধারণকে বিদ্রান্ত করারই চেণ্টা করছেন। আমরা এই পক্ষে এমন কথা কথনো বাল না যে, উদ্বাদতুদের সমস্ত সমস্যার সমাধান আমরা করতে পেরেছি। উদ্বাদতু কলোনীগৃলি এক একটা স্বর্গরাজো পরিণত হয়েছে এমন কথা আমরা কথনও বাল না। কিন্তু ঐ পক্ষের যাঁরা বলেন, উদ্বাদতু কলোনীগৃলিতে কিছুই করা হয় নি, সেগুলি নরকের সামিল হয়ে আছে তাঁদের শুধ্ আমি এই কথাই বলব যে, তাঁরা হয় ইচ্ছায় আর না হয় অনিচ্ছায় সত্যের অপলাপ করছেন। এই উদ্বাদতুদের ব্যাপারে আমাদের নদীয়া জেলাকে বিশেষভাবে সঞ্চটাপার হতে হয়েছে। আমি বিপক্ষের বন্ধুদের আমার জেলায় একবার যেতে বলি, ধুবুলিয়া কলোনী যেখানে হয়েছে সেখানে যেতে বলি। যারা পদ্মা পার হয়ে সর্বাকছু হারিয়ে, সর্বাকছু খুইয়ে সর্বাহার হয়ে এই ধুবুলিয়া কলোনীতে এসেছে তাদের মুখে আজ আবার হাসি ফুটে উঠেছে। আজ তাদের মুখে হাসি ফুটে উঠেছে। তাদের বাসস্থানের বাবস্থা হয়েছে, সেথানে লাইরেরী, স্কুল হয়েছে, ছেলেমেয়েদের বিনা বেতনে পড়াবার বাবস্থা হয়েছে। আমি তাদের সামনে কোনরকম একটা অলীক ছবি আঁকছি না, সভাই সামনে পড়ে আছে; তাঁরা আমার সঙ্গে সেখানে গিয়ে দেখে আসতে পারেন ভিনাস্তুদের বসতি দেবার জন্য, তাদের শিক্ষা, তাদের চিকিৎসা, তাদের সর্বপ্রের অভাব মোচন করবার জন্য পশ্চিমবালো গভনমেনট কিভাবে চেন্টা করছেন।

আমার একজন বন্ধ পাঞ্জাবের কথা উল্লেখ করেছেন। পাঞ্জাবের উন্বাস্তুর সংগ্র আমাদের এখানকার উন্বাস্তুর তুলনা করেছেন। কিন্তু আমি তাঁকে বলতে চাই—পাঞ্জাবের ব্যাপার আর পশিচম বাংলার ব্যাপার সমগোতীয় নয়। ওয়েছট পাঞ্জাব থেকে সমসত হিন্দু ইন্ট পাঞ্জাবএ চলে এসেছে: আর ইন্ট পাঞ্জাব থালি ক'রে সমসত ম্সলমান ওয়েছট পাঞ্জাবএ চলে গিয়েছে। ইন্ট পাঞ্জাবে বেসমসত ম্সলমান ছিল, তাদের সমসত খালি বাড়ী এবং জমি হিন্দুরা এসে দখল করেছে, সেখানে অন্য রকম কোন সমস্যা নাই। কিন্তু বাংলাদেশে সম্পূর্ণ অন্য রকম অবস্থা। ২৯ লক্ষ লোক পাকিস্থান থেকে চলে এসেছে এবং তা ছাড়া ৮ লক্ষ ম্সলমান, যারা পাকিস্থানে চলে গিয়েছিল, তার মধ্যে ৬ লক্ষ ম্সলমান বাংলাদেশে ফিরে এসেছে, এবং তারা গ্রামে গ্রামে গ্রামে ঘ্রের দেখছে যে, তারা পূর্বে যে জমিতে চাষ করত, সেই জমি অন্যেরা দখল করে বসে আছে, তারা প্র্রুবান্কমে যেসমসত বাড়ীতে বাস করত, সেই সমসত বাড়ী পূর্ব পাকিস্থানের লোকেরা এসে অধিকার করে নিয়ে বসে আছে এবং বাংলা গভর্নমেন্টের লাছে এক ভীষণ সম্ক্রটমন্ন অবস্থা উপ্রস্থিত হয়েছে। যেসমসত ম্সলমান এখানে চলে এসেছে তাদের এমন কথা বলবার উপার নেই যে, তোমরা পাকিস্থানে ফিরে যাও এবং সর্বান্ধ খ্রের হিন্দু, বারা পান্মা পার হয়ে চলে এসেছে, আমরা তাদেরও এমন কথা বলবাত পারি না যে, তোমরা পূর্বে পাকিস্থানে ফিরে

বাও'। তাছাড়া, বাংলাদেশের এমন জমি নয় যে, সেটা বাড়ান যায়, কমান যায়। এখানে যেট্রক জমি আছে, তাতে সমস্ত হিন্দ্র-মুসলমান বাস্তৃহারাদের পক্ষে বসবাস করা খুব কঠিন সমস্যা। এটা অন্য জেলার লোক না জানলেও, আমরা জানি। সেইজন্য আমার বিশ্বাস বর্তমানে পশ্চিমবংগ গভর্নমেন্ট এই রকম একটা পরিস্থিতির মধ্যে পড়ে, যথাসম্ভব চেন্টা করছেন, এই বাস্তহারা হিন্দু ও মুসলমান উভয় পক্ষই যাতে ভালভাবে বাস করতে পারে। তারপর এখনও পর্যন্ত বাস্তৃহারাদের আসবার কোন রক্ম বিরাম নেই ; এখনও পর্যন্ত দেখলে, দেখতে পাবেন শেয়ালদা স্টেশনে বহু বাস্তৃহারা নিরবচ্ছিন্ন অবস্থায় পড়ে আছে। কতকগ্রলিকে পুনর্বাসনের ব্যবস্থা করা হ'ল, তারপরই আবার হাজার হাজার নরনারী নিরবচ্ছিন্ন অবস্থায় এসে উপস্থিত হল। এইরকমভাবে যদি পশ্চিমবাংলায় অন্বরত হাজার হাজার নরনারী তাদের সাহস হারিয়ে সেখান থেকে চলে আসে তাহলে এই সংকৃচিত বাংলায় তাদের বসবাসের ব্যবস্থা করা কি কঠিন ব্যাপার, তা তাঁরা সহজেই ব্রুষতে পারেন। তবে এটা ঠিক যে, আমাদের বিপক্ষের যেসমস্ত বন্ধুরা আছেন, তাঁদের মধ্যে অনেকেই এই অবস্থাটা ঠিক উপলব্ধি করেন না : সতেরাং তাঁদের কাছে আমার অনুরোধ, এই সমস্যাগর্মি তারা যেন একটু তালিয়ে বোঝবার চেণ্টা করেন। আমি লক্ষ্য করেছি যে, বিরোপিক্ষের বন্ধ্রা, সব সময়ই বাস্তুহারাদের সমস্যাটা যেন একটা রাজনৈতিক দৃষ্টিভগ্গীতে দেখেন ; বাস্তৃহারাদের দৃঃখ, দৃঃগতিটাকে তারা যেন একটা তাঁদের রাজনৈতিক মূলধন করেছেন এবং তাঁদের দুর্গতির মূলধনটা নিজেদের একটা পার্টিকে বড় করবার চেণ্টা মাঝে মাঝে দেখা দিয়েছে। কিন্তু এই রকম করে আমরা উন্বাদ্তু সমস্যা সমাধান কখনই করতে পারব না।

এরা যাতে নিজেদের শক্তি ও উদ্যামে বসবাস করতে পারে, সেই চেণ্টা তাদের দেখিয়ে দিতে **१८** : এवः आभात रक्षमाय, विरताधी भरकत वन्ध्राप्तत मरण्य निरय शिरा एपिया पिरा प्रि যে, সেখানকার হাজার হাজার উদ্বাস্তু, তারা নিজের চেন্টায়, নিজের উদ্যমে কি করে নিজেরাই তারা, নিজেদের জন্য বসবাসের ব্যবস্থা করতে পেরেছে। আমি যে কথা ঐ সমস্ত উन्दार्श्वरतत मृथ थिएक मृतिष्ठ, তा वलए वाधा शलाम-विद्याधी शक्कत वर, वन्ध्र তাদের কাছে গিয়ে এই কথা বলেছেন যে, "তোমাদের দুঃথকণ্টের জন্য দায়ী পণ্ডিত জওহরলাল নেহর, তোমাদের দুঃখের জনা ডাঃ বিধান চন্দ্র রায় দায়ী, তোমাদের বর্তমান দুঃখের জন্য কংগ্রেস গভর্নমেন্ট দায়ী"। তাঁদের কাছে আমার বস্তব্য, এইভাবে সমস্ত কিছু, দোষ ও দায়িত্ব গভর্ন মেন্টের উপর আরোপ করবার চেন্টা না করে, তাদের শক্তিকে, তাদের পৌর্বকে, তাদের প্রাণকে যদি উদ্বাদধ করবার চেষ্টা করেন, তাহলে আশা করা যায় যে এই বিরাট সমস্যার অনেকটা আমরা সমাধান করতে পারব। সেইজন্য আমরা ঠিক করেছি যে, সমুহত উদ্বাস্তুদের ভাগ্যা জীবন নতেন করে প্রনগঠিত করবার যে চেণ্টা হচ্ছে. আমরা সর্ব দলের সহযোগিতা চাই। স্পীকার মহোদয় আপনি জানেন যে, এখানে যখনই কোন কমিটি করা হয়েছে, যেমন ল্যান্ড রিফর্মস্ কমিটি, পঞ্চায়েত কমিটি প্রভৃতি তথন আমরা কোন একটা বিশেষ দলকে নিয়ে করি নি। এই সমস্ত কমিটিতে, কমিউনিন্ট পার্টি, ফরওয়ার্ড ব্রক, কংগ্রেস প্রভৃতি সকল দলের লোকই আছেন। কংগ্রেস গভর্নমেন্ট এমন কোন পার্টি কুলার পার্টিকে নিয়ে এই কমিটি গঠন করেন নি, এতে সকল পার্টিরই রিপ্রেজেন্টেটিভ রয়েছে। আমরা কোন এক বিশেষ দলের লোক নিয়ে এ্যাডভাইসরি কমিটি করতে চাই না: আমরা অফিসিয়াল এবং নন-অফিসিয়াল উভয় পক্ষের লোক নিয়ে এই কমিটি করতে চাই; তবে এটা কোন পলিটিকাাল কর্নাসভারেসনএ করতে চাই না। কারণ আমাদের এই এ্যাডভাইসরি কমিটি একটা পলিটিক্যাল কর্নাসভারেসনএর ব্যাপার নয়: এটা একটা বিশেষ ক'রে মানবতার ব্যাপার। লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ যারা আজ সর্বস্ব হারিয়ে ঘাটে ঘাটে কচুরিপানার মত ভেসে বেড়াচ্ছে, তাদের জীবনে অনেক সমস্যা আছে, যা আমরা সমাধান করতে পারি নি। আজকে এই বিপন্ন মানবতাকে বসতি দেওয়া দরকার। যাদের গৃহ নাই তাদের গৃহ দিতে হবে, যাদের অল নাই তাদের জন্য অন্নের বাবস্থা করতে হবে, যাদের শিক্ষা নাই তাদের শিক্ষা দিতে হবে. যারা রোগাঞ্জান্ত তাদের জন্য হাসপাতালের বাবন্ধা করতে হবে ; সমন্ত ব্যাপারটা একটা গঠনম্লক কার্যের ভিতর দিয়ে নিয়ে যেতে হবে এবং এই গঠনমূলক ব্যাপারে সেইরকম লোক নিতে হবে বারা সমস্ত রকম পলিটিক্যাল পার্টির উধের যাদের ভিতর একটা মানবতার দরদ আছে।

সমঙ্কত মানবতার দ্বিত নিয়ে বাংলা দেশের এই বিরাট সমস্যাকে সমাধান করবার মত থাদের ব্রিষ্থ আছে, এবং যাদের প্রাণ আছে, এই রকম লোক নিয়ে আমরা এয়াডভাইসরি কমিটি গঠন করতে চাই।

[3-50—4 p.m.]

সর্বশেষে, আমি আপনার কাছে এই মানবতার দৃণ্টিভগ্গী নিয়ে একটা কথা বলব। যদিও এই উদ্বাস্ত সমস্যা একটা বিরাট আকারে দেখা দিয়েছে, যদিও আমাদের পথ অত্যন্ত বিষ্যুসগ্রুপ, তব্ও আমাদের এই বিশ্বাস আছে যে, আমরা এই সমস্যা সমাধান করতে পারব। একদিন আমরা বৃটিশ গভর্নমেন্টের সামনে দাঁড়িয়েছিলাম : আমরা নিরস্ত হয়েও তাদের কামানের মুখে দাঁড়িয়ে আমাদের স্বাধীনতা ছিনিয়ে নিয়েছি। আমাদের শক্তি ও সাহসের শ্বারা, আমাদের পৌর্বের শ্বারা এতবড় একটা স্বাধীনতা অর্জন করতে পেরেছি। স্বতরাং আমাদের যে শক্তিতে ঐ বৃটিশ সিংহের দলত ভাগতে পেরেছি, সেই শক্তিতে বৃটিশ গভর্নমেন্টের চিতাভস্মের উপর আমাদের দেশকে আবার নৃত্ন ক'রে গড়ে তুলতে পারব, এবং উম্বাস্তু সমস্যা সমাধান করতে পারব। কিন্তু এই সমস্যা সমাধান করতে হলে, আমাদের সমালোচনা করবার নিশ্চরই প্রয়োজন আছে। ইমারসন বলেছেন—

Friend is a beautiful enemy.

অর্থাৎ বন্ধ্র হচ্ছে সেই, যে শত্র। যে আমাদের দোষ-ত্রটী দেখিয়ে দেয়। স্তরাং আমাদের অন্য পক্ষের বন্ধ্রা দোষ-ত্রটী দেখিয়ে দেন এবং আমরা সেজন্য যথেষ্ট সচেতন—আমরা তাঁদের অনেক এগ্রেন্ড্রেন্ট এগ্রুসেন্ট করে থাকি। কিন্তু যথন তাঁরা হিট বিলো দি বেল্ট অর্থাৎ যথন তাঁরা নাভির নীচে ঘ'র্নিস মারবেন, আমাদের আঘাত করবেন, আমাদের সর্বাব্দের দা দোষ দেখবেন--এটা আমি তাঁদের কাছে আশা করি নি। সর্বান্তঃকরণে আমি আশা করি, তাঁরা আমাদের এ বিষয় বিশেষভাবে যথাসম্ভব সাহাষ্য করবেন।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: I accept the amendment of Shri Jyotish Joarder.

### Si. Rakhahari Chatterjee:

স্যার, আমিও এবিষয়ে বলতে চাই।

Mr. Speaker: In the list your name has not been given. Two of your members have already spoken. You speak but be very brief.

#### Si. Rakhahari Chatterjee:

মাননীয় সভাপতি মহাশয়, বলুবার খুব প্রয়োজন হ'ত না, কিন্তু বলার আবশাকতা হ'ল এইজন্য যে, আমরা গত ২।৩ দিন যাবং যে সমালোচনা হচ্ছে খবে ভালভাবে চিন্তা ক'রে দেখেছি সমস্যা সমাধান যে কঠিন এবিষয়ে আমরা সম্পূর্ণ একমত। সমস্যা সমাধান করা তার চেয়েও কঠিন এবং ঠিক মত এই সমস্যা সমাধান করতে গেলে কোন একটা ব্যক্তি বা দল বিশেষের দ্বারা সদ্ভব নয়। সমুহত লোকের সমুহত শক্তি এবং সরকারেরও সমুহত শক্তি নিয়োজিত করা দরকার. এ বিষয়েও আমরা একমত। সেই শৃভবৃদ্ধি প্রণোদিত হয়ে বিরোধীপক্ষীয় সদস্য বন্ধু শ্রীসাহাদকমার মল্লিক চৌধারী যে প্রস্তাব এনেছেন, জানি না এই প্রস্তাবের বির্ম্ধতার কারণ কি? কারণ এই, মাননীয় সদস্য কবিবর ব'লে গেছেন যে সমস্যার সমাধান আগেই হয়ে গেছে. আমরা ব্রিটিশ সাম্বাজ্যবাদের সঙ্গে সংগ্রাম ক'রে ইংরাজদের তাড়িয়েছি। স্বতরাং এই সমস্যা সমাধানের জন্য করার আর কিছুই নাই। হঠাৎ সমস্যা সমাধানের কথায় রিটিশ শক্তির কথার প্রয়োজন কি হ'ল? আমি তাঁকে চিন্তা করবার জন্য অনুরোধ করি যে বিটিশ শন্তির বিরুদ্ধে সংগ্রাম করে স্বাধীনতা আনা যদি সম্ভব হয়ে থাকে তাহলে পাকিস্তান হ'ল কেন? এখানে ইংরাজদের কথা অবান্তর, তার কোন আবশাকতা ছিল না। তিনি একথা বলেছেন যে বহ সমস্যার সমাধান হয়েছে, কিন্তু সূত্র্ভাবে যে অনেক হয় নি তা বিরোধীপক্ষের সদস্যদের কথা নর। ধান ভানতে শিবের গীত—এ কবিবরের পক্ষেই সম্ভব। সরকারের বেখানে অর্থবায় হয়েছে তার যে অধিকাংশই অনুধুকি হয়েছে তা আমরা দেখেছি। ১৯৫০ সালে, যুখন সর্বপ্রথম ব্যাপৰভাবে রেফিউজি আসতে লাগল তখন ৩টা ভিসপার্সাল স্কীম করা হর এই পনের্বাসনের

সমস্যা সমাধানের জনা। বিভিন্ন স্থানে দ্রে দ্রোল্ডরে দ্রগামেলা, মনসা মেলা ইত্যাদি নাম দিয়ে মাঠে ঘাটে পাঠান হ'ল বহুলোককে। অধিকাংশের জীবন সমাধি হ'ল: প্রাণ নিরে জনকতক ফিরে এল। তার জন্য ঠিক এইভাবে টাকা খরচ করেছেন, কিল্টু সমস্যা সমাধান করা যায় নি। কোন সুষ্ঠু পরিকল্পনা নিয়ে, দূরদুষ্টি নিয়ে কাজ না করার জন্য অর্থের অপবায় হয়েছে। আমি একথা কংগ্রেসপক্ষীয় সদস্যদের এবং মাননীয় সদস্য বিজয়বাব, বিনি ব'লে গেলেন তাঁদের জিজ্ঞাসা করি, এই দেশপ্রেম এবং মানবতা কেবল তাঁদেরই জন্য বা তাঁদের দলের একচেটিয়া, আর কারও নয়? এটা অত্যন্ত দ্বংখের কথা। (জনৈক সদস্যঃ উনি এরকম বলেন নি।) তা যদি না হয়, যদি তাদের একচেটিয়া না হয় তাহলে আমাদের পক্ষেত্র বলবার কিছু আছে। প্রস্তাবে যা রয়েছে তা স্কুলর, কংগ্রেসপক্ষের বিরুদ্ধে কিছুই নাই। মাত্র वना रासाह रा, रूना প্রয়েস। কোন প্রয়েস হয় নি তা वना হয় নি, रूना প্রয়েস হয়েছে। এ শাক দিয়ে মাছ ঢাকতে যাবেন না। বাংলার যেখানে সেখানে, পথে ঘাটে আজু রিফিউজী কি অবস্থায় আছে? স্বৃতরাং আনন্দবাব্র যে রেজলিউসন তা সম্পূর্ণ পূথক। তার স্ঞো সাহ দ্বাব্র রেজলিউসনের কোন সম্পর্ক নাই। আমার মনে হয়, আনন্দ্রাব্র যে প্রস্তাব তা তিনি প্রত্যাহার কর্ন। আমরা মনে করি—বাংলাদেশের এই স্বন্ধ পরিসর জায়গায় তার পরিধির মধ্যে এই বিরাট রিফিউজিদের কর্মসংস্থান করা সম্ভব নয়। তাদের অন্য জায়গা দিতে হবে—সারা ভারতবর্ষে। ইণ্ডিয়া গভর্নমেন্টের প্রত্যেক সার্ভিসে ফার্ট্ট প্রাইওরিটি দিয়ে এদের এবজরব ক'রে নিতে হবে। কিল্তু মূল প্রস্তাবের বিরোধিতা ক'রে আনন্দবাব, যেটা দিয়েছেন, তাতে এ সমস্যার সমাধান হ'ল না। উলটো বিরোধিতার ভাব প্রকাশিত হল। এতে আসল সমস্যার সমাান হবে না। বরং জিনিসটা খারাপই হবে।

আমি তাই অন্রেয়ধ ক'রব আনন্দবাব্বে যে, তিনি তাঁর প্রস্তাব প্রত্যাহার কর্ন এবং ন্তন ক'রে প্রস্তাব আন্ন ষাতে আমরা সকলে সমর্থন করতে পারি।

[4-4-10 p.m.]

The Hon'ble Renuka Ray: Mr. Speaker, Sir, this is the third day on which we have been discussing some aspects of the problem of refugee rehabilitation and, I think, one fact emerges clear from this discussion that there is now a much better understanding and realisation of the problem as it faces West Bengal—the problem of the partition of the State and the more complicated problem of settling lakhs and lakhs of refugees that have come to it. It is not a problem as has already been stated, to be compared to the problem as it faced East Punjab which comes next to West Bengal in having a very large number of refugees. From West Punjab 49 lakhs of people left and of the 49 lakhs of people who came from West Punjab, 24 lakhs have settled in the East Punjab. From West Bengal, as it has already been stated, only 8 lakhs went and out of them 6 lakhs have come back and thus those who have come are an additional number to this densely populated State. Under these circumstances we have to work.

My Honourable friend Sj. Jyotish Joardar complained that whenever this question is raised, the argument is put forward that more refugees have come. Mr. Speaker, Sir, I ask you, is this an argument or is it not stark reality—the naked truth that day after day, month after month, year after year, sometimes there is a lull and often times there is no lull and large numbers, thousands upon thousands, come daily and we have to arrange for them shelter and accommodation so that they do not die as West German refugees died in thousands at the start. It may be that the refugees in West Germany have settled well today but we have seen how their own activities have helped this. We have seen that their numbers are—not what as long as both we have in the east and the west. We can claim that we have had no outside help to rehabilitate our refugees and in spite of this they have not died in large numbers in camps as they died in West Germany before the process of rehabilitation started.

My Honourable friend Sj. Ambica Chakrabarty said that the Government is endeavouring to rehabilitate the refugees but have not so far ment is enceavouring to renabilitate the refugees but have not so far succeeded. If he says this in the context of the fact that we continue to face a new influx of refugees, I entirely agree with him. We have been able to rehabilitate a very large number of them—lakhs numbers have been given by the Honourable Members of this House and I do not want to repeat them. Of course, there are more and every day there are more and we have not been able to rehabilitate yet more than that belt of them. As now, Honourable friend Si. Kenstur, Kenst, Kens about half of them. As my Honourable friend Sj. Koustuv Kanti Karan and others have said, it is not possible for this State, this small State—to take upon itself further responsibility for rehabilitation of new comers. It would be fair neither to the people of the State nor to the refugees nor to the Union Ministry of Rehabilitation nor to the Government of West Bengal to say now that we have the room to rehabilitate more refugees. Therefore, I want to say that the amending resolution of Sj. Ananda Gopal Mukherjee has a realistic approach which suggests that in the process of finding lands in other States we should have social workers and constructive workers linked with the settlements. We had experience in the past of desertions from other States. I said it before but I just want to say again that it is an over-simplification of the issue to say that the refugees are responsible for this or even that the State Governments concerned are entirely responsible for this. The fact remains that if planned schemes of rehabilitation are made for them, as has been made in the Andamans, and if preliminary arrangements for homes and for employment also are made, as has been done in the Andamans, I am quite sure that the refugees and more especially cultivators—if they get good lands will settle anywhere in this country. For that I know the Planning Commission and the Union Ministry of Rehabilitation and our Prime Minister himself are doing their best. In these efforts, I am sure, the Union Minister of Rehabilitation will be only too glad to welcome the help of constructive workers in planning the schemes once the sites are found.

Before I leave the subject, I might answer a point made by my honourable friend Sj. Suhrid Kumar Mullick Chowdhury, the mover of this resolution who said that 93 families have returned from the Andamans. That was in 1949. Since then, 1,244 families, as many families as for whom room could be arranged—have settled in the Andamans and settled yery well. I may say that hundreds of camp refugees are very willing to go to the Andamans today and I am sure that if similar facilities can be made available for them elsewhere they would also settle there.

Before I go to the main theme of the resolution—I have not much time—I will deal with one or two points that were raised in the course of this debate. The first one was raised by Sj. Suhrid Kumar Mullick Chowdhury in which he condemned sweepingly the officials of the Rehabilitation Department and said that they were involved in the question of taking border slips from refugees and using them over again. May I tell him—and I think I have already told him informally that the position is just the contrary. It was that some of the officials of the Rehabilitation Department who were able to find out that some border slips had been forged and others had been used over again. The persons concerned are mainly middlemen, not officials and I might say that eight of these persons have been prosecuted and the investigation is being carried out about the rest. So, I am afraid, that the facts of the case were somehow misrepresented to him and, therefore, he did not know what had actually taken place. I have with me here in my hands two border slips, one of which is obviously a forged one and the name in the other one has been rubbed out and another name written. These are the things that have come to light. Now I hope that Sj. Suhrid Kumar Mullick Chowdhury will realise that when he

brought this charge sweepingly against all the officials, it was not a very fair thing to do without verifying the facts. He has been kind enough to eulogise an official, but I think he was not aware that she also is an official—my private secretary who happens to be the first woman Sub-Deputy Collector in West Bengal. He perhaps thought that she was not an official but she happens to be one. I would humbly like to say that there are hundreds of officials here who are working well. Let me also tell him that I am perfectly aware that whether they are officials or in other walks of life, there are hundreds of people also who perhaps have not that sense of integrity that is required and others about whose activities a careful watch has to be kept—from time to time when we can get sufficient proof for prosecution or even departmental proceedings, action is taken. I shall be grateful if sufficient evidence is produced and I can assure this House that in all such cases, action will be taken. But a vague generalisation is unfair to those who work well and put their heart and soul into a difficult job.

Sir, a good deal has been said about squatters' colonies. I would not go into any detail except to say that the Land Planning Act which has so recently been amended will make it much easier for us to quicken up the legal procedure involved in acquisition. We have regularised 12 such colonies as we are able to do so by negotiation.

# [4-10-4-20 p.m.]

My friend from Midnapore today raised the point, in fact, he has complained why should not these cotton spinning mills where the refugees are to work be established in Midnapore district. Perhaps if he thought in earlier years of welcoming refugees in greater numbers in Midnapore a little more kindly, emulating what Nadia district did or what some other districts did, his district might have been allotted one of these spinning mills. He says that there was a large concentration of refugees in Midnapore But I have to tell him quite frankly that we have perforce had to send fewer refugees to Midnapore compared to other districts. So it is only natural that Government have decided to set up spinning mills in other industrial areas where there is much larger concentration of refugees.

Many of the points raised are ancient history and I do not think there is any necessity to answer them because these points have been answered over and over again. For instance, a point has been raised about giving loans in many instalments. I can tell you that since 1952 except in the usual two instalments for house-building loans, loans are not given in instalments.

অর্থাৎ এই চারটা জিনিসের মধ্যে যে জায়গাগালি উদ্বৃত্ত সেগালি গ্রহণ করার জন্য বলেছি। কিন্তু ওখানে যেসমুস্ত অন্যান্য বিষয় আছে, যেমন—

livestock breeding, poultry farming, orchard

ইতাদি তার মধ্যে যেসকল উদ্বৃত্ত জমি আছে সেগ্নলি সরকার পক্ষ থেকে গ্রহণ করতে কি আপত্তি থাকতে পারে আমি বৃক্তে পারি না। আমি বলার চেণ্টা করেছি.

orchard, livestock breeding, poultry farming, dairy

ইত্যাদিতে যে উদ্বন্ত জমি থাকবে এবং সেগ্লি যদি চাষযোগ্য হয় তাহ'লে সেগ্লি গ্রহণ করা উচিত। তাহ'লে অনেক জমি পাওয়া যেতে পারে এবং সেদিক থেকে মধ্যুস্বত্বাধিকারীর হাতে যে জমি থাকবে তা কেড়ে নিলে তাদের কোন অস্থিবা হবে না। সেন্ধন্য আমার শেষ এমেন্ডমেন্টএ এইভাবে পরিবর্তন করার কথা আমি বলেছি। আশা করি মন্দ্রী মহাশার এটা বিবেচনা করে দেখবেন। ট্যাপ্ক ফিসারিও আবার বিবেচনা করে দেখতে অন্রোধ করি, কারণ এটা পরিবর্তন না করলে ২৪-পরগনার এক বিরাট অঞ্চলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হবে এবং হাজার হাজার চাষী উচ্ছেদ হয়ে যাবে।

## Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে কারণ বর্তমান থাকার জন্য দাজিলিংএ মধ্যস্বদাধিকারীকে কিছ্
সূবোগ স্বিধা দেওয়ার ব্যবস্থা মদ্যী মহাশয় করেছেন সেই কারণ যদি বাংলাদেশের অন্যান্য
জেলায় কোন কোন অংশে বর্তমান থাকে তাহ'লে কেন সেইসব অঞ্চল সেই সুযোগ স্ববিধা খেকে

বলিও হবে এবং তার কোন কারণ থাকতে পারে ব'লে আমি মনে করি না। সেজন্য আমি বলতে চাই যে, বাংলাদেশের অন্যান্য জেলার যে-কোন অংশকে বাংলা সরকার যদি ব্যারেন বলে, অনুর্বর বলে ঘোষণা করেন তাহ'লে তারাও ৩০ একর জমি রাখতে পারবে। কালকে মন্দ্রী মহাশয় বলেছেন যে, দাজিলিংএ জমির পরিমাণ কম এবং সেখানে অনুর্বর জমি খুব বেশি এবং তাতে ফসলও ভাল হয় না। সেই কারণে বেশি জমি মধ্যুস্বছাধিকারীকে দেওয়ার ব্যবস্থা করেছেন। যদি অনুর্বর জমি এবং তাতে ভাল ফসল হয় না বলে বেশি জমি দেওয়ার প্রয়োজন থাকে তাহ'লে বাংলা দেশের অন্যান্য জেলা, যেমন বাঁকুড়া, মেদিনীপ্রে প্রভৃতি জায়গায় যেসমস্ত জমি আছে এবং যেখানে ভালভাবে ফসল উংপম হয় না, এমন কি প্রত্যেক জমিতে চাষও হয় না, এবং যেসব জমিতে দুই এক বংসর অন্তর চাষ করতে হয় সেই সমস্ত জায়গায় মালিকদের সেই সনুযোগ কেন দেওয়া হবে না আমি ব্রুতে পারি না। সেজন্য আমি প্রস্তাব করেছি এই এমেন্ডমেন্ট শ্বারা যে, যেখানে তাঁরা দাজিলিং বলেছেন আমি বলেছি

"districts of West Bengal as may be declared by the State Government to be barren portions, an intermediary shall be entitled to retain thirtythree acres of land"

আমি সেটায় বলেছি, যেখানে অনুর্বরতার অজ্বহাত দেখিয়ে দাজিলিংএ বেশি জমি দিতে চাচ্ছেন সেখানে বাংলাদেশের অন্যান্য অনুর্বর জায়গায় সেই রকম বেশি জমি দিন-৩৩ একর পর্যনত: তার বেশি দিতে আমি রাজী নই। এমন কি আমি ২৫ একরের স্থলে ১৫ একর স্বীকার করলেই খুশি হ'তাম। দান্ধিলিংএর প্রতি আমাদের সরকারের এত দরদ কেন? যদি অনুবর্বর ব'লে ইন্টার্কার্কার্কারের প্রতি দরদ থাকে তাহ'লে অন্যান্য জেলায় যেসমুহত অনুব'র জুমির মালিক আছেন তাদের প্রতি সেই দরদ দেখাচ্ছেন না কেন? এর পিছনে কি মতলব আছে? আমার কথা হচ্ছে একই নীতি বাংলাদেশের সর্বন্ন প্রয়োগ করা হোক। আরেকটা হচ্ছে ৩(১)(ডি) তাতে আছে রিলিজিয়াস পার্পাসএ অনেক জমি ছেড়ে দেওয়ার ব্যবস্থা। এদের ধর্ম বলৈ বিশেষ কিছ্ব নাই ব'লে আমার মনে হয়। সেটা শ্ধ্ব ভাওতাবাজী। সরকার যদি প্রকৃতই ধর্মের দোহাই দিয়ে বা চ্যারিটেবল পার্পাসএর দোহাই দিয়ে কাউকে কিছু বেশি জমি দিতে চান, তাহ'লে নানা রকম মিশন, যথা রামকৃষ্ণ মিশন প্রভৃতিকে কিছু বেশি জমি দিন তাহ'লে আমি আপত্তি করব না. কারণ বর্তমানে সে অবস্থা আসে নি। কিল্ডু এখানে শুখু ভাওতাবাজী এবং স্বদলীয় পর্বজিপতিদের স্বার্থ রক্ষারই ব্যবস্থা হয়েছে। কারণ এই দেবস্তরের নামে জমির মালিকগণ তাহাদের অধিক জমি রাখিবার সুযোগ পাইবেন এবং রাখিতেছেনও। আমরা দেখেছি যে, এস্টেট একুইজিশন বিল পাস হবার আগে থেকে এবং পাস হবার সঞ্চো সঞ্চো বহু জমি হস্তান্তরিত रुरा गिराराष्ट्र। मत्रकात क्षीम भारवन ना, भाउग्रात रकान উপায়ও नारे। यटरे टांता वन्तन ना কেন যে লক্ষ লক্ষ জমি পাবেন, জমি তাঁরা পাবেন না। তারপর আবার যেসমুহত জমিদার ও বেশি জমির মালিক মিতাক্ষরা আইনের দ্বারা অনুশাসিত তাঁরা সেই আইনের সাহায্যেই বর্তমান আইনকে ফাঁকি দেওয়ার বাবস্থা করেছেন।

## [11-11-10 a.m.]

তাঁদের খ্ব ভাল ভাল উকিল, মোন্তার আছে, তাঁদের পরামর্শ নিয়ে, ছেলেপিলেদের দিয়ে তাদের অংশ দাবী করে কোর্টে মামলা করে দিয়ে তা ডিক্লি করিয়ে দিয়েছেন বাপ, তাঁর নিজের বিরুদ্ধে। এইভাবে অনেক জমি চ'লে গিয়েছে। আরও কিভাবে জমি হস্তান্তরিত হয়েছে, সেইটা দেখুন।

### Mr. Speaker:

আপনার নিজের মতলবটা কি, একটা ভাল ক'রে প্রকাশ করান না?

## Sj. Dhananjoy Kar:

আমি ত সেইটাই বলতে চেণ্টা করছি। বিভিন্নভাবে জমিগ্রিল জমির মালিকরা বের করে নিচ্ছেন। তাঁরা নিজেরাই সেবারেই হয়ে গিরেছেন দেবতার সম্পত্তি করে দিয়ে, সে জমি আর নেওয়া যাবে না। এইভাবে সমস্ত জমি আইনের বাইরে চলে যাছে, বেশি জমি আর পাকবে না। এখন কুলদেবতার নামে জমির মালিকগণ তাদের অধিক সব জমি দিয়ে দিয়েছেন, তাদের সমস্ত পার্টামন্তকে নিয়ে সেখানে তাঁরা রিলিজিয়ন করছেন। রিলিজিয়াস পার্পাসএ জমি দুদ্বার ষে বৃদ্ধথা করেছেন, সেটাকে যদি স্বালির করে নেওয়া যায়, তাছ'লে এ'রা আদৌ জমি পাবেন না, এবং কখনও কিছুতেই পেতে পারেন না। যাদের বালিগতভাবে রিলিজিয়াস পার্পাসএ জমি দেওয়া হচ্ছে, তাঁরা সাধারণত ঠাকুরকে কলা দেখিয়ে নিজেরাই খান। স্তরাং যে জমি ঠাকুরের সেবার জনা তাঁদের দিছেন, সেই সমস্ত জমি ঠাকুরের সেবায় না লাগিয়ে, তাঁরা নিজেরাই ভোগ করবেন। স্তরাং এখানে আমার বন্ধবা হচ্ছে, যদি কাউকে কিছু জমি দিতে চান, তা দিন, কিস্কু শ্র্য চারিটেবল পার্পাসএ দিন। কারণ ঠাকুরের প্রতি উদের যা ভিন্তি দেখছি, তাতে রিলিজিয়াস কথাটা টেনে এনে, ঠাকুরকে কলা দেখানর মত, বাবস্থা করবেন না। স্তরাং এখানে 'রিলিজিয়াস' কথাটা বাদ দিন এবং সেই জায়গায় 'চাারিটেবল পার্পাস এই কথা রাখ্ন, তাতে আমাদের বিশেষ আর্থিজ নেই।

তারপর এখানে আর একটা নৃতন ব্যবস্থা ফরেস্ট সম্বন্ধে করেছেন। এই ক্লন্ড ৩(১)(সি)তে ফরেস্টের যে ডেফিনিশন দেওয়া হয়েছে, সেখানে আমি বলছি—

'except the land which is under cultivation for not less than three years'' এইটা ইনসার্ট করা হউক। এর কারণ আমি পূর্বে বলেছি, এখন আবার বলছি।

## Mr. Speaker:

একবার ত বলেছেন, এখন আবার কেন?

## Sj. Dhananjoy Kar:

এটা আমাদের পক্ষে মারাত্মক জিনিস, জানেন না তো গ্রামের মধ্যে কিরকম অবস্থার স্থি হবে। বহু, লোকের ঘর বাড়ি, জমি নদীর জলে ভেসে যাবার পর, তারা এখন জঙ্গলে এসে আশ্রম নিয়ে বাস করছে। এই সমসত জমি জমিদারের কাছ থেকে বন্দোকত করে নিয়ে জঞালগুলি কেটে পরিব্দার কবে, আবাদী জমিতে পরিণত করে, সেখানে চাষাবাদ করে আসছে। কিন্তু জমিদাররা তাদের ওয়ার্কিং স্ল্যানএ এই সম্পত্ত জমিগুলিকে ফরেস্ট বলে দেখিয়েছেন। এখন সেখানে যে সেটেলমেন্ট হচ্ছে, তাতে এইভাবে জমিদাররা যেসমস্ত জমি বিলি, বন্দোবস্তে দিয়েছিলেন এবং যাহাতে অনেক দিন ধরে চাষাবাদ হয়ে আসছে, এখন সেগ্রালকে সেটেলমেন্টএ জণ্গল বলে ধরা হচ্ছে। সেখানকার জনসাধারণ তাদের নিজেদের যথাসর্বাহ্ব টাকা, পয়সা খরচ করে, সেই সমস্ত জ্পাল পরিত্বার করে ভাল আবাদী জমিতে পরিণত করেছেন: এবং এই সমুস্ত জমিতে যারা বসবাস করছে তাদের অধিকাংশই হচ্ছে দরিদ্র আদিবাসী, এবং ক্ষান্ত চাষী সম্প্রদায়ের লোক। সত্রাং আজকে সেই সমস্ত আবাদী জমিকে যদি ফরেস্টের আওতা থেকে বাদ দেওয়া না যায়, তাহ'লে সেথানকার সমস্ত আদিবাসী ও ছোট চাষীরা একেবারে উম্বাস্ত হয়ে যাবে, তাদের চাষ করবার কোন জমিই আর থাকবে না। আমি জানি, নয়াগ্রাম থানা এলাকায় বহু, লোকের জমি এইরকমভাবে রাখা হয়েছে। অতএব আমার বন্তবা--যেসকল জমিতে তিন বছরের অধিক কাল ধরে চাষ হয়েছে, অন্ততঃ সেগ্রালকে এই ফরেন্টের আওতা থেকে বাদ দিন। এইটক গ্রহণ করতে আপনাদের আপত্তি কেন? যেসমস্ত জমিতে বর্তমানে চাষ হচ্ছে সেগ্রলিকে আপনারা জঞাল বলে রেকর্ড করতে যাচ্ছেন কেন? জমিদারগণ গ্রামবাসীদের মূর্খতার সুযোগ নিয়ে, জাম বন্দোবস্ত দিয়েছেন। সাধারণ আদিবাসী, তারা অতান্ত মূর্খ, তারা কিছুই জানে না, বোঝে র্না; তাদের বন্দোবস্তের পর যে জমি চিহ্নিত করে দেওয়া হয়েছে, তাই তারা চাষ করে আসছে, এবং তার খাজনা জমিদারগণকে আদায় দিয়ে আসছে। কিন্তু যে জমি তাদের কাগজে পত্রে আছে, সেটা না দেখিয়ে, অন্য আর একটা জমি তাদের দেখিয়ে দেওয়া হয়েছে। সেই সমুদ্র আদিবাসী लियाभुषा ना जानात जना ज्थन किह्न दे त्यारा भारत नाहै। जात्रा स्मिह क्रियत क्रमान रकरिक्रि, সাফ, পরিত্বার করে আবাদী জমিতে পরিণত করে চাষ করছে নিজের জেনে। আজকে সেটেসমেন্ট হতে জানা গেল, যে জাম তারা চাষ করছে, সেটা তাদের বন্দোবসত করা জাম নয়, ভল দেখান হয়েছে। তাদের জমি অনাবাদি অবস্থায় জ্ঞাল হয়ে পড়ে আছে। আজকে যখন সেখানে সেটেनমেন্ট হতে লাগল, তখন দেখা গেল যে জমিটা তাদের, জমিদার বন্দোবসত করেছেন সেটা বোরতর জুপাল, আর যে জমিটা নিয়ে তারা চাষ করছে সেটা কাগজে কলমে জপাল, যদিও সেখানে জপালের গাছের একটাও শিক্ড নাই। বন্দোবসত জমিতে জপাল থাকার জনা সরকার ত

তা নিবেনই, আবার যে জমিতে আবাদ করা হরেছে, কাগজে কলমে তা জ্বণাল থাকার জন্য, এই আইনের ব্যাখ্যা অনুসারে তাও নিবেন। উভর জমিই বাবে। এইভাবে আমাদের এলাকার বহু আদিবাসী, যারা নিজের রক্ত দিরে, জ্বণাল কেটে পরিক্কার করে, আবাদি জমি তৈরি করেছে, সেই জমি থেকে তারা আজ উচ্ছেদ হতে চলেছে, এবং সম্পূর্ণভাবে উম্বাস্তৃতে পরিণত হতে চলেছে। সেইজন্য বার বার মন্ত্রী মহাশরকে অনুরোধ কর্রছি, তিনি এইটা গ্রহণ করে নিন্দ্রসমন্ত জামতে তিন বছর ধরে চাব হুরেছে, সেই সমন্ত জমি যেন জ্বপালের নাম করে কেড়ে নেওয়া না হয়।

# Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, দার্জিলিং জেলার যে অণ্ডলকে পার্বতা এলাকা বলে ঘোষণা করা হবে এবং সেথানকার মধ্যস্বত্বভোগীকে সমস্ত জমি ছেড়ে দেবার পক্ষে যে যুক্তি দেখিয়ে মন্ত্রী মহাশয় বলেছেন যে, দার্জিলিং থেকে তাঁর কাছে রিপ্রেজেন্টেশন এসেছিল : কিন্তু, আমি জানতে চাই সে কারা এসেছিল ? তারা কি সেই দার্জিলিং পার্বত্য এলাকার ভূমিহীন কৃষক, যারা নিজেরা জমি চাষ করে, মধ্যস্বত্বভোগী তারা ? এখানে একটা জিনিস মনে রাখতে হবে, এই জিনিসটা র্যাদও ছোটু—কিন্তু এর ভিতর যে মনোভাবটা প্রকাশ পেয়েছে—বর্তমানে যাঁরা এই বিল পাইলট করছেন, তাঁরা মধ্যস্বত্বভাগীদের স্বার্থ সংরক্ষণের জন্য যতথ্যনি সচেট, অন্য দিক দিয়ে প্রধানতম যাদের স্বার্থের জন্য আইন হওয়া উচিত ছিল, সেই দরিদ্র চাষী ও কৃষকদের স্বার্থের জন্য ঠিক তত বেশি সচেট নন। তাঁরা যুক্তি দেখিয়েছেন মোটে তো সাড়ে তিন হাজার বিঘা জমির ব্যাপার এ নিয়ে আবার কেন হাঙ্গামা করছেন? কিন্তু এখানে ভাঁদের একটা কথা সমরণ রাখতে বলি—তাঁরা যে ফিগার দিয়েছেন তাতে একট্ ভূল আছে। ২২৬ জন যদি মধ্যস্বত্ব দার্জিলিংএ থাকে, যাদের ২৫ একর করে জমি আছে তাদের মোট জমি ১০ হাজার একর বলেছেন। কিন্তু তা হয় না। কারণ, ২২৬কে ২৫ দিয়ে গুণু করলে দাঁড়ায় ৫,৬৫০, এবং ১০,০০০ থেকে বাদ দিলে ৪,৩৫০ একর হয়।

(The Hon'ble Satyendra Kumar Basu:

২২৬ জন নয়, ২৬৬ জন।)

হোক. একটা জিনিস মনে রাখতে হবে বিভিন্ন অণ্ডল থেকে কিছু কিছু জমি যদি চলে যায় তাহ'লে দেখবেন প্রত্যেক জেলা থেকে এক হাজার এক হাজার একর জমি একচিত করে বোধ হয় ছয় লক্ষ একর জমি আপনারা পাবেন। এই প্রকার যাত্রিতে যদি এই জেলায় জমি ছাডেন এবং অনা জেলায়ও এইরকমভাবে জমি ছাডতে থাকেন, তাহ'লে আপনাদের হাতে কোন জমিই থাকে না। সূত্রাং আপনাকে প্রথম মনে বাখতে হবে, যেখানে সাড়ে তিন হাজার একর জমি আপনি অকিণ্ডিতকর মনে করছেন, সেই সাড়ে তিন হাজার একর জমি যদি অন্ততঃ পার্বতঃ এলাকার পরিবারকে দেওয়া যায়, তাহ'লে তাদের কাছে এই সাড়ে তিন হাজার একর জমি মোটেই অকিণ্ডিতকর নয়। সেই দিক দিয়ে তাদের কথা চিন্তা করে, বিবেচনা করে ব্যবস্থা করা উচিত : কারণ, তাদের যখন আপনারা জমি দিতে চাচ্ছেন। অন্য দিক থেকে মনে রাথতে হবে, এর সাথে সাথে একেবারে নেসেসারি করলারি হিসাবে ফলো করছে যে, অন্য পার্বত্য এলাকার কোন কৃষককে জমি দেওয়ার কথা আর এথানে থাকছে না, কারণ, সেই এলাকার লোককে অনা জেলার জমি দিতে পারবেন না, সেখানে স্থানীয় এলাকার জমি তাদের দিতে হবে। অন্ততঃ এই কথাটা মনে রাখতে হবে—সমস্ত দরিদ্র ক্লষকের কথা চিন্তা করতে হবে। ষারা রিপ্রেজেন্টেশনএ এসেছিল শুধু তাদের কথা নয়, তারা ছাড়াও আরও বহু কৃষক, জনসাধারণ ষারা রিপ্রেজেন্টেশনএ আসতে পারে নি. তাদের কথাও চিন্তা করে দেখতে হবে যে, এদের এই সমশত জমি ছেডে দেওয়া যায় কি না?

[11-10-11-20 a.m.]

তা ছাড়া আর একটা জিনিস মনে রাখতে হবে এ'রা অনেক ষ্বৃত্তি দেখিয়েছেন, কিন্তু আমার কথা হছে বান্তবিক বদি ২৫ একরের জারগায় তা বাড়িয়ে বদি ৪০ একর করতে হয় তাহ'লেই বেসমন্ত জমি বাদ বাবে তা মোটেই সঙা নয়। কেননা ২৬৬টা পরিবার যা আছে তার ভিতর দেখা যাবে ৩০ থেকে ৪০ একরের ভিতর অধিকাংশই পড়বে, আর তার ভিতর হয় ত ৫০ ৷৬০টাও

**পঞ্জবে। জমির পরিমাণ বত বাড়বে তত কম লোকের হাতে সেটা থাকরে। সেইজন্য ৬০।৭০টা** পরিবারের যদি জমি নেওয়া হয় তাহ'লেও অস্ততঃ সেখানে ২ হাজার একর জমি বেরিয়ে আসবে, धर्वर (प्रांगे न्थानीय लाक्तारे (भए भारत) (प्ररेक्षना गृथ, धे पिक श्वरक (प्रधानकात प्रधा-স্বন্ধাধিকারীদের কিছু সূবিধা হবে তা নয়, সাথে সাথে এ কথা চিন্তা করতে হবে যে, ঐ পার্বত্য এলাকার যেসমস্ত কৃষক আছে তাদের কাছে ১ একর জমিরও মল্যে অনেক আছে। তা ছাড়া আমি বিশেষ করে জানি যে দাজিলিং, কার্সিরাং প্রভৃতি জারগায় যে অচার্ডাএর কাজ হয় তাতে সেই পরিশ্রমী পাহাড়ী কৃষকেরা সেখানে কিছু জমি পেলেই তারা নিজেরা উৎপাদন করে বা মজুরী করে, রোজগার করে পরিবার প্রতিপালন করতে পারবে। সেদিক খেকে বিবেচনা করা উচিত যে, যে ২৬৬টা পরিবারের কথা বলছেন তাদের মধ্যে কারা আছে? তাদের ভিতর বর্ধমানের মহারাজ উদয়চাঁদ মহাতাব বাহাদার পর্যানত আছেন কিনা তা চিন্তার কথা। কারণ, জমিদার হিসাবে দাজিলিং ও কার্সিয়াংএ তার জমিদারী ছিল সেই সকল জমি আছে কিনা ভার এখনও সঠিক তথা ঠিক করতে পারি নি। তাহ'লেও ঐ ২৬৬টার ভিতর ৫০০ একরের বেশি জমির মালিকও কিছু আছেন। তা যদি থাকে তাহ'লে সেথানে তাদের দেবার জন্য এরকম ঢালাও অর্ডার কেন? আমি জানি ঐরকম ২৭ হাজার পরিবারের মধ্যে ৫০০ পরিবারের নাম দিতে পারি যাঁদের ১ ছটাক জমিও দেবার প্রয়োজন নাই। সেই ৫০০ পরিবারের লোকের কাছ থেকে ২ লক্ষ একর পেতে পারেন। আর বাংলায় ২০ হাজার, ৩০ হাজার বিঘা জমি আছে এমন লোকের সংখ্যাও কম নয়। এইরকম ৫০টা পরিবারের কাছ থেকে নিলে বহু লোককে দেওয়া যায়। কাজেই এবকম ঢালাওভাবে না ক'রে ঐরকম ধরনের কিছু অল্পসংখ্যক পরিবারের কাছ থেকে সমুহত জুমি নিয়ে সেই পার্বতা অঞ্চলের যে কুষকেরা আছে তাদের দেওয়ার মতন অন্ততঃপক্ষে কিছ, জাম পেতে পারবেন। কিন্তু এদিকে সরকার যা করছেন তার ফল হবে যে, তাতে সেখানকার প্রধানদের বা গুর্খা লীগের জনকতককে খুশি করে রাখতে পারবেন, কিন্তু সেথানকার অবস্থা শান্ত করতে পাববেন না, বরং অতান্ত দ্বাল ভিত্তির উপর দাঁড়িয়ে থাকবেন এবং সে দিন আসছে যথন কৃষকেরা তাদের অধিকার আদায় ক'রে নেশে।

## Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ প্পীকার, সারে। আমার এই ক্লজে দ্বৈটা এমেন্ডমেন্ট আছে; প্রথম এমেন্ডমেন্ট হচ্ছে দার্জিলিংএ যতগ্রেলা জমি খাস দখলে আছে সেগ্রেলা ছেড়ে দেবেন। এখন খাস পজেশন মানে কি? এ শব্দটা অতানত ভেগ করেছেন। এই ভেগ কথার মানেতে অনেক রকম বোঝায়। 'খাস পজেশন' বললে ভাগচাষী যারা নিজে জমি চয়ে—অথচ অনেক ভাগচাষীর নাম অনেক জমির রেকর্ডে নাই, সেখানে মালিক তারা নিজেদের খাস দখলের জমি ব'লে রেকর্ড করিয়েছেন। অনেকে যারা বাংসরিক সাঁজায় চাষ করে; এক বংসর চাষ করে সাঁজায় যে ধান হচ্ছে তারজনা এদের রিসদ দেন না, সেগ্রেলা খাস দখলের জমি বলে দিয়ে থাকেন। তারপরে বি, টি, এাকটে বংগীয় খাজনা আইনের সেকশন ৩১৭র মতে টেনান্টএর যে ডেফিনিশন রয়েছে তাতে ভাগচাষী প্রজানয় এই ব'লে বাখ্যা আছে—

unless admitted by his landlord by a document and held to be cultivated by himself or by members of his family or by hired labour.

তারপরে অন্যান্য জায়গায় তাদের সঙ্গে চুক্তি ক'রে নিচ্ছেন। তাকে মজুর বলে স্বীকার করে এগ্রিমেন্ট তৈরি করেন - যে জমি চাষ ক'রে আপনার কাছ থেকে টাকা নিলাম ধর্ন ১০ টাকা— সেই টাকা আমি থেটে শোধ করব। এইরকমভাবে দেখি যে সেই জমিগুলো খাস দখলে আছে। সেইজনা আমি এমেন্ডমেন্ট এনেছি যে, ইন হিজ খাস প্রজেশনএর জায়গায়—

"cultivated by himself or by members of his family or by hired labourers" এইটা রাখা হউক। ল্যান্ড রিফর্মস বিলে পার্সনাল কাল্টিভেশন ব'লে যে ব্যাখ্যা দেওরা হয়েছে সেই ব্যাখ্যায় আছে, যে ল্যোক নিজে চাষ করে, বা বাড়ির লোক চাষ করে বা মজত্বর রেখে চাষ করে সেই জিমি তার পার্সনাল কাল্টিভেশন বলে গণ্য হবে। আমি বলি সেখানে এইট্রকু পরিবর্তন কর্ন—খাস দখলে জিমি না বলে যে জিমি তার পার্সনাল কাল্টিভেশনে আছে, যে জমি সে নিজে চাষ করবে বা পরিবারবর্গ চাষ করবে বা মজত্বর রেখে চাষ করবে সেইট্রক রাখতে পারবে।

আর দ্বিতীয় এমেন্ডমেন্ট হচ্ছে হাট বাজার নিয়ে—হাট বাজার নিয়ে ধনঞ্জয় বাব্ যা বলে দিয়েছেন তা সত্য কথা। আমি জানি অনেক অনেক জমিদার এখন মিতাক্ষরায় আসতে চাইছেন। মিতাক্ষরা বললে হয় ত অনেকে ব্রুতে পারবেন না, মিতাক্ষরা হচ্ছে পৈত্রিক সম্পত্তি হ'লেই তার অংশীদার হন। আপনার যদি ছেলে জন্মাল সে আপনার সপ্যে অংশীদার হ'ল, তার পরে ছেলের ছেলে জন্মাল সেও অংশীদার হ'ল। এইরকমভাবে ছেলে জন্মালেই সে অংশীদার হ'ল এবং পার্টিশন স্ট রুজ্ব ক'রে দিয়ে প্রত্যেক অংশ ভাগ ক'রে নেয়। সেই অংশে তারা প্রত্যেকে যদি ২৫ একর ক'রে জমি রাখতে পারে তাহ'লে বহু জমি রাখতে পারে। এ থেকে গভর্নমেন্ট কিছুই পাবেন না। জমিদারদের ভাগে ৭৫ পার্সেন্ট মিতাক্ষরা আইনের শ্বারা হয়। আর মিতাক্ষরায় ঐভাবে প্রত্যেকটা নাতি, নাতনী প্রত্যেকে যদি ১৫ একর ক'রে রাখে তাহ'লে গভর্নমেন্ট কিছুই পাবেন না—এই খাস জমির মধ্যে কিছুই পাবেন না।

তারপরে হাট বাজার সম্বন্ধে বলি—এটাতে কি জমিদারের স্বার্থই কেবল দেখলেই হবে, বা ইন্টারমিডিয়ারির স্বার্থ দেখলেই হবে? তা না দেখে সাধারণের স্বার্থ কেন দেখছেন না তা বৃদ্ধি না। সাধারণের সপ্তেই ত হাট বাজারের সম্পর্ক। তারা রোজ হাট বাজার থেকে জিনিস কেনে, এবং প্রায় প্রত্যেক হাট থেকেই জিনিস না কিনলে তাদের সংসার চলে না। কিন্তু সেখানে অনেক অত্যাচার হয়। এই যে হাট বাজারের অত্যাচার তা তোলার জনাই করে থাকে। জমিদারগণ হাট বাজার 'লীজ আউট' ক'রে দেন, একজনকে বিলি করে দিলেন, নিজেরা এসে দৃদ্ধা দেখেন না—সেখানে কিভাবে যে তোলা আদায় হয় সেগ্লো কেউ লক্ষ্য করেন না; অথচ হাট বাজার না থাকলে পল্লীগ্রামের লোকের চলবে না, সেখানকার পক্ষে এটা অত্যাবশাক জিনিস।

তারপরে আমি নিজে দেখেছি যে, হাটে যে বিক্তি করছে তার কাছ থেকে তোলা আদায় করছে, আবার যে কিনছে তার কাছ থেকেও তোলা আদায় করছে। এবকম তোলা আদায় ঠিক নয়। ওঁরা বলবেন কিনা জানি না যে, হাট বদি গভর্নমেন্ট নিয়ে নেন তাহ লে থরচ বেশি হবে: কিন্তু হাটে তাঁদের কতকগ্রিল স্বিধা করে দিতে হয়, যাতে সাধারণের স্বিধা হয়। হাট সরকারের হাতে থাকলে লোক সে স্বিধা পায় বা পেতে পারে। তাতে অতাচার অত হ'তে পারবে না। তা ছাড়া হাটে অনেক সময় দেখা যায় বে, বসবার জায়গা নেই, অথচ জমিদারেরা সে সম্বন্ধে কছুই করেন না, কিন্তু তোলা ঠিকমত আদায় হয়। এতে লোকের উপর যে উৎপীড়ন হয় তা অনততঃ বন্ধ হবে। সেখানে জলের ব্যবস্থা নাই, স্যানিটারি ব্যবস্থাও কিছু নাই; সেসব সরকারের হাতে গোলে ব্যবস্থা হবে; রাস্তা তৈরি হবে এবং দেশ উন্নত হবে। এইসব দিক বিবেচনা করে বলছি হাটটা নেওয়া উচিত, তাতে খরচ বাড়্ক আর নাই বাড়্ক। এ সম্বন্ধে ইউ, পি, বাজেট থেকে কিছু বলতে চাই:—

"as the result of decision taken at the recent Congress session at Avadi the State and Central Governments now stand pledged to work for the establishment of a socialistic pattern of society where the principal means of production are under social ownership or control and production is progressively speeded up......"

Mr. Speaker: You can say all these things during the third reading.

## 8j. Jnanendra Kumar Chaudhury:

এর সপো বে সম্বন্ধ রয়েছে। এই খরচ হ'লেও সেটা করা উচিত, এই আমার ধারণা। তারপরে এ বার্ড হুইসপার্ড ইন মাই ইয়ার্স—যে ওরা বলবেন হাট বাজার রাখতে হ'লে অনেক খরচ হবে। আমি বলব ওয়েলফেয়ার স্টেটএর পক্ষে খরচ হবে ব'লে বাদ দেওয়া উচিত নয়। তারপর—

"the financial policy will now, therefore, have to be modified, some of its methods which were appropriate during a period of shortage and scarcity of commodities and in Reeping with the changed circumstances adopt means which will forcibly stimulate production, promote equitable distribution, bring about a rapid rise in the standard of living of the people".

আমি এইজনা বলছি যে, এই হাটগ্র্লির উন্নতির জনা হাট বাজারগ্র্লি সরকারের হাতে নিন। এটা যাতে তাদের হাতে না যায় সে বিষয়ে আমার এমেন্ডমেন্ট আছে।

[11-20-11-30 a.m.]

# Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় দ্পীকার মহাশয়, আমার এমেন্ডমেন্ট হচ্ছে এই যে দাজিনিং এলাকায় সমস্ত জমি ইন্টারমিডিয়ারিরা রাখতে পারবে এই কথা বলা হয়েছে, তারপরে আবার বলা হচ্ছে,

"or any part thereof as may be chosen by him".

এটার কোন আবশ্যকতা আছে বলে আমি মনে করি না, কারণ সমস্ত জমি যখন সে রাখবে তখন তার ভেতর থেকে কোনটা সে বাদ দেবে না দেবে সেটা তার ইচ্ছার উপর নির্ভার করে। সে যদি সমস্ত রাখবার দরকার মনে করে তাহ'লে সমস্তই রাখবে, যদি না রাখার প্রয়োজন মনে করে তাহ'লে সে কিছু বিক্রী করে দিতে পারে, দান করতে পারে, খয়রাতি করতে পারে, বা গভর্নমেন্টকে ছেড়ে দিতে পারে। এক্ষেত্রে,

"or any part thereof as may be chosen by him".

এ কথাটার কোন আবশাকতা আছে বলে আমি মনে করি না।

তারপরে যদি মন্দ্রী মহাশয় মনে করেন যে, অধিকন্তু ন দোষায়, তাহ'লে ঠিক তেমন করে সর্বাং অত্যানতং গহিতিম এটাও তাঁর মনে রাথা দরকার। অনাবশ্যক কথাগ্রনি বাদ দেওয়ার জন্য আমি বলেছি যে, এই পোর্সানটা অর এনি থেকে বাই হিম পর্যান্ত বাদ দেওয়া ছোক।

## Sj. Hemanta Kumar Basu:

ম্প্রীকার মহোদয়, আমরা জানি আইন সবক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য হবে। বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক সমস্যার সমাধান বহু দুরে। সেকেন্ড ফাইভ-ইয়ার স্ল্যানে যেখানে ১০ লক্ষেব উপর বেকার রয়েছে সেখানে মাত্র 8॥ লক্ষ লোকের বেকারসমস্যার সমাধান হবে বলে পরিকল্পিত হচ্ছে। আজকে বাংলাদেশে যে লক্ষ্ণ ভাগচাষী এবং ভূমিহীন চাষী রয়েছে তাদের অর্থনৈতিক উন্নতির কোন পরিকল্পনা, কি তাদের ভবিষাতের জনা কোন পরিকল্পনা গ্রহণ কবা হচ্ছে না। আজকে দার্জিলিংএর ব্যাপারে সেখানকার ইন্টার্মাডিয়ারিদের স্বার্থ দেখা হচ্ছে। ইন্টার্রমিডিয়ারিদের বর্তমান অবস্থা কিছুটা ভাল সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু ষাদের ভাল অবস্থা তারা ষাতে ভাল থাকে সেদিকে নজর দেওয়া হচ্ছে অথচ যারা অত্যাধিক গরীব, যারা শোষিত, যাদের দূটে বেলা পরিশ্রম করে অল্ল জোটে না তাদের দিকে কোন দুলিট দেওয়া হচ্ছে না। সেদিক থেকে দাজিলিংএ যেমন অনুবার জমি আছে বাংলাদেশের অনুক জ্বায়গায় সেইরকম অন্বর্বর জমি আছে কিন্তু সেইসব জায়গাকে বাদ দেওয়া হয় নি, অথচ দার্জিলিংটাকে বাদ দেওয়া হয়েছে। সেই সমস্ত জমি যদি আমরা পাই তাহ'লে সেগুলি আমরা ভাগচায়ীদের মধ্যে, ভূমিহীন চাষীর মধ্যে যাদের একদম জুমি নেই তাদের মধ্যে বিতরণ করতে পারি। তারা র্যাদ ২।🗗 বিঘা জাম পায় বা ৪।৫ বিঘা জাম পায় তাহ'লেপরে তাদের সংসার পরি-চালনার পক্ষে, নিজেদের উর্মাত করার পক্ষে সেগালি অনেকথানি সহায়ক হবে সেবিষয়ে কোন সন্দেহ নেই। প্রধান মন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই জমিদারী এ্যাবলিশনের পরে বাংলাদেশের ৬ লক্ষ একর জমি মাত্র পাওয়া যাবে এবং আরও ১১ লক্ষ একর পতিত জমি থাকবে। যদি এই সমস্ত জমি আমরা জমিদারদের হাতে রাখি, যদি দেবতার করে রাখি তাদের হাতে তাহ'লে যাদের মাধায় তেল রয়েছে তাদের মাথায় বেশি করে তেল দেওয়া হবে, কিল্টু যাদের মাথায় একদম তেল নেই তাদের মাথার জন্য কিছাই ব্যবস্থা করা হবে না। কাজেই যদি ১২ লক্ষ পরিবার বে ভাগচার্যা, ভূমিহীন চাষী রয়েছে তাদের ৬ লক্ষ আর ১১ লক্ষ একর জমি ভাগ করে দিতে চাই তাহলে অন্ততঃ ১॥ একর করে তারা পাবে। তা ছাড়া দান্ধিলিংএর যে জমি আছে তা যদি আমরা নিই তাহ'লে ৩।৪ হাজার একর জমি পাব। সে জমি আমাদের নিতে হবে, ছেডে দিলে হবে না। তাতে অন্ততঃ র্যাদ ১০ বিঘা করে আমরা ৩০০ লোককে দিতে পারি এবং ২০ বিঘা करत ১৫০ लाकरक मिर्फ भारित छार ला छा कम रूटन ना। कास्कर रामिक मिरत अल्पिकेन একুইজিশন এ্যাকটো সাধারণ চাষীদের মধ্যে, ভাগচাষীদের মধ্যে একটা আশা জেগেছিল। কিন্তু

আমরা দেখছি তাদের দিকে কোন দৃষ্টিই দেওয়া হচ্ছে না, তাদের উল্লতির কোন ব্যবস্থাও করা হচ্চে না। তারা বে অন্ধকারে আছে সেই অন্ধকারেই পড়ে থাকবে। কাজেই অনুর্বর জমি তোক সে জামর পরিমাণ কম নর। সেইজনা এস্টেট্স একইজিশন এট্রে যখন প্রথম আনা হয় তখন আমি এ কথা বলেছিলাম যে বাংলাদেশের জমিসমস্যার যদি সমাধান করতে হয় যদি ভূমিহান ভাগচাষীকে ভূমি দিতে হন্ন তাহ'লে এসমসত ইন্টারমিডিয়ারি, যাদের জীবিকার অন্য ব্যবস্থা আছে, যাদের কলকারখানা বা অন্য কারবার টারবার আছে, তাদের জমি দেওয়া উচিত নয়। তাহ'লে সেই সমসত জমিগ্রিল আমরা পেতাম কিল্ড দুঃখের বিষয় এস্টেটস এক্ইজিশন शाकरहे मतकादात मृष्टि मिन्टिक त्नरे। मिरेकना याजाद आरेन आना रहाहिन, य উल्प्रा আইন আনা হয়েছিল, সেই উদ্দেশামূলক আইন কার্যকরী করা হচ্ছে না। এই এমেন্ডমেন্টের ন্বারা তারা আরও সুখেসুবিধা পাবে, তাদের আরও সুখেনাচ্ছন্দোর বাবস্থা করে দেওয়া হচ্ছে। কাজেই দার্জিলিংএর সেই সমুহত জুমি যদি আমরা পাই তাতে বাহত্বিকই দুঃখ দারিদ্রপূর্ণ কৃষক যারা আছে তারা যদি ১ বিঘা ২ বিঘা—১ একর ২ একর জমি পায় তাহ'লে তাদের কিছু স্থেস্বিধা হতে পারে, তাদের কিছুটা উপকার হতে পারে। কিন্তু সেই সমস্ত জুমি থেকে তারা বঞ্চিত হচ্ছে। কাজেই সেদিক থেকে আমার এমেন্ডমেন্ট হচ্ছে এস্টেটস একুইজিশন এ্যাক্ট অন্সারে ২৫ একর করে যেমন জমির ব্যবস্থা করা হয়েছে, সেখানে যেমন উর্বরতা, অনুর্বরতাব প্রশ্ন তোলা হয় নি, ঠিক তেমন করে দাজিলিংএর জমিগ্রলিও ছেড়ে দেওয়া উঠিত নয়, কারণ এতে এই সমস্ত গরীব লোকের জীবিকার পথ হতে পারে। কাজেই এই আইনের মধে যে ২৫ একর क्षीय त्राथात कथा वला इरहार्ष्ट स्मिनक त्थरक स्मिट २६ এकत क्षीय ना रतरथ यार्ट स्म कीय निरह অন্ততঃ কিছু লোককে দেওয়া হয় সেইজনাই আমি আমার সংশোধনী প্রস্তাবটা দিচ্ছি।

## 8j. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার ২৮ এবং ৩৫ নন্বর যে এমেন্ডমেন্ট ছিল তা আমি মৃত্
করছি না, কারণ আমার বন্ধু স্থার বাব্ ঐরকমই প্রস্তাব এনেছেন। সেজনা আমি সেটাকে
সমর্থন করছি। আমার বন্ধুর হছে আমাদের রাজস্বমন্ত্রী নাকে কাদেন জমি নেই। ৩৩ একর
না করে ২৫ একর করলেন, আরও কমাতে পারলেই ভাল হ'ত। কিন্তু হঠাৎ কেন যে তিনি
দানসাগর হয়ে গেলেন তা ব্যুবতে পাছি না। দাজিলিংএর কথা বলছি। দাজিলিংএর যেসমস্ত
হিলি জমি আছে সেখানে নাকি অন্প ফসল হয়। কিন্তু দাজিলিংএর হাওয়া ভাল এবং হাওয়া
খেরেই সেখানে লোকে স্বাস্থা ভাল করতে পারে। ফ্লকণিপ আগে দাজিলিংএই উঠে তার
এক ইণ্ডি কপির দাম ১॥ টাকা। দাজিলিংএ আল্র সিড হয় প্রচ্ব পরিমাণে এবং তা অতান্ত
বোশ দামে বিক্রয় হয়। সে হিসাবে দাজিলিংএর জমির দাম কোন প্রকারেই কম হতে পারে না।
ইহা বাজে অজ্হাত। ঐ জমিতে ধান চাষ হয় না বলে চাষের জমি নয় বলা য্তিস্ত নয়।
ক্রিচ খেতে দেওয়া হয়েছে বলে সেখানে 'অয়াভাব' এ কথা বলা ব্যাকরণ-শ্রুধ হতে পারে. কিন্তু
যাজির কথা নয়।

## [11-30-11-40 a.m.]

আমি বিশেষ করে এ বিষয়ে বিবেচনা করতে বলি। তিনি বলেছেন এই ব্যাপার মাত্র ৩.৫২৬ একরের ব্যাপার। এত জিনিস নিয়ে যে তিনি মাথা ঘামাচ্ছেন সেজন্য তাঁকে ধন্যবাদ দিই। আমি বিল তাঁর একটা স্নাম থাকত যদি এই আইনটা ভালভাবে করতে পারতেন। তিনি তো ইতিহাস-প্রসিম্প মুর্শিদাবাদের নবাবের প্রাতন তকতে বসে ফারমান জারী করছেন বাংলাদেশ হতে জমিদারী উচ্ছেদ হোক। আইনটা ভালভাবে করতে পারলে একটি স্নাম নিশ্চরই থাকত। দেশে কি অবস্থা হতে যাচ্ছে! তা কি তিনি ব্রুতে পারছেন না? তাতে যে সর্বনাশ হয়ে যাবে। রিপ্রেজেন্টেশন দিলেই তারা জমি ফেরত পাবে এটা একটা অম্ভূত ব্যাপার।

এবার আমি মালদহ জেলার আসি। কৃষি জমি ছাড়াও বহু জমি সেখানে আছে। সেখানে শত শত আমের বাগান আছে, ক্ষেই বাগান, আমবাগান থেকেই আয় হয় বেশি। কিন্তু এক-একজনের কি প্রকান্ড প্রকান্ড বাগান! তার এরিয়া কি বিরাট! আমাদের মাননীয় উপমন্দ্রী সৌরেন মিশ্র মহাশরের ঠাকুরদাদা এরকম লক্ষ আমগাছের বাগান করেছিলেন বার এরিয়া হাজার হাজার বিঘা নিরে। আজ অবশ্য সেটা নদীর ধ্বস ভেগ্গে অনেক ভেগ্গেচ্রে কমে এসেছে ক্ষিক্ত এখনও হাজার হাজার বিঘা তাদের আমবাগান ররেছে। আমি অবশ; সেই আমবাগানের আমগাছ কেটে ধানের চাব করতে বলছি না কিন্তু সেই আমের জমিই চাবীকে দিতে হবে। ক্যাক্তনেস সেই চাবীদের এই আমের জমি দিতে হবে।

(The Hon'ble Satyendra Kumar Basu: মালদহের আমসত্ত খেতে খুব ভালা)

र्दो, ভाল, किन्छु कर्छ लाक উচ্ছেদ হয়েছে, বহু চাষী তারজ্বন্য উচ্ছেদ না হলে যে সে আমসত মিষ্টি হয় না। যে জমিতে যত অত্যাচার হয়েছে, সেই জমিতে আম তত বেশি মিষ্ট হয়। যদি চা-বাগানে, আমবাগানে, ফলের বাগানে, পোলাট্র ডেয়ারি ইত্যাদি ব্যাপারে এত জামই ছেডে দেবেন তাহ'লে আর কি জমি হাতে থাকবে যে জমি বণ্টন করবেন? কোথা থেকে জমি আসবে? এড জমি এভাবে ছেড়ে রাখা ঠিক নয়! দাজিলিং এবং মালদদহের সকল জায়গায় যে বাবস্থা করছেন. এর্প অজন্মা ও অলপজন্মা অনেক স্থান আছে, তাই কেবল ঐ দূই স্থানের জনা কনসেশন করার কোন দরকার নাই। কৃষিজামি অপেক্ষা ফলের জমির আয় অনেক বেশি। মন্দ্রী মহাশয় ৬(এফ) ধারায় যে বাকম্থা করছেন তাতে মনে হচ্ছে যেন প্রোণো স্থাপ্রিম জেগে উঠেছে। অর্থাৎ ৫০ বছর আগে প্রতী যথন নববধ ছিলেন, তখন যে প্রতিশ্রুতি দির্মোছলেন, তার পর তা ভূলে গিয়ে স্থার মাখ দেখা পর্যন্ত বন্ধ করে দিয়েছিলেন এমন কি কোন কোন ক্ষেত্রে কথাও বন্ধ ছিল : আঞ্চ ৫০ বংসর পরে যথন তিনি বৃদ্ধা, তথন হঠাৎ তার প্রতি প্রোত্ণ প্রেম উথলে উঠছে দেখছি। জমি আটকে রাথবার জনা তিনি সেই স্তীকে আজ বলছেন, তোমার প্রেমে ও যদ্গে ম**ু**ণ্ধ হয়ে তোমায় যে জাম দিবার প্রতিশ্রতি দিয়েছিলাম, এখন তাহা দিতেছি। রিপ্রেজেন্টেশন দিলেই যদি জমি ফেরত পাওয়া যায় তাহ'লে যে মূল নীতিতে প্রণোদিত হয়ে এই আইন এনেছিলেন সেই শ্পিরিট থাকছে কোথায়<sup>্</sup> আগে যেখানে ৩৩ একর ছিল সেখান থেকে নেমে ২৫ একরে নেমে এসেছেন: তাবপরে হয় ত আমাদের ধারু থেয়ে ১৫ একর করবেন এরকম করে নামতে নামতে সব সমতল করে দিন!! আপনারা তাহ'লেই যে সোসিয়ালিস্ট প্যাটার্ন অফ সোসাইটির কথা বলেন সেটাকে বাস্তবে আনা যাবে।

#### Si. Sasabindu Bera:

মাননীয় স্পীকারমহাশয়, এই ক্লকে আমার আমেন্ডমেন্ট রয়েছে। প্রথম আমেন্ডমেন্ট ক্ল ৩(১)(এ) তুলে দিতে বলেছি। এ সম্বন্ধে সুবোধবাবু বলেছেন, অনেকেই কিছু কিছু বলেছেন। আমি তার প্নরাবৃত্তি না করে অন্য কিছু বলব। এই যে কুজ ৩(১)(এ) তাতে দাজিলিংএর যে কোন ইন্টার্নমিডিয়ারিকে যে কোন পরিমাণ জমি রাখবার ক্ষমতা দেওয়া হচ্ছে। এই সাব-কুজ ন্তন হচ্ছে এবং মূল আইনের সেকশন ৬(১)(ডি)-এর প্রভাইসোর বদলে এই সাব-কুজ বসানো হচ্ছে। এই প্রভাইসোতে ছিল যে, কেউই এগ্রিকালচারাল ল্যান্ড চার বছর চাযবাস না ক'রে রাখতে পারবে না। এখন এই যে পরিবর্তন সে সম্বন্ধে আলোচনা হচ্ছে এর একটা বিশেষ গরেত্র রয়েছে। এই যে পরিবর্তন, যেখানে ছিল চাষের জমি চাধ না করলে সেটা সরকার নিয়ে নিতে পারবেন তার স্থলে দান্তিলিংএ যত ইচ্ছা জমি রাথবার প্রতিশন দেওয়া হ'ল। এতে আগেকার যে প্রভিশন সেটা তুলে দেওয়ায় মারাত্মক ভূল হচ্ছে। এর ফলে চাষের জমি চাষ না করলেও সে জমি সরকার নিতে পারবেন না। অবশ্য এর পরে ল্যান্ড রিফ্মস বিল খাসছে: তাতে এই ব্যবস্থা হচ্ছে যে, চাষযোগ্য জমিকে দ্ব' বছরের বেশি কোন চাষ না करत रक्ता त्राथा यारव ना। এই वावन्था भरत आमरह। এवং এই आইনে कि वावन्था थाकरव না থাকবে তা এখনও অনিশ্চিত। ল্যান্ড রিফর্ম বিল পাস হওয়ার পূর্বে তাতে একটা প্রভিশন হবে এই আশা ক'রে স্টেট আ্যাকুইজিশন আক্র- যেটা অলর্রোড ইন ফোর্স তার একটা প্রভিশন উঠিয়ে দেওয়া আদৌ যুক্তিযুক্ত নয়। ল্যান্ড রিফর্ম বিল এর পরে আসবে। এন্সেটস আকুইজিশন আইএর এই প্রভাইসোটি তুলে দেওরার ফলে এই ল্যান্ড রিফর্ম বিল এফেক্টিড হওয়ার প্রে চাষের জমি চাষের কাজে ব্যবহৃত না ক'রে সেটা যদি ইন্টারমিডিয়ারি অন্য কোন কাজে ব্যবহার করে—যেমন ফিসারি প্রভৃতি অন্য কোন কিছুতে রুপার্ল্ডরিত করে—তাহ'লে **ठारवंद्र क्रीय अंद्रकारद्रद्र निरंद्र निरंद्र स्ना अंदर्य हिंद्र अंद्रिया क्रिक राम अंद्रिया थाकर्ष्ट्र ना।** ল্যান্ড রিফর্মস আইনে একটা অন্ব্রূপ প্রতিশন কার্যকরী হওরার পূর্বে এই প্রভাই**লোটি** 

তলে দেওরা হ'লে লোকে চাষের জমি অন্যভাবে রূপাশ্তরিত করবে। এবং মূল আইনের ৬(১) ধারায় এই পরিবর্তনের সংযোগ পাবে। এই ল্যান্ড রিফর্ম বিল এফেক্টিভ হওয়া পর্যন্ত **এই যে চার বছর জমি চাষ না করলে তা সরকার নিয়ে নিতে পারবেন এই ব্যবস্থা ৰলবং** রাখা উচিত ছিল। বরং এই ল্যান্ড রিফর্ম বিলের সপ্পে কনফর্ম ক'রে সেই চার বছরকে দু' वहत कतरम जाम र'ज व'रम भरत रक्ष्म এইর প ফাঁক রাখায় সরকারের উদ্দেশ্য যে কি জা ব্রিঝ না। আমরা দেখলাম প্রশেনান্তরে হাটবাজার নোটিফিকেশন ক'রে দিয়ে দিলেন ইন্টার-মিডিয়ারিকে। এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টে হাটবাজার নিয়ে নেওয়ার স্পন্ট ব্যবস্থা আছে। আমরা জানতাম এই হাটবাজার থেকে সরকার কিছ্ব টাকা আয় পাবেন। মন্দ্রিমহাশয় আমাদের কৈফিয়ং দিলেন ৬(বি)(সি)তে হাটবাজার ছেডে দেওয়া হচ্ছে। আইনে ৬(বি) ও (সি)-তে যে ফাঁক আছে সেই ফাঁকের সুযোগে সরকার ইন্টারমিডিয়ারিদের স্ববিধা ক'রে দিলেন। আজও এই যে ফাঁকের ব্যবস্থা করা হচ্ছে তার মাধ্যমে ল্যান্ড রিফর্ম বিল কার্যকিরী হওয়ার পূর্বে এগ্রিকালচারাল ল্যান্ডকে অনাভাবে রূপান্তরিত যাতে ইন্টার্রামডিয়ারিরা ক'রে রাখতে পারেন এখন তাদের এই সংযোগ দেবার জন্যই এরকম করছেন কি না আমি ব্রুবতে পাচ্ছি না। আমি যা বললাম এইভাবে এই ফাঁক সুভি করা উচিত নয় এবং মূল আইনের প্রোভাইসোটি বাদ দেওয়া উচিত নয়, সেটা রাখা উচিত। তারপর দার্জিলিংএর জীম সম্বন্ধে যে ব্যবস্থা তাতে আমার বস্তব্য হচ্ছে আগেকার মূল প্রভাইসো রাখা তো উচিত ছিলই, তা ছাড়া দাজিলিং এ ইন্টারমিডিয়ারিকে এত জমি দেওয়ার কোন ন্যায়সংগত কারণ থাকতে পারে না। এ সম্পর্কে বহু যুদ্ভিও দেখানো হয়েছে। আমার কথা হচ্ছে. একজন চার্যা নিজে সে যতথানি জমি চাষ করতে পারবে ততথানিই তার থাকা উচিত. এর বেশি তার থাকা উচিত নয়। চাষী কতথানি জমি চাষ করতে পারবে সেই মূল নীতির উপরই জমির পরিমাণ নির্ধারিত হবে। দার্জিলিং জেলায় চাষের অস্ক্রবিধা আছে, থাকলেও কোন কৃষককে ২৫ একরের বেশি জমি দেওয়া ঠিক নয়, কারণ ২৫ একর জমিই একজনের পক্ষে বেশি। এর বেশি চাষও করা তার একার পক্ষে সম্ভব নয়। সেখানে আপনারা সেকশন ৬(ডি)-তে

agricultural land in khas possession not exceeding 25 acres as may be chosen ইত্যাদি যা বলছেন তাই যথেণ্ট অর্থাং ইন্টার্মিডিয়ারির পছন্দমত ২৫ একর জাম ভাল ফসল হয় এমন জাম থাকলেই যথেণ্ট। এখন তাঁর চয়েস মত ২৫ একর জামই তিনি চায় করতে পারবেন বলৈ মনে হয় না। আমাদের এই কম জাম ও বেশি কৃষকের দেশে কোথাও একজনকে এত জাম ছেড়ে দেওয়ার ব্যবস্থা করা অন্যায়। স্ত্তরাং দাজিলিংএ ইন্টার্মিডিয়ারিরা যত ইচ্ছা জাম রাথতে পারবে এরকম ব্যবস্থা রাখা উচিত নয়। সেজন্যই আমার এই আমেন্ডমেন্ট। । 11-40—11-50 a.m.]

এই হচ্ছে ১৫নং আমেন্ডমেন্ট। নেক্স্ট আমেন্ডমেন্ট হচ্ছে ২৯নং। আমি এখানে কুজ্ত ৩(১)(এ)-এর পর আর একটা আইটেম যোগ করতে চাইছি। এটা আমেন্ডিং বিল। অন্য আমেন্ডমেন্টএর কনসিকোয়েন্স হিসাবেই আমার এই আমেন্ডমেন্ট, কারণ মূল আইনের ৬(১)-তে আছে—

clause 6(1).—Notwithstanding anything contained in sections 4 and 5, an intermediary shall, except in the cases mentioned in the proviso to subsection (2) but subject to the other provisions of that sub-section, be entitled to retain..."

কিন্তু আপনারা এখানে একটা নৃত্ন সাবসেকশন ইনকুড় করছেন প্রপোজড সাব-সেকশন (৩)তে— "subject to that sub-section also the intermediary will be entitled to retain land"

সেজনা আমি বলছি-

"Subject to other provisions of the sub-section"

<sup>&</sup>quot;and also to the provisions of sub-section (3)"

এই কথাগ্নিল বসান দরকার। প্রোপোজ্জ্ সাব-সেকসন (৩) বে রেম্ম্রিক্সন ইমপোজ করছে সেটা লক্ষ্য করা দরকার। এটা স্পন্ট করা উচিত যে

"intermediary will retain land that will be also subject to the provisions of sub-section (3)—the newly imported sub-section"

এই অ্যামেন্ডমেন্টটি অত্যাবশ্যক ব'লে আমার মনে হয়। যে নীতির উপর আমরা এই বিল আলোচনা করছি, এই আ্যামেন্ডমেন্ট সেই নীতিগত প্রশ্নে নয়। সরকার পক্ষ থেকে সংশোধনী এসেছে, এই অ্যামেন্ডমেন্ট তারই কর্নাসকোরেন্সিয়াল হিসাবে—এটা গ্রহণ করা উচিত ব'লেই মনেকরি। এর পরে আমার অ্যামেন্ডমেন্ট নং ২৯এ। সেকশন ৬(১)(সি)-তে প্রভাইসো রয়েছে যে,—

"Provided that the total area of land retained by an intermediary under clauses (a) and (c) shall not exceed twenty acres"

আমার আমেন্ডমেন্টে এই (এ) অ্যান্ড (সি)-এর সংগ্রা (বি)-টাও যোগ ক'রে দিতে চাচ্ছি এই বলে যে, সেখানে ২০ একরের যে লিমিট এই লিমিটএর মধ্যে অন্তত—

"land comprised in or appertaining to buildings and structures--"

এটাও এর মধ্যে প্রবেশ করিয়ে দেওয়া অত্যন্ত উচিত ব'লে মনে করি। কারণ ইন্টারমিডিয়ারিদের যে স্যোগস্বিধা দেওয়া হচ্ছে জমি রাথবার এত স্থোগ তাদের দেওয়া উচিত নয় ব'লে মনে করি। তারপর আমেন্ডমেন্ট নং ৩৩।

33 is a new amendment.

এখানে আমি মূল আইনের সেকশন ৬ ক্লজ (১) (ই)(এফ) আান্ড (জি) তুলে দেওয়ার কথা বলেছি। এখানে আমি অনেক কথাই শুনেছি- এটা আামেন্ডিং বিল—চেঞ্জড সারকামন্টানসেসের সঙ্গে, দেশের পরিবর্তিত অবস্থার সঙ্গে খাপ খাওয়ার জন্য বিলেরও পরিবর্তন হয়। কাজেই এই সংশোধনীর বিলের জন্য চিন্তিত হবার কারণ নেই ইত্যাদি। আমি এখানে একথা বলতে চাই যে, দেশের পরিবর্তিত অবস্থার সঙ্গে খাপ খাওয়ানোই যদি উদ্দেশ্য তাহ'লে মূল আইনের সেকশন ৬(১)-এর অধিকাংশ বাদ দেওয়া উচিত। মূল আইন যখন পাস হয়েছিল তখনকার অবস্থা থেকে এখন অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। আমাদের সরকার সোসিয়ালিজমএর পথে পা বাড়াবেন বলছেন। সোসিয়ালিজম প্রবর্তিত করাই যদি উদ্দেশ্য হয় তাহ'লে এখানে জমিদারদের যেসব অন্যায় স্যোগস্বিধা দেওয়া হছেছ তার প্রথমেই সঙ্কোচ করা উচিত। বিভিন্ন আইটেমএর নামে জমিদার ও ইন্টারমিডিয়ারিদের যেসব ল্যান্ড ছেড্ দেওয়া হয়েছে তা আর তাদের রাখতে দেওয়া মোটেই উচিত নয়। মূল আইনে সেকশন ৬(১)-(ই)(এফ) আনন্ড (জি) মারফং যে জমি ছেড্ দেওয়ার ব্যবস্থা ছিল সেটা বাতিল করবার জন্য এই সংশোধন প্রস্তাব। এবার আমার

amendment Nos 46,47—clause 3. sub-clause (2), proposed sub-section (3) তে আমি কিছু সংশোধন দিতে চাই। সেখানে রয়েছে মিল, ফ্যান্টার, ওআক'সপ এবং টি গার্ডেনি এই করেকটি ক্ষেত্রে ইন্টারমিডিয়ারিরা ঠিক প্রয়োজন অনুযায়ী লান্ড রাখতে পারবে, তার বেশি রাখতে পারবে না। এই যে মিল, ফ্যান্টার, ওআক'সপ ইত্যাদি সম্বন্ধে সরকার একটা রেসম্ভিকসন করেছেন সেটা ভালই করেছেন। কিন্তু এখানে আমার কথা হচ্ছে, এইসব উদ্দেশ্যে কতটা পর্যান্ত জাম রাখতে পারা যাবে তার সীমা যেমন কতকটা নির্দিণ্ট ক'রে দেওয়া হচ্ছে অর্থাৎ ফ্যান্টার, ওআক'সপ ইত্যাদির কাজের জন্য ঠিক যতট্বুকু দরকার ততট্বুকুই রাখা যাবে, ঠিক তেমানভাবে অরচার্ডা, ফিসারি, পোল্টি ফার্মিং, ডেয়ারি ইত্যাদির বেলায়ও একটা রেসট্টিকসন করা দরকার যাতে এই সকল উদ্দেশ্যেও ঠিক যতট্বুকু দরকার তার বেশি জাম কেউ না রাখতে পারেন। বিলে যে বাবন্ধ্য আছে তাতে ইন্টারমিডিয়ারিরা ট্যান্ক ফিসারি, অরচার্ড ইত্যাদির নাম করে বহু জাম, এমন কি এগ্রিকালচারাল ল্যান্ডও রেখে দিতে পারবেন। পোলিট্র ফার্মিং, লাইভ স্টক বিভিংএর নামেও এইভাবে বহু জাম রাখবার সনুযোগ তারা পাবেন।

Poultry farming, livestock breeding, mill factory, workshop, dairy

ইত্যাদির জন্য বাস্তবিক ষতটা জমি ব্যবহৃত হয় সেই জমি বাদে প্রয়োজনের অতিরিক্ত জয়ি

ৰা ফেলে রাখা হয় সর্বক্ষেত্রে সেসব জমি সরকার নিয়ে নিতে পারবেন এ বাবস্থা করাও অত্যন্ত দরকার। এইজনাই আমার সংশোধনী প্রস্তাব। এগর্নল অত্যন্ত ব্রক্তিসপ্গত প্রস্তাব। আশা করি, সরকার এগর্নল গ্রহণ করবেন।

## Sj. Subodh Choudhury: "

মাননীয় স্পীকারমহাশয়, আমি প্রথমে ৪২নং আনেন্ডমেন্ট সন্বন্ধে বলছি। এই ৪২নং আনেন্ডমেন্ট সাব্দেশ বলছি। এই ৪২নং আনেন্ডমেন্ট সাব্দেশ বলছি। এই ৪২নং আনেন্ডমেন্ট সাব্দেশ কান হয়েছে দেবান্তর দুইটি সন্বন্ধে বলতে চাই। প্রথম কথা হচ্ছে, এখানে সংশোধন আনা হয়েছে দেবান্তর সম্পত্তির নামে যে সমস্ত শ্লট আছে তার সপ্পে ইন্ডিভিজ্ব্যাল পার্সাপ্স ও হাটের উদ্দেশ্যে বিনা ধরচায় জমি রাখতে পারবে। বাকি যা জমি থাকবে তাই শৃধ্ নিতে পারবে। আমার আর একটা কথা আছে। সেটা হচ্ছে, এই যে এখানে বলা হয়েছে দেবান্তর সম্পত্তির নাম ক'রে জমি রেখে দিতে পারবে। এটা একটা সামন্ততান্দ্রিক প্রথা এবং এটা আজকের নয়, আবহমান কাল থেকে চ'লে আসছে। এইসব ধ্রিস্কতে যদি চ্যারিটেবল আদ্ভ রিলিজিয়াস পারপাসএর নামে যদি জমি ছেড়ে দেওয়া হয় তাহ'লে সেটা বন্ধ করার কোন অজ্বাত ভবিষাতেও হবে না। এই বিল আনার সময় মন্ট্রমহাশয় বলেছিলেন সমস্ত এগ্রিকালচারাল ল্যান্ডকে ইক্নমিক হোণিডংএ পরিণত করাই তাঁদের উদ্দেশ্য।

### [11-50-12 noon]

আমার মনে হয় এত জমি রেখে দেওয়ার কোন কারণ থাকতে পারে না। সমস্ত সম্পত্তি তাঁরা নিয়ে আস্ন এবং যদি প্রয়োজন হয়, তাদের যে ইনকাম, সেই ইনকামটা পারিপিচুয়াল আনের্রিটি হিসেবে তাদের যাতে দেওয়া হয় তার বাবস্থা কর্ন। তার জনা আমি মনে করি, এই পারপাসএ বিলের মধ্যে সেই বাবস্থা করা উচিত। তাহ'লে এই পার্সন ইনকুড করার কোন কারণ থাকতে পারে না। কারণ পার্সন ইনকুড করতে গেলে আমরা জানি বাংলাদেশের বহু জমিদার— এমন জমিদারের সংখ্যা কম নাই—যার নিজস্ব দেবোত্তর নাই, তাঁরা বহু পরিমাণ জাম এই দেবোত্তরের নাম করে রেখে দিতে পারবেন। এর দ্বারা দেবতা কতট্কু স্ববিধা পাবেন, সেক্থা আপনারা ভেবে দেখবেন। তা থেকে নিজেদের অপবায় করা, খরচ করা, যা চ'লে আসছে, তাই হ'তে থাকবে। সেই কারণে এটা উঠিয়ে দেওয়া উচিত।

তারপর ৩০ নম্বর আমেন্ডমেন্ট সম্বন্ধে অন্যান্য সদস্যেরা বলেছেন। আমি আর একটা কথা বলতে চাই এই মেছোঘেরী সম্বন্ধে। প্রথম যথন এই এস্টেটস অ্যাকুইজিশন অ্যান্ট পাস হয় তথন বহু, আবেদননিবেদন এই ট্যাৎক ফিসারির ডেফিনিশন সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের কাছে করা হয়েছে, সরকারের কাছে করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তার প্রতিকার তো হয় নাই, উপরন্ত যে আামেন্ডমেন্ট তাঁরা নিয়ে এসেছেন তাতে মেছোঘেরীর মধ্যে খালবিল যাতে ইনক্রডেড করা হয় তার জনা তাঁরা চেম্টা করছেন। এই যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি, আমাদের দু' বছরের যে এক্সপিরিয়েন্স হয়েছে, সেই অনুযায়ী যাতে ভাল করতে পারি, তার জন্য আমেন্ডমেন্ট নিয়ে এসেছি এই মেছোঘেরী সম্বন্ধে। তিন লক্ষ বিঘা জাম ২৪-পরগণা জেলায় রয়েছে। এ সম্বন্ধে সেটলমেন্ট রিপোর্টে যে তাদের টার্মস ভায়োলেট করছে সেটা দেখিয়ে দেওয়া সত্তেও তারা হিসেব অনুযায়ী জমি ছেড়ে দেয় নি এবং সরকারও কোন ব্যবস্থা করেন নাই। শুধু জমিদার-**एमत यार** वा: भक्छारव भ्वार्थ तक्का २८० भारत, स्मर्ट वावस्था जांता कतरहन। वा: लारम अनुरक् খালবিল বহু জায়গায় আছে : যেখানে নদীর কোর্স অনেক জায়গায় ঘুরে গেছে সেখানে তারা সেই নদীটা ভোগ করছে। উপরন্ত যেসব দু' হাজার, তিন হাজার বিঘার জলা জমি আছে তাও তারা ভোগ করছে। আমি এগুলো সরকারকে নিতে বলছি। তা না হলে প্রচুর পরিমাণ জমি এইভাবে জমিদাররা রাখতে পারবেন। ট্যাও্ক ফিসারি যদি করা হয়, তাহলে জমিদাররা ঢ্বকিয়ে দিয়ে বিরাট পরিমাণ চাষের জমি নন্ট করা হচ্ছে। এ সম্পর্কে সরকারের অবহিত হওয়া । তবার্ভ

## 8j. Saroj Roy:

মিস্টার স্পীকার, স্যার, আমার আামেন্ডমেন্ড হ'ল যেখানে এ'রা দিয়েছেন টি-গার্ডেন, স্থ্যাক্টরি, ওয়াক্সপ, মিল ইত্যাদি আমি সেখানে যোগ দিয়েছি—

"tea garden, orchard, tank fishery, mill factory or workshop and land used for the purpose of livestock breeding, poultry farming or dairy".

আর যেখানে তাঁরা বলেছেন.

"in the opinion of the State Government;"

সেটা তুলে দিয়ে আমি বলেছি "আজে ইজ আকচ্য়ালি ইউজড"। এদেশে জমিদারী উচ্ছেদ আইন পাস হবার পর এদেশের জমিদাররা যতরকম অনায় উপায়ে জমি রাখতে স্বা, করল তার মধাে একটি হ'ল এই টাাওক ফিসারি। সে সম্পর্কে অনেকেই বলেছেন, আমি আর বিশেষ কিছু বলব না। অনা আর একটি বিষয়ে বলছি জমিদাররা এই অরচার্ড এর নাম ক'রেও বহ্ জমি রাখছেন। এটা শ্র্ম নর্থ বেংগলের মালদহে হয়েছে, তা নয়: অনাানা জায়গায়ও তা হছে। একজন সভা একট্ম আগে ব'লে গেছেন, আমাদের ডেপ্টি মিনিস্টার সৌরীন মিশ্রমান্তাশয় যেখানে থাকেন সেখানে তার সংসারেও এই অরচার্ড এর নামে কয়েক হাজার বিঘা জমি রেখে দিয়েছেন। যেখানে এক লক্ষ গাছের বাগান বলে রেখেছেন সেখানে হয়তে। ৫০।৬০ হাজার গাছ আছে কি না সন্দেহ। অথচ বিরাট জমি ঘিরে রাখা হয়েছে বাগান ব'লে। মালদহে হাজার বিঘা জমিও বাগানের নামে রেখে দেওয়া হয়েছে। মালদহ ছাড়া মান্দিবাদ, নদীয়াযও অনেক বাগান আছে। কিল্কু এবার দেখা গেল মেদিনীপ্র জেলার বহা জায়গাতে তাঁরা অরচার্ড করে জমি রাখছেন। তাঁরা ছোট ছোট কলমের চারা নিয়ে ১২।১৪ হাও ফাঁক ফাঁক ক'রে লাগিয়েছেন বহা জায়গা নিয়ে। এইরকমভাবে গাছ লাগিয়ে তাঁরা বহা জনি ঘিনে রাখবার ব্যবস্থা করেছেন। সেইজনা এই অরচার্ড এর কথাটা বিবেচনা করতে বলছি।

আর একটা কথা তারা দিয়েছেন।

"in the opinion of the State Government;"

এই স্টোট গভর মেল্টএর যদি ওপিনিয়ন নিয়ে কাজ করতে হয় সেইজনা আমি যে সামগ্রিক-ভাবে আমেন্ডমেন্ট নিয়ে এসেছি) ভাতে পরিষ্কার ক'রে দেখা যাবে কি ক'রে জমিদার ও জোতদারদের সপক্ষে আরও বেশী জাম রাখতে পারবেন তার চেন্টা সববক্ষ এই স্টেট গভর্নমেন্ট করছেন। স্টেট গভর্মমেন্টএর ওপিনিয়নই হবে এই ওপিনিয়নটা স্টেট গভর্নমেন্ট ভবিষাতে এই মিল, ফার্ক্টরি, টি-গার্ডেন প্রভৃতিতে কি ক'রে তাঁরা আরও বহু, জায়গা রেখে দিবেন। কারণ এই আইনেই তাদের ওপিনিয়ন পরিন্কারভাবে বোঝা যাচেছ। যখন মূল বিল আনা হয়েছিল তথন একটা কথা মন্তিমহাশয় বলেছিলেন এই আইনকৈ খাব ভেনেচিন্তে ইমিপ্লিমেন্ট করা হবে যাতে উদ্বান্ত জমি বেশী বেরিয়ে আসে। কিন্তু আভা তিনি এমনভাবে ইমিপ্লিমেন্ট করতে যাচ্ছেন যাতে বেশী জাম বেরিয়ে যায় জাখদাব-জ্যোতদারদের হাতে। এই তো স্টেট গভন মেন্টএর ওপিনিয়ন। অবশা ল্যান্ড রিফমর্স বিল যেটা আসতে তাতে তিনি ভাল কথা বলেছেন যে, তাঁরা জমি ডিসার্ট্রিউট করবেন। কিন্তু কিভাবে সেই জমি ডিসার্ট্রিউট করবেন এবং করে করবেন তা বলেন নি। কিন্তু এই ডিস্ট্রিউশনএর পূরে যে নীতি তারা গ্রহণ করেছেন, যেভাবে তারা জাম বডলোকদের জন্য রাখতে আরম্ভ করেছেন, ভাতে উম্বান্ত জমি যা পাওয়ার সম্ভাবনা আছে, সেট,কও কি ক'রে জমিদারদের হাতে আরও বেশী করে রাখতে পারেন সেই জিনিসই আজকে তাঁদের পর্ম্বাতিতে পরিন্দারভাবে ফটে উঠেছে। এখানে একটা কথা মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিই। যদি আজকৈ গ্রামের ক্যকদের এক বিষাও জমি দিতে পারেন তাহ'লেও আজকে দীন, ভূমিহীন কুষকদের একটা নিম্নতম ভরসা, মিনিমাম সিকিউরিটি অফ লাইফ আপনারা দিতে পারবেন। কিন্ত সেদিকে নজর না দি**রে** প্রত্যেকটি ক্ষেত্রে তারা চেষ্টা করছেন কিভাবে আইন ইর্মাণ্লমেন্ট করে কিকরে আরও বেশী ন্ধমি জমিদার ও জোতদারদের তাঁরা দিতে পারেন। এই টাাণ্ক ফিসারি, অরচার্ড প্রভতির ম্বারাই অনেক জমি তাদের হাতে দিয়ে দিচ্ছেন। সহজেই একথা বলা চলে যে, বাংলাদেশের

ভিকাডেন্ট জমিদারদের রক্ষা করবার জন্য এই বিলে একটা হাঁনতম প্রচেন্টা হচ্ছে। এই রে জমিদারদের বিরুদ্ধে আজ বাংলাদেশে একটা তাঁর আন্দোলন চলছে, যার চাপে প'ড়ে সরকার যে বিলটা আনলেন, তাতে তাঁরা এই ভিকাডেন্ট জমিদারদের স্বার্থকে রক্ষা করবার চেন্টাই করছেন ও শেষ পর্যন্ত করবেন। তাঁরা যেভাবে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তাতে পরিন্দার দেখা যাছে তাঁদের একমাত্র লক্ষ্যা, একমাত্র দৃশ্লিট ফ্লান্স কি ক'রে জমিদারদের হাতে আরও বহু পরিমাণ জমি দিবেন। তাই আমি বলছি—

"in the opinion of the State Government;"

যে কথাগুলি তাঁরা বলেছেন সেই জায়গায় আমি "আ্যাজ ইজ অ্যাকচুয়ালি ইউজ্ড" কথাগুলি রাখতে বলছি। প্রকৃত প্রয়োজন হিসাবে জমি রাখাটাই যুল্তিসংগত কাজ হবে। তা না হ'লে মন্দ্রি-মহাশয়ের যে মতলব আছে মূল বিলে—কৃষকদের জমি দিবেন, মঞ্চল করবেন, তাঁর সে মহদুদ্দেশ্য বার্থ হয়ে যাবে এবং এটাই বোঝা যাবে যে, চাপে প'ড়ে এই বিল এনেছেন, কোন সং উদ্দেশ্য প্রকৃতপক্ষে নাই।

[12-12-10 p.m.]

#### 8j. Gangapada Kuar:

মাননীয় প্পীকারমহোদয়, সেকশন (৩)-তে দু'টা অ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি। একটা কুজ (এ) অমিট করতে বলা হয়েছে, আর একটায় কুজ (বি) অমিট করতে বলা হয়েছে। এই দু'টো অমিট করতে বলাছ এই কারণে যে, এই দু'টো ন্তন কুজ সামিবেন্তি ক'রে একদিকে যেমন জামিদার ও জাতদারদের প্রতি অশোভন পক্ষপাতিত্ব দেখানো হয়েছে, অপর দিকে তেমনি দরিদ্র ভূমিহীন কৃষকদের প্রতি চরম অবহেলা দেখানো হয়েছে। কুজ (এ)তে প্রাতন যে প্রভাইসো ছিল তার প্রদেল ন্তন প্রভাইসো দেওয়া হয়েছে। তার ফলে দেখাছ প্রাতন প্রভাইসোতে ছিল একাদিকমে চার বছর জাম পতিত থাকলে স্টেট গভর্নমেন্ট নিয়ে নেবেন। এখন তাকে উঠিয়ে দেওয়া হছে এবং ন্তন ধারায় এইরকম যে বিধান রাখা হছে তাতে সংগ্র ন্তন ক'রে ডিসক্রিমনেশন জোতদার ও জমিদারদের মধ্যে আনা হছে।

গতকাল মাননীয় মন্ত্রমহাশয় প্রথম পর্যায়ের সমালোচনার উত্তরে যে জবাব দিয়েছেন সেই জবাবের মধ্যে সারবস্তা খুঁজে পাই নি। তিনি বলেছেন সেখানে চাষবাসের অস্বিধা হয়। এবং যত জমিই থাক না কেন তাতে বিশেষ কোন লাভ হয় না। তিনি হিসাব দিয়েছেন যে, প্রায় ২৬৬ জন এই ধরণের মধাস্বত্বাধিকারী রয়েছেন।

Mr. Speaker: In Support of which of your amendment are you speaking?

#### Sj. Cangapada Kuar:

উনি যেসব কথা বলেছেন সেইসব একসংগ্য করে বলছি। উনি বলেছেন মাত ৬,৬৫০ একর জমি এই ২৫ একর হিসাবে দিলে তারা রাখবে, আর বাকি আমরা পাব ৩,৩৫০ একর। আর এটা গেলেও বিশেষ কিছ্ আসবে যাবে না। আমি জিল্পাসা করি, দার্জিলিংএ যেমন মধাবিওদের সমস্যা রয়েছে, সেখানে ভূমিহীন কৃষক বা অলপ জমির মালিক যারা সেইরকম কৃষকের সমস্যা আছে কি না। যদি সেখানে ভূমিহীন কৃষক থাকে বা সেখানে যদি অলপ জমির মালিক থাকে তা হ'লে তাদের অলপ জমি থাকার দর্ন বা জমি না থাকার দর্ন একই ধরনের অস্বিধা ভোগ করতে হচ্ছে। তা হ'লে তাদের কথা বিবেচনা করবেন না কেন? এই ২৫ একর করে হিসাব করে দিলেও যে ৩,৫০০ একর জমি বাকি থাকবে তা দ্ব্ একর করে যে সমস্ত চাষীর জমি তাদের যদি ধরা যায় এবং ভূমিহীনদের যদি ধরা যায়, তাহ'লে সেখানে প্রায় ১,৬৭৫ জন ভূমিহীন বা অলপ জমির মালিক বারা তাদের জমি দেওয়া যেতে পারে। তাহ'লে যে সমস্ত ছোট ছোট চাষী বা ভূমিহীন কৃষক রয়েছে তাদের কথা কেন চিন্তা করছেন না? সেইজনা আমাদের যথেণ্ট সন্দেহ জ্লেছে যে, এই গরীবদের প্রতিত তা নাই। তারাই আবার সোণ্টালিক্সএর নামে এইরকম

ভূরা সোশ্যালিজম প্রতিভিত করতে যাচ্ছেন; সত্তরাং এর যা নজির তা দার্জিলিংএই প্রমাণিত হচ্ছে।

[At this stage the read light was lit.] স্যার, আমাকে আর দু: মিনিট সময় দিতে হবে।

#### Mr. Speaker:

আর্পনি কোন অ্যামেন্ডমেন্টে বলছেন? ৩৭ তো হয়ে গেল।

#### Sj. Gangapada Kuar:

এখন ১৩-১৮ সম্বশ্ধে বলবার রয়েছে। এতে আরও কয়েকটা কথা বলার আছে। একই ইন্টার্রামিডয়ারির যদি দার্জিলিং এবং অনা জেলাতেও জমি থাকে, সেরকম জায়গায় এক জেলায় ২৫ একর এবং দার্জিলিংএ যত খাস জমি আছে সবই দখল করতে পারবে এইরকম যে আরেই বাবস্থা রয়েছে তাতে আমাদের যে সন্দেহ রয়েছে সে সম্পর্কে মন্দিরহাশয় নিরসন ক'রে দেখেন যে, আইনে ল্পাহোল থেকে যাছে কি না। সেখানে অন্য জেলার যে ইন্টার্মিডয়ারি তিনি এখানে সব জমি রাখতে পারছেন এবং তার সুযোগ নেবেন। এতে যথেক্ট ক্ষতি হবে।

তার পরে এই স্বিধা যদি দাজিলিংএর ইন্টারমিডিয়ারিদের দেওয়া হয়, তাহ'লে পশ্চিম-বাংলার অন্যান্য জায়গায় যেখানে প্রতি বছর ফসল হানি হয় অথবা যেখানে অনুর্বর পার্বত্য অঞ্চল রয়েছে সেখানেও ইন্টারমিডিয়ারিদের এইরকম স্বিধা দেওয়া দরকার। সেইজন্য এই যে ডিসজিমিনেশন এতে কেবলমায় মৃতিমেয় কয়েকজন ইন্টারমিডিয়ারির জন্য তাদেরই স্বিধা ক'রে দেওয়া হচ্ছে। কাজেই এটার আমি সমর্থন করি না।

আর একটা আমেন্ডমেন্ট আছে। কুজ (ডি) অমিট করতে বলা হয়েছে। আগেকার যে বিধান ভিল

where the intermediary is a corporation or an institution established exclusively for a religious or a charitable purpose or both.

এখানে সে জায়গায় "পার্সন" আনা হয়েছে। আমার অভিজ্ঞতা থেকে জানি যে ইন্টারমিডিয়ারিদের মধ্যে শতকরা ৮০ জনের এইরকম ধরনের কিছু না কিছু দেবোতর জমি আছে।
আমরা যদি উন্বান্ত জমি নিয়ে চাষীদের মধ্যে বন্টন করতে চাই, যদি ভূমিহীন চাষীদের
ভূমিগুলো দিতে চাই, তাহ লে তা কি ক'রে হ'তে পারে যদি এইভাবে বিভিন্ন ছিদ্র পথে
সমস্ত ইন্টারমিডিয়ারিদের যত খুশি জমি পেতে দেওয়া যায়? এটা আমি মোটেই সমীচীন
মনে করি না। আমরা দেবসেবা চাই, কিন্তু দেবসেবার সাথে সাম্প্রেলনেয়া যদি হয় তাহ লে
দিতে হবে। জনসেবা না হয়ে দেবসেবা চলবে তা উচিত নয়। যেখানে দেবসেবার বাবস্থা
থাকবে সেথানে কপোরেশন বা ইন্সাটিটিউশন বা মান্টএর মাধামে হয় এইটাই আমরা চাই।

সেইজন্য আমি দ,'টো ক্লব্জ আমট করবার জন্য মন্দ্রিমহাশয়কে অনুরোধ জানাচ্চি।

#### 8i. Natendra Nath Das:

মাননীয় স্পীকারমহাশয়, আমি ৩৮এ, ৩৮বি, এবং ৪২এ সবগ্রেলা অ্যামেন্ডমেন্ট সন্বন্ধে একসংপা বলতে চাই। অনেক কিছু প্রবিস্তবী বক্তায়া বলে গেছেন। আমি কয়েকটা ন্তন বিষয়ের প্রতি আপনার দ্বিট আকর্ষণ করতে চাই। সাবেকে ছিল রিলিজিয়াস অর চারিটেবল অর বোথ; আমি সে জায়গায় তার বিরুদ্ধে ছিলাম। কেন না, শাধ্র রিলিজিয়াস বললে অনেক ফাঁকিবাজি চলে; সেইজন্য চাই রিলিজিয়াস আন্ডে চারিটেবল থাক। রিলিজিয়াস আন্ড চারিটেবল বলায় যেটা রিলিজিয়াস সেটা শাধ্র রিলিজিয়াস নায় চ্যারিটেবলও যেন হয়। কেন না, রিলিজিয়াস বললে ঠাকুরের নাম করে সকলে ভাগ করে খাবে; কিল্ডু যদি গয়ীব দ্বংখীদের দেওয়া হয় তাহলৈ তার মানে হয়। সেইজনা বলছি রিলিজিয়াস বা চ্যারিটেবল পারপাস অর বেশাখ—এর জায়গায় "চ্যারিটেবল অর এ রিলিজিয়াস আন্ডে চ্যারিটেবল" করা হউক এই কথা বলচি।

আর একটি কথা, স্পীকারমহাশয়। যেটা প্র্বকতী বস্তা বলেছেন, যে, আমাদের দেশে ওনার্স ব'লে যেটা জ্বড়ে দেওয়া হছে সেটায় ফাঁক রয়েছে। ১৯৫৩ সাল থেকে হসতানতর হ'লে সেখানে ঠাকুরের নাম উল্লেখ করা হয় নি। ফাদার আদেড সান, হাসব্যান্ড অ্যান্ড ওয়াইফ, রাদার্স —এইরকমভাবে হয়েছে; ঠাকুরের নাম করা হয় নি। কাজেই ১৯৫৩ সালের আইনের ফাঁক দিয়ে বেরিয়ে যাবে। তা ছাড়া, আমাদের দেশে সিম্পদেবতা ও পারিবারিক দেবতা আছেন। সম্পদেবতার অনেক জায়গায় রেন্ট ফ্রি থাকে, কিন্তু পারিবারিক দেবতার রেন্ট ফ্রি থাকে না; এখন পারিবারিক দেবোত্তর রেন্ট ফ্রি করে দিছেছন। রেন্ট ফ্রি ছিল না, তাকে ন্তন করে রেন্ট ফ্রি আইনের বলে করে দিছেছন। এটায় মন্ত বড় সন্দেহ করবার জিনিস আছে। অনেকের রাতারাতি দেবতায় ভক্তি এসে গেছে। বহু লোক নান্তিক ছিল, সহসা তাদের দেবতার প্রতি শ্রম্থা এসে গেছে। ১৯৫৪ সালের আইন পাস হওয়ার পর বহু দেবতার স্টিট হয়েছে। ১৯৫৩ সালের যেগুলো রেন্ট্যক্ত ছিল সেগুলো রেন্ট ফ্রি হ'ল। সব তার ফাঁক দিয়ে হয়ে গেল। তার ভিতর পার্সনা যা আছে সেই পার্সনি তুলে দিয়ে সাবেক জিনিস রাখ্ন। রির্লিজিয়াস আন্ড চারিটেবল এইটাই করা হউক।

[12-10-12-20 p.m.]

#### Si. Tarapada Dey:

দ্পীকার, স্যার, **এই ধারাতে আরও বেশি** কারে মধ্যদ্বন্ধভোগীদের রিলিজিয়াস এবং চ্যারিটেবল পারপাসএ অনেক বেশি জমি দেওয়ার সন্ভাবনা কারে দেওয়া হয়েছে। আগে কপোরেশনএর কথা ছিল। সেইজন্য যাতে ব্যক্তিগতভাবে এই জমি নিজেদের স্বার্থে ব্যবহার করতে না পারেন সেইজন্য আমি আমার আমেন্ডমেন্টএ দিয়েছি:

without reservation of any pecuniary benefit to the person concerned. এটা আমি টোকাতে বলছি। আমি জানি, দেবোত্তর সম্পত্তির নামে বহু, জমি, প্রচুর জমি তাঁরা রেখে দিতে পারেন। বর্ধমান টাউনে বর্ধমানের মহারাজার এইরকম হাজার হাজার বিঘা জমি আছে। অনেক জমি এমনিভাবে তাঁরা পেয়ে যাবেন ব্যক্তিগত সম্পত্তি হিসাবে। অবশ্য বলতে পারেন. "এক্সকু, সিভলি" কথাটা ঢুকিয়ে দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে, আগে বোনা ফাইডি কালটিভেটর কথাটা যে ছিল সেই বোনা ফাইডি কথাটা নিয়ে বহু গোলমাল হয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে হাজারের মধে। ১৯৯টি ক্ষেত্রে জমির মালিকরা জমি পেয়েছে। তেমনিই এখানেও সেই গোলযোগ হবে। যাতে সেই অবস্থা আর না হয় সেজন্য আমি আমেন্ডমেন্ট দিয়েছি। আশা করি, মন্তিমহাশয় অনুগ্রহ করে সেটা গ্রহণ করবেন। যারা ভাগচার্যা, যারা বর্গাচার্যা, যাদের জাম নেই, তারা যাতে জাম পার সেদিকে আমাদের লক্ষা হওয়া উচিত। কিন্ত দেখা গিয়েছে প্রায় সন্দত বিলে তাদের জমি না দিয়ে যাতে ইন্টারমিডিয়ারিদের যত বেশি জমি দেওয়া যায় তার বাবস্থা করা হয়েছে। যারা মিলের মালিক, যারা টি-গার্ডেনএর মালিক, যাদের আয় লক্ষ্ণ লক্ষ্ণ টাকা, তারা থত খুশি জমি রাখতে পারেন, কোন বাধা নেই। এইরকম যদি হয় তাহ'লে সাধারণ কৃষকদের জমি দেবেন কোথা থেকে? তারপর যে ধারা রাখা হয়েছে রিলিভিয়াস আন্ডে চ্যারিটেবল পারপাসএর জনা তাতে এইভাবে বহু জমি ইন্টারমিডিয়ারিরা রাখতে পানবেন। বকেয়া আদায়ের সময় বাড়িয়ে দিয়েছেন, তার ফলে ৫০ পারসেন্ট আদায় করবার কথা ছিল সেটা ৮০ পারসেন্ট আদায় করবার ব্যবস্থা করে দিয়েছেন। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, তিনি বলোছলেন যে যদি ব্যাপক চাষী উচ্ছেদ হয়, বিশেষ করে বর্গাদার উচ্ছেদ হয়, যাদের কোন ডকুমেন্ট নাই, কিন্তু ২০।২৫ বছর ধরে চাষ করে আসছে তাদের ব্যবস্থা করবেন। দর্ভাগ্যের কথা, এই বাংলাদেশের রাজ্ঞর সচিব, তিনি বাংলাদেশের যে চাষীরা কোন ভক্মেন্ট বা র্সিদ না দিয়ে চাষ করে সেটা উনি জানেন না এবং তার জনা কোন আইনও আনলেন না। আর আইন আনলেন কোথায়, না জমিদারদের বাকি বকেয়া যাতে ভাল ক'রে আদায় করতে পারেন সেই বাবস্থা করে দিলেন। সেইজন্য আমি বলছি যে, ইন্টারমিডিয়ারিদের অনেক বাবস্থা উনি করেছেন, প্রচর ৰাবস্থা করেছেন। হোমস্টেডএর নামে, এগ্রিকালচারাল ল্যান্ডএর নামে, হাটবাজারের নামে, ব্রহ, জমি তাঁরা রাখতে পারবেন। তারপর আবার রিলিজিয়াস এক চ্যারিটেবল পারপাসএর নামে আরও বহু, জমি তারা রাখতে পরেবেন সেই ব্যবস্থা করেছেন। সেটা যাতে না হয় তার জনা আমার আমেন্ডমেন্ট রাখছি।

#### 8j. Madan Mohon Khan:

মাননীয় স্পীকারমহাশয়, আমি বলতে চাই আমে এই এস্টেটস আ্যুকুইজিশন আ্যুক্টা পাস হয়ে যাবার পর কলকাতাকে বাদ দেওয়া হয়েছিল ব'লে সেটা নিয়ে পেপার প্রভৃতিতে কয়েন্ট করা হয়েছিল। কিন্তু আজকে যখন দাজিলিং ডিশ্রিক্টাকৈ বাদ দেবার জন্য ব্যবস্থা হছে তখন কংগ্রেস পক্ষ থেকে কোন গোলমাল বা কোন পেপার কয়েন্ট কিছুই দেখছি না। আমি এটা বলতে চাচ্ছি যে, উনি হিল ট্রাক্টস, পার্বত্য দেশ হিসাবে দাজিলিংটাকে ছেড়ে দিছেন। কাজেই অপরাপর যে সমস্ত পার্বত্য দেশ আছে যেথানে জমির প্রোডাকশন গড়ে কম, সে সমস্ত অঞ্চলগ্র্লিকে কিছু কিছু করে ঐভাবে ছেড়ে দেবার ব্যবস্থা করা হ'ক। তারপর উনি আমবাগানগ্রিকে ছেড়ে দিছেন। আপনি বোধ হয় জানেন, মিয়্ম স্পীকার, আম থেকে গাঁড়ো আম তৈরি ক'রে বিদেশে চালান দেবার জন্য সরকার পরিকল্পনা করেছেন এবং তার জন্য প্রচুর টাকা খরচ ক'বে একটা যক্ত এখানে আনিয়েছেন। সেখানে আমি মনে করি, যেখানে কোন পরিকল্পনা থেকে আমাদের প্রচুর টাকা আয় হবে এবং রাজ্যে প্রচুর টাকা আসবে, সেখানে এই সমস্ত প্রচুর, হিউজ আমবাগানগ্রিল ছেড়ে দেওয়ার কোন কারণ থাকতে পারে না। সেইজন্য আমার মনে হয় যে, আমবাগানগ্রিল সরকার নিয়ে সেই আম থেকে গাঁড়ো আম তৈরি ক'রে বাইরে চালান দিয়ে প্রচুর টাকা আসতে পারে—একথাই আমি বলব।

#### Ej. Bibhuti Bhushon Chose:

